

#### HAND-BOOK

OF

### BENGALLI LITERATURE

PART I.

COMPILED

BY

MOHENDRA NATH BHATTACHARYA M.A.

## বাঙ্গালা

সামি ক্রিক্টান্ত্র ক্রিক্টান্ত্র প্রমাণ ক্রিক্টান্ত্র প্রমাণ বিভাগাণ বি

"কাব্য শাস্ত্র বিনোদেন কালো গচ্ছতি ধীমতামু"।

## কলিক্ৰাতা

কুফ্দাস পালের লেন নং ১ বাটাভে

हिरेडियी यर्

औरेकलामहस्य वत्मागंशांश कर्ज्क यूजिछ।

१ दि १६८

मूला ३) अक होका।

#### অশেষ গুণালক ত পরম শ্রদ্ধাসপদ

# প্রিয়ক্ত কুমার গিরীশচন্দ্র সিংছ বাছাহুর পরম শ্রদ্ধাম্পদেযু।

मामत मञ्जाबन शृंखकः विष्ठांशन मिमः

সম্পুতি বন্ধীয় কাব্য কানন ছইতে কয়েকটী কুমুম
সংগ্রহ করিয়া এই "সাহিত্য সংগ্রহ" প্রভূরপ হার
প্রভূন করিয়াছি। ইহার সম্বন্ধে অনেকে অনেক কথা
বলিবে, কিন্তু আপিনি আমার প্রতি যেরপ অরুত্রিম স্নেহ
প্র অকপট সোহার্দ্য ভাব প্রকাশ করিয়া থাকেন তাহাতে
আপনি যে ইহারে চিরকাল সমাদরে ধারণ করিবেন,
তাহাতে আমার অনুমাত্র সন্দেহ নাই। এই নিমিত্ত,
ইহারে আপনার কর কমলে সম্পূর্ণ করিলাম!

কলিকাতা ২১ কার্ত্তিক ১২৭৯।

নিয়ত শুভাকাজ্ফিণঃ শ্রীমহেন্দ্রনাথ শর্ম্মণঃ।

#### PREFACE.

In the following pages an attempt has been made for the first time in the history of our National Literature to present in one volume a systematised series of specimens from the writings of the principal Bengalli poets from the earliest times to the present day-from Bidyapati and Chandi Das to Ranglal and Michael The work commences with a brief account of the origin of the Bengalli Language and contains, besides a few specimens of the well-known Padas of the Dawn of our Vernacular Literature, extracts from Kirtibás, Kavikankan, Kássídás, Kaviranjan, Bhárat chandra, Madan mohan, Isswar Gupta, Ranga lall, Michael Madhusudan and others, together with biographical and critical notices of the lives and writings of these poets. In making these selections such passags were chiefly preferred as from their subject or style are suited to be read in schools or committed to memory.

A companion prose volume of the same size as this is now in the press and will be ere long before the public.

5th Nov 1872.

M. N. Bhattacharya.

#### কিজ্ঞাপন।

প্রধান প্রধান বাঙ্গালা কাব্যের সার সংগ্রহ করিয়া সাহিত্য সংগ্রহের প্রথম ভাগ প্রকাশিত হইল। ইহাতে বঙ্গভাষার উৎপত্তি, এবং বিদ্যাপতি, চণ্ডীদাস, কুত্তিবাস, करिकक्रण. का गीदांमणाम. त्रांमध्यमां प्राप्त. ভाরত हस्त मननत्रोहन उर्कालकांत्र, नेश्वंत्रहस्य शुक्ष, मोहरकल मधुरूपन मञ्ज, तक्षमान वत्मार्गभाशांश श्रकृष्ठि कविशालंत जीवन চরিত, কবিত্ব ও রচনা প্রণালী সক্তেমপে বর্ণিত হইয়াছে এবং প্রাচীন পদকর্ত্বগণ বিরচিত কয়েকট পদ ও রামায়ণ মহাভারত, চণ্ডীকারা, কবিরপ্রন বিদ্যাস্থান্তর, অন্নদামল্লন, वांगवन छ। हिज्ञा छा कत्र, श्रीमानी छेशांशान, कर्मा एनवी. মেঘনাদবধ, সন্তাবশতক, মিত্রবিলাপ প্রভৃতি কাব্যের সার সঙ্কলিত হইয়াছে। রামরসায়ন, নির্বাসিতের বিলাপ ও হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় ক্বত কবিতাবলী প্রভৃতি কাব্য হইতেও কতিপয় অংশ উদ্ধৃত করিয়া দিবার মানস ছিল; বাহুল্য কারণ আপাতত: ক্ষান্ত রহিলাম। যাহা হউক, এক্ষণে এই খানি পাঠ করিয়া যদি বান্ধালা কাব্যের প্রতি কাহারও কিঞ্চিৎ শ্রদ্ধা জন্মে তাহা হইলেই সংগ্রহকারের ममल अम मकल इहेरत।

কলিকাতা ২১ কার্ত্তিক ১২৭৯।

এমহেন্দ্রনাথ শর্মা।

# মাহতাসংগ্ৰহ।

# বঙ্গভাষার ইতিহাস।

বঙ্গভাষার মূলান্থসন্ধান করিতে হইলে বঙ্গদেশের বর্ত্তমান অধিবাদিগণ কোথা হইতে আগমন করিয়া এখানে অবস্থিত হন, তাহা অবগত
হওয়া আবশ্যক। আমাদিগের পূর্বপুরুষগণ
ভারত ভূমির আদিম নিবাসী ছিলেন না; তাঁহারা
দেশান্তর হইতে আগমনপূর্বক অত্তত্য অসভ্য
জাতিদিগকে নির্জিত ও নির্ব্বাদিত করেন এবং
ক্রমে ক্রমে হিমালয়ের দক্ষিণদিকস্থ সমস্ত ভূভাগ
আপনাদের হস্তগত করিয়া এখানে অবস্থিতি
করেন।

ইউরোপীয় শান্ধিকগণ অন্থুমান করেন, কি হিন্দু, কি পারসীক, কি গ্রীক, কি লাটিন, কি কেল্টিক,কি টিউটোনিক, কি লেটিক, কি সাবোনিক ইহার! সকলেই এক অভিন্ন মূল জাতি হইতে উৎপন্ন হইয়াছে। ফলতঃ এই সমস্ত বহুদূরস্থিত জাতির ভাষায় কতকগুলি এরপ সুসদৃশ শব্দ দেখিতে পাওয়া যায়, যে উহারা এককালে এক ভাষী ও একজাতি ছিল, এই অন্তমান আপনা হইতেই মনোমধ্যে উপস্থিত হয়। যে মূল জাতি হইতে এই সমস্ত ভিন্ন ভিন্ন জাতি উৎপন্ন হইয়াছে তাহা আধ্য নামে অভিহিত হইয়া থাকে।

আদিরাখণ্ডের লোকে ইউরোপখণ্ডে গিরা অধিবাদ করে এরপ একটা জনপ্রবাদ বহুকাল হইতে প্রচলিত হইরা আদিতেছে এবং গ্রীক ও রোমক ইতিহাদবেতাগণ দকলে একবাক্যে স্বীকার করেন যে, পৃর্বে বিত্তর অঞ্চল হইতে লোক-পুঞ্জ আদিরা গ্রীদ ও ইতালি দেশে অধিবাদ করে। হিন্দুদিগের বেদসংহিতাদি প্রাচীনতম শাস্ত্রপাঠে প্রতীয়মান হয়, তাঁহারা উত্তরাঞ্চলম্থ কোন শীতপ্রধান দেশ হইতে আগমন করিয়া দিয়্লুনদের তীরবর্তী প্রদেশে অবস্থান করেন; পরে তথা হইতে ক্রমশঃ পূর্বে ও দক্ষিণদিকে বিকীর্ণ

হন। পারসীকদিগের প্রাচীন ধর্মাশান্তে লিখিত আছে, যেখানে তাঁহাদের আদিম নিবাস ছিল, তথায় দশ মাস শীত হই মাস গ্রীয়া। অতএব বলিতে হইবে, ভাঁহারাও হিন্দুনিগের ন্যায় কোন হিমপ্রধান উত্তরপ্রদেশ হইতে আসিয়া পারস্তানে অধিবাস করেন। এই সকল কারণে, আসিরাখতের মধ্যস্থল আর্য্যবংশীরদিগের আদিম নিবাস বলিয়া অনুমিত হইয়াছে। অনেকে বিবেচনা করেন, আর্য্যগণ প্রথমতঃ কাম্বোজ ও বাহ্লিক দেশ সন্নিহিত তুষারাচ্ছন্ন পার্ব্বত্য প্রদেশে অধিবাস করিতেন। অনন্তর তথা হইতে বিনির্গত হইয়া নানা স্থানে প্রস্থানপূর্ব্বক ভিন্ন ভিন্ন জাতি হইয়া উঠিয়াছেন। কতকগুলি আদিম আবাস পরিত্যাগপৃর্বক পশ্চিম ও পশ্চিমোতরা-ভিমুখে গমন করিয়া আসিয়াখণ্ডের পশ্চিমভাগ ও ইউরোপথতের বহুবিস্কৃত ভূথও সমুদায় অধি-কার করেন, আর কতকগুলি দক্ষিণাভিমুখে আ-গমন পূর্বাক পারস্তান ও ভারতভূমি জয় করিয়া তথায় অধিবাস করেন।

কোন্ সময়ে যে ইদানীন্তন ইউরোপীয়দিগের

পূর্ব্ব পুরুষণণ হিন্দু ও পারদীকদিগের পূর্ব্বপুরুষ-দিগকে পরিত্যাগ করিয়া পশ্চিমাভিমুখে প্রস্থান করেন; আর কোন্ সময়েই বা পারস্তানীয় ও ভারতবর্ষীয় আর্য্যগণ আদিম আবাস পরিত্যাগ করিয়া দক্ষিণাভিমুখে আগমন পূর্বক পারস্তানে ও হিন্দুস্থানে প্রবিষ্ট ও উপনিবিষ্ট হন, তাহা নির্ণয় করা সুকঠিন। যাহা হউক, আর্য্যবংশীয় অপরাপর জাতি অপেশা পারদীকদের সহিত আমাদিগের পূর্ব্বপুরুষণণ অপেক্ষাকৃত অধিক দিন পর্যান্ত একত্র সংসৃষ্ট ছিলেন, তদ্বিষয়ে কোন সন্দেহ নাই। এীক ও রোমকদিগের প্রস্থানান্তর হিন্দু ও পারসীকদিগের পূর্ব্বতন পুরুষেরা আদিম আবাস পরিত্যাগ পূর্মক কাবুল ও পঞ্জাব প্রদেশে বহুকাল পর্যান্ত একত্র অবস্থিতি করেন;পরে ধর্ম-বিষয়ক মত ভেদ লইয়া তাঁহাদের মধ্যে ঘোরতর বিবাদ সমুপস্থিত হয় এবং সেই বিসম্বাদ নিবন্ধন তাঁহারা চিরকালের জন্য স্বতন্ত্র হইয়া পড়েন। এই বিরোধ প্রভাবে এক পক্ষ পারস্তানে প্রস্থান করিয়া পারসীক নাম প্রাপ্ত হন এবং অন্য পক্ষী-্য়েরা ভারতভূমির অভ্যন্তরে প্রবেশপূর্বক তথায় উপনিবিফ হইরা উত্তর কালে হিন্দু নামে বিখ্যাত হন। •

ঋথেদ সংহিতা পাঠে বোধ হয়, যৎকালে আর্ষ্যেরা ভারতবর্ষে প্রথম স্থাগমন করেন, তথন পবিত্রসলিলা স্রোতম্বতী সরস্বতী হিমালয় পর্ব্বত হইতে উপিত হইয়া দক্ষিণ সাগরে মিলিত হইত। কিন্তু মন্ত্ৰসংহিতা বিরচিত হইবার পূর্ব্বেই কোন নৈসর্গিক কারণ বশতঃ উহার গতির পরিবর্ত্তন হয় এবং পঞ্জাব প্রদেশের পূর্ব্ব প্রান্তবর্তী মরু-ভূমির অভিমুখে প্রবাহিত হইয়া ক্রমশঃ নিতান্ত मঙ্কীর্ণ হইয়া পড়ে। যদি উত্তর কালে ভারতবর্ষীয় ज़ुमर्भातत्र मित्रां के क्षेत्रिक स्ट्रील महत्रुकी निमेत्र, তিরোভাবের সময় নিরূপিত হয়, তাহা হইলে আধ্যিণ কোন্ সময়ে ভারতবর্ষে আগমন করেন এবং কোন সময়েই বা বেদভাষা সংস্কৃত ভাষায় পরিণত হইতে আরম্ভ হয় তাহাও অবধারিত হইতে পারিবে।

হিন্দু শব্দী সংস্কৃত নছে; এটা প্রাচীন পারসীক ভাষার অম্বর্গত। সংস্কৃত সংগ্রিকু ও সিকুর প্রাচীন পারসীক নাম হপ্তহেন্দু ও হেন্দু। এই নিমিত্ত বোধ হয়, সিকু হইতে হিন্দু শব্দ উৎপল্প হইয়াছে।

এক আদিম আর্য্যজাতি হইতে যেরূপ গ্রীক লাটিন, জর্মেন, ইংরাজ, রুষ, পারসীক ও হিন্দু প্রভৃতি ভিন্ন ভার জাতি উৎপন্ন হইয়াছে, তদ্ধপ এক আদিম আর্য্যভাষা ক্রমে ক্রমে পরিবর্ত্তিত ও রপান্তরিত হইয়া ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন ভিন্ন ভাষা উৎপাদন করিয়াছে। আধ্যবংশীয়দিগের আদিম আর্য্যভাষার পরিণামে গ্রীক, লাটিন, কেলটিক, টিউটোনিক, পারসীক ও বৈদিক প্রভৃতি কতকগুলি ভিন্ন ভিন্ন ভাষার সৃষ্টি হয়। আবার, এই শেষোক্ত ভাষাগুলির পরিণামে ইউরোপ ও আদিয়াখণ্ডের প্রায় যাবতীয় ইদানীন্তন প্রধান প্রধান ভাষা সমুৎপন্ন হইয়াছে। সাংসারিক অন্যান্য বিষয়ের ন্যায় মন্ত্র্যাদিগের ভাষারও নিয়ত পরিবর্ত্তন হইয়া থাকে এবং দেশবিশেষে রীতিবিশেষে রূপান্তরিত হওয়াতে কালসহকারে এক ভাষা হইতে ভিন্ন ভিন্ন ভাষার উৎপত্তি হয়। এইরূপে ভারত-বর্ষীয় আর্য্যদিগের আদিম বেদভাষা পরিবর্ত্তিত ছইয়া মন্ত্র ও বাল্মীকির সংস্কৃত ভাষায় পরিণত হয় এবং দেই সংস্কৃত ভাষার পরিণামে বুদ্ধদেবের সময়ে গাথা নামে একটা স্বতম্ভ ভাষার উৎপত্তি

হয়। অশোক রাজার রাজত্বকালে ঐ গাথা নামী ভাষা পালী নামে প্রধাত হয়। এই পালী ভাষায় বৌদ্ধদিগের ধর্মপুস্তকাদি লিখিত হইয়াছিল; তরিমিত্ত সিংহল দ্বীপে অদ্যাপি ইহার আলোচনা হইয়া থাকে। যৎকালে কবীনদ্র কালিদাস উজ্জ-য়িনী রাজের সভায় থাকিয়া নিকপ্ম কার্যনিচ্য রচনা দ্বারা নির্মাল যশোরাশি লাভ করেন, তখন ভারতবর্ষে প্রাক্তত, মাপধী, শৌরসেনী, পৈশাচী, মহারাক্রীয় প্রভৃতি অন্যুন দ্বাদশটা ভিন্ন ভিন্ন ভাষা প্রচলিত ছিল। ঐ সমস্ত ভাষার পরিণামে পঞ্জাবী, হিন্দি, দৈথিলী, বাঙ্গালা, উৎকল, তৈলঙ্গী, কর্ণাটী, দ্রাবিড়ী, মহারাক্রীয়, গুর্জ্জর প্রভৃতি ভারতবর্ষ প্রচলিত অধুনাতন ভাষাসমূহের উৎপত্তি হয়। অনেকে অমুমান করেন, প্রাক্তত ও মাগধী ভাষার পরিণামে, হিন্দিভাষা উৎপন্ন হয় এবং হিন্দির কিঞ্চিৎ রূপান্তর বশতঃ বাঙ্গালার সৃষ্টি হয়। বাস্তবিকও বাঙ্গালা ভাষার দর্মপ্রাচীন রচনাবলী পাঠ করিলে সকলেরই এরপ প্রতীতি হয়, যে পাঁচ ছয় শত বৎসর পূর্ব্বে হিন্দির সহিত বাঙ্গালার বিলক্ষণ সংস্তব ছিল।

# পদকর্ত্তাগণ।

কোন ভাগ্যবান জনের লেখনী হইতে বাঙ্গালা ভাষার দর্ম্ব প্রথম রচনা বিনির্গত হয়, তাহা আমরা নিশ্চয় বলিতে পারি না। কেছ কেছ বলেন, লাউদেনকুত মনসার গান বঙ্গভাষার আদি রচনা। এতদ্দেশে এক সময়ে মনসা দেবীর উপাসনার বহুল প্রচার ছিল এবং তাঁহার উদ্দেশে বন্ধ ভাষায় পদ্যময় স্তোত্ত রচিত হইয়াছিল, ইহা নিতান্ত অসম্ভাবিত নছে। সে যাহা হউক, বিদ্যাপতি বির্চিত পদাবলী অপেক্ষা প্রাচীন রচনা এপর্য্যন্ত আমাদের নয়নপথে পতিত হয় নাই। এই নিমিত, ইহাঁরেই আমন্ত্রা বন্ধ কবিকুলের আদিগুরু বলিয়া স্বীকার করি। ইনি এএীচৈতন্যদেবের পূর্বে আবিভূতি হইয়া পঞ্চগৌড় নামক স্থানের অধীশ্বর শ্রীশিব সিংছের রাজধানীতে থাকিয়া রাধাকুষ্ণ-লীলাবিষয়ে নানাবিধ সুমধুর পদাবলী রচনা করেন। নিম্নে বিদ্যাপতিক্বত কয়েকটা পদ উদ্ধৃত করা গেল।

এধনি কমলিনী শুনইত বাণী।
প্রেম করবি অব সুপুরুখ জানি॥
সুজনক প্রেম হেম সমতুল।
দাহিতে কনক দ্বিগুণ হয় মূল॥
টুটইতে নাহি টুটে প্রেম অস্তৃত।
বৈছনে বাঢ়ত মূনালক স্কৃত॥
সবক্ মতক্ষ যে মোতি নাহি মানি।
সকল কঠে নাহি কোকিল বাণী॥
সকল সময়ে নহে ঋতু বসন্ত।
সকল পুরুথ নারি নহে গুণবন্ত॥
ভণয়ে বিদ্যাপতি শুন বর নারী।
প্রেম করবি অব্ বুঝাই বিচারি॥

জীবন চাহি যৌবন বড় রক্ষ।
তবে যৌবন বড় সুপুরুথ সঙ্গ ॥
সুপুরুথ প্রেম কবলুঁ না ছাড়ি।
দিনে দিনে চাঁদ কলা সম বাড়ি ॥
তুলুঁ যৈছে নাগরী কালু রসবন্ত।
বড় পুন্যে রসবতী মিলে রসবন্ত।
তুলুঁ যদি কহসি করিয়ে অনুসঙ্গ।
চৌরি পিরিতি হয় লাখ গুণরঙ্গ।
সুপুরুথ এছন নাহি জগমার।
আার তাহে অনুরত বরজ সমাজ ॥
বিদ্যাপতি কহে ইথে নাহি লাজ।
রূপ গুণবতিকা ইহু বড় কাজ॥

পরিহরি সথি এ তেঁাছে পরণাম। হাম নাহি যাওব সো পিয়া ঠাম॥ বচন চাতুরি ছাম কছু নাছি জান।
ইন্দিত না বুঝিয়ে না জানিয়ে মান॥
সহচরি মেলি বনায়ত বেশ।
বান্ধিতে না জানিয়ে আপন কেশ॥
কভু নাছি শুনিয়ে সুরতকি বাত।
কেমনে মিলব মাধব সাথ॥
সোবর নাগর রসিক সুজান।
হাম অবলা অতি অম্প গেয়ান॥
বিদ্যাপতি কছে কি বোলব তোয়।
অবুকে মিলন সমুচিত হোয়॥

না জানি প্রেমরস নাহি রতি রজ।
কেমন মিলব হাম স্পুক্থ সজ।
তোঁহারি বচনে যদি করব পিরীত।
হাম শিশুমতি তাহে অপ্যশ ভীত॥
সথি হে হাম অবু কি বোলব তোর।
তা সঞ্জে রভসক বস্তু নাহি হোর॥
সোবর মাগর মব অনুরাগ।
পাঁচ শরে মদন মনোরথ জাগ॥
দরশে আলিক্ষন দেরব সোই।
জিউনিক স্বয়শ রাখব কোই॥
বিদ্যাপতি কহ মিছই ত্রাস।
শুনহ প্রিছে নহে তাকো বিলাস॥

শুন শুন এধনী বচন বিশেষ। আ জু হাম দেয়ব ভোঁহে উপদেশ॥ পহিলহি বৈঠবি শর্নক সীম। হেরইতে পিয়ামুখ মোড়বি গীম॥ পরশিতে ছুঁছ করে বারবি পানি।
মেনি রহবি পছুঁ কহইতে বাণী॥
যব হাম সোঁপব করে কর আপি।
আটিনি ধরবি উলটী মোহে কাঁপি॥
বিদ্যাপতি কহ ইহ রসঠাট।
কাম গুরু শিখারব পাঠ॥

শুন শুন মুগধিনী মুর্ উপদেশ।
হাম শিথায়ব চরিত বিশেষ॥
পহিলহি অলকাতিলক করি সাজ।
বিষ্কম লোচনে কাজর রাজ॥
যায়বি বসনে মাঁপি সব অজ।
দুরে রহবি জমু বাত বিভঙ্গ॥
সজনি পহিলহি নিয়ড়ে না যাবি।
কুটিল নয়নে ধনি মদন জাগাবি॥
মাঁপবি কুচ দরশায়বি কন।
দুচ করি বান্ধবি নীবিহু বন্ধ॥
মান করবি কছু রাথবি ভাব।
রাথবি রস জমু পুনঃ পুন আব॥
ভগয়ে বিদ্যাপতি প্রথমক ভাব।
যো গুণবন্ত সোই ফল পাব॥

অমুজা বদনি ধনি বচন কহসি ছসি।
অমিয়া বরিখে জনু শরদ পুণিমি শশী॥
অপরপ রূপ রমণি মনি।
ফাইতে পেথলু গজরাজ গমনি ধনি॥
সিংহ জিনিয়া মাঝারি ক্ষীণী।
তনু অতি কমলিনী॥

কুচ ছিরিফল ভয়ে ভাঙ্গিয়া পড়রে জনি। কাজরে রঞ্জিত বলি ধবল নয়ন বর। ভ্রমর ভুলল জনু বিমল কমলোপর॥ ভণয়ে বিদ্যাপতি সো বর নাগর। রাই রূপ হেরি গর গর অন্তর॥

যেখানে সতত বৈসে রসিক মুরারি।
সেথানে লিথিও মোর নাম তুই চারি॥
মোর অচ্ছের আভরণ দিছ পিয়া ঠাম।
জনম অবধি মোর এই পরণাম॥
নিজ্পণ গনইতে লিছে মোর নাম।
পিয়া মোর বিদগ্ধ বিহি ভেল বাম॥
নিচয়ে মরিব আমি সে কারু উদেশে।
অবসর জানি কিছু মাগিহ সন্দেশে॥
দিনে একবার পত্ঁ লিছে মোর নাম।
অফণ তুত্ঁ করে দিহে জল দান॥
বিদ্যাপতি বলে শুন বর নারী।
বিধর্য ধ্রচিতে মিলব মুরারি॥

শুন শুন মাধব কি কহব আন।
তুলনা দিতে নারি পিরীতি সমান॥
পুরবক ভানু যদি পশ্চিমে উদয়।
স্কুজনক পিরীতি কবহু দুর নয়॥
ক্ষিতিতলে লিথি যদি আকাশের তারা।
হুই হাতে দিঞ্জি যদি দিস্কুক বারা॥
ভণই বিদ্যাপতি শিবসিংহ রায়।
অনুগত জনেরে ছাড়িতে না জুয়ায়॥

বিদাপতির সমকালেই চ্ঞীদাস নামক আর এক জন কৰি জীৱাধানোবিন্দ কেলি বিদাদ শিষয়ক বহুতর পদাবলী রচনা করেন। তিনি বীরভূম জেলার অন্তঃপাতি নারুর আম নিবাদী ছিলেন। কথিত আছে, তিনি প্রথমে অতিশয় মুর্খ ছিলেন এবং দিবানিশি কেবল তামাক সেবন করিতেন। এক দিবস রাত্রিতে নিদ্রাভঙ্গের পর উঠিয়া তামাক খাবেন মনে করিলেন, কিন্তু কোথাও অগ্নি না পাইয়া যার পর নাই ব্যাকুল হইয়া উঠিলেন। পরে অগ্নির অন্বেষণে ক্রমে ক্রমে গ্রামের প্রান্ত ভাগে উপনীত হইয়া দেখিতে পাইলেন মাঠের मर्था नाज्ञ दात्र अशिष्ठी "राज्यनि" विभानाकी দেবীর মন্দিরের নিকট অগ্রি জ্বলিতেছে। তখন তিনি অগ্নিলাভের প্রত্যাশায় ক্রত বেগে সেই দিকে ধাবমান হইলেন; কিন্তু তথায় উপনীত হইয়া দেখি-লেন তিনি যাহা অগ্নি মনে করিয়াছিলেন বাস্ত-বিক তাহা অগ্নি নহে, দেবীর অঙ্গজ্যোতি অগ্নি রূপে চতুর্দ্দিকে বিকীণ হইতেছিল। তখন তিনি ভীতি সমন্বিত ভক্তিরসাভিষিক্ত স্বদয়ে দেবীরে প্রণাম করিলেন, দেবীও প্রসন্ন হইয়া ভাঁহারে বর

প্রদান করিয়া বলিলেন তোমারে আমি হুর্লভ কবিছ শক্তি প্রদান করিলাম, তুমি আমার প্রভুর বঙ্গলীলা বর্ণন কর। চণ্ডীদাস এই রূপে কবিশক্তি লাভ করিয়া বাটী প্রভ্যাগমন করিলেন এবং রাধারুষ্ণ লীলা বিষয়ক পদাবলী রচনা করিয়া অমরত্ব লাভ করিলেন। খ্রীচৈতন্য দেবের আবিভাবের পূর্বের চণ্ডীদাস মানবলীলা সম্বরণ করেন। অনুক্ত বচন পাঠে প্রভীতি হইবে চৈতন্য দেব বিদ্যাপতি ও চণ্ডীদাস উভয়েরই কৃত পদাবলী পাঠ করিয়াছিলেন।

"বিদ্যাপতি চণ্ডীদাস জয়দেবের গীত। আস্থাদেন রামানন্দ স্বরূপ সন্থিত"। নিমে চণ্ডীদাসক্ষত কয়েকটা পদ প্রাকৃটিত করা গোল।

যরের বাছিরে দণ্ডে শত বার তিলে তিলে আইসে যায়।
মন উচটিন নিঃশ্বাস সঘন কদন্থ কাদনে চায়॥
রাই এমন কেনে বা ছইল।
শুক্ত চুক্জন ভয় নাছি মন কোথা বা কি দেব পাইল।
সদাই চঞ্জন বসন অঞ্চল সন্থান নাছি করে।
বিস্থাকি থাকি উঠয়ে চমকি ভূষণ থসাঞা পরে॥
বয়সে কিশোরী রাজার বিয়ারি তাছে কুলবধূ বালা।
কিবা অভিলাবে বাচুয়ে লালসে না বুঝি তাছার ছলা॥

তাছার চরিতে ছেন বুঝি চিতে ছাত বাড়াইলচান্দে। চণ্ডীদাস কয় করি অনুনয় ঠেকেছে কালিয়া কাঁদে॥

রাধার কি ছইল অন্তরে বাধা।
বিসয়া বিরলে থাকরে একলে লা শুনে কাছার কুথা ॥
সদাই দেয়ানে চাছে মেহ পানে না চলে নয়নের তারা।
বিরতি আছারে রাজা বাস পরে যেমত যোগিনী পারা॥
এলাইরা বেণী ঝুলরে গাঁখনী দেখরে থসাঞা চুলি।
ছসিত বদনে চাছে মেহ পানে কি কছে ছুছাত তুলি॥
এক দিঠ করি ময়ুর ময়ুরী কণ্ঠ করে নিরীক্ষণে।
চণ্ডীদাস কর নব পরিচয় কালিয়া বন্ধুর সনে॥

সে যে মাগর গুণধাম।
ভপরে ভোঁছারি নাম।
ভনিতে ভোঁছারি নাম।
ভনিতে ভোঁছারি নাত।
পুলকে ভররে গাত॥
অবনত করি শির।
লোচনে খুররে নীর॥
যদি বা পুছরে বানী।
উলটি কররে পানে॥
কহিয়ে ভাছারি রীভে।
আন না বুঝিবে চিভে॥
বড়ু চণ্ডিদানে গার॥

সই কেবা শুনাইল শ্যাম দাম। কানের ভিডরে দিয়া মর্মে পশিল গো আফুল করিল মোর প্রাণ । না জানি কতেক বধু শাাম নাবে আছে গো বদনে ছাড়িতে নামে অবশ করিল গো কেমনে পাইব সই তারে॥ নাম পরতাপে যার প্রছন করিল অঙ্গের পরশ কিবা হয়। যেথানে বসতি তার নয়নে দেখিরা গো যুবতী ধরম কৈছে রয়॥ পাসরিতে মনে করি পাসরা না যায় গো কি করিব কিছবে উপায়। কহে দ্বিজ চঞ্জীনাসে কুলবতী কুল নাশে আপনার যেবিন যাচয়॥

হাম সে অবলা হাদয় অথলা ভাল মন্দ নাহি জানি।
বিরলে বসিয়া পটেতে লিখিয়া বিশাখা দেখাল আনি ॥
হরি হরি এমন কেনে বা হইল।
বিষম বড়বা জনল মাঝারে আমারে ভারিয়া দিল ॥
বরস কিশোর বেশ মনোহর অভি সুমধুর রূপ।
নরন যুগল করর শীতল বড়ই রসের হুপ।
নিজ পরিজন সে নহে আপন বচনে বিশ্বাস করি।
চাহিতে ভা পানে পশিল পরাণে বুক বিদরিয়া মরি॥
চাহি ছাড়াইতে ছাড়া নহে চিতে এখন করিব কি।
করে চণ্ডীদাসে শ্যাম নৰ স্বস্যে ঠেকিলা রাজার বি॥।

বরণ দেখিত্র শান্স, জিনিয়াত কোটী কান, বদন জিতল কোটা শাণী । ভাঙধনু ভঙ্গি ঠান, নয়ান কোণে পুরে বাণ, হাসিতে থসয়ে সুধারাশি ॥ সোই এমন সুন্দর বর কান।
হেরি সে মূরতি সভী ছাড়ে পাঁতি ত্যজি লাজ ভরমান।
এবড় কারিগরে কুন্দিল তাছারে প্রতিঅক্ষে মদনেরশরে।
যুবতী ধরম হৈর্ঘা ভুজক্ম দমন করিবার তরে॥
অতি সুশোভিত বক্ষ বিস্তারিত দেখিরু দর্পনাকার।
তাছার উপর মালা বিরাজিত কি দিব উপমা তার॥
নাভির উপরে লোমলতাবলি সাপিনী আকার শোতা।
ভুকর বলনি কামধুর জিনি ইক্রধনুক আভা।
চরণ নখরে বিধু বিরাজিত মনির মঞ্জির তার।
চত্তীদাসের হিরা সেরুপ দেখিয়া চঞ্চল হইরা ধার॥

বন্ধু সকলই আমার দোষ।
না জানিয়ে যদি করেছি পিরিতি কাহারে করিব রোঘ।
স্থার সমুদ্র সমুধে দেখিয়া আইনু আপন স্থা।
কেজানে থাইলে গরল হইবে পাইব এতেক চু:থে।
মো যদি জানিতাম অপ্প ইন্ধিতে তবে কি এমন করি।
জাতি কুল শীল মজিল সকল ঝুরিয়া ঝুরিয়া মরি।
অনেক আশার ভরসা মকক দেখিতে করিয়ে সাধ।
প্রথম পিরিতি তাহার নাহিক ত্রিভাগের আগের আধ।
যাহার লাগিয়া যে জন মরয়ে সেই যদি করে আনে।
চণ্ডীদানে কহে এমনি পিরিতি কররে শুজন সনে।

কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান।
অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন॥
রাতি কৈরু দিবস দিবস কৈরু রাতি।
বুঝিতে নারিত্র বঁধু তোমার পিরিতি॥
ঘর কৈরু বাহির বাহির কৈরু ঘর।
পর কৈরু আপন আপন কৈরু পর॥

বঁধু তুমি যদি মোরে নিদাকণ হও। মরিব তোমার আগে দাঁড়াইয়া রও॥ বাশুলি আদেশে দ্বিজ চণ্ডীদানে কয়। পরের লাগিয়া কি আপনা পর হয়॥

তোমারে বুঝাই বন্ধু তোমারে বুঝাই।

ডাকিয়া সুধায় মোরে ছেন জন নাই॥
অনুক্ষণ প্রাণে মোরে গপ্তায়ে সকলে।
নিশ্চয় জানিহ মুঞি ভক্মিমু গরলে॥
এছার পরাণে আর কিবা আছে সুধ।
মোর আগে দাঁড়াও ভোমার দেখিব চাঁদমুথ॥
থাইতে সোয়ান্থ নাই নাহি টুটে ভুক।
কে আর ব্যথিত আছে কারে কব হুংথ॥
চণ্ডীদানে কহে রাই ইহা না যুয়ায়।
পরের বোলে কেবা প্রাণ ছাড়িবারে চায়॥

বিষম বাঁশীর কথা কছলে না যায়।
ডাকদিয়া কুলবতী বাছির করায়॥
কেশে ধরি লৈয়া যায় শ্যামের নিকটে।
পিরাসে হরিণ যেন পড়য়ে সঙ্কটে।।
সতী ভুলে নিজ পতি মুনি ভুলে মেব।
শুনি পুলকিত হয় তক লভাগণ।।
কি হবে অবলা জাতি সহজে সরলা।
কহে চণ্ডীদাস সব মাটের গুকু কালা॥

ধিকরত জীবনে যে পরাধিনী জীরে তাহার অধিক ধিক পরবশ হয়ে।। অপাপ পরাণে বিধি এমতি লিখিল।
স্থার সাগর মোরে গরল হইল।।
অমিয়া বলিয়া যদি ডুব দিলু ভার।
গরল ভরিয়া কেন উঠিল হিয়ায়॥
শীতল বলিয়া যদি পাবাণ কৈলাম কোলে।
এদেহ অনল তাপে পাবাণ সে গলে॥
হায়া দেখি যাই যদি ভকলতা বনে।
জ্বলিয়া উঠয়ে ভকলতা পাতা সনে॥
যমুনার জলে যদি দিয়ে হাম ঝাঁপ।
পরাণ জুড়াবে কি অধিক উঠে তাপ॥
অভএব এছার পরাণ যাবে কিসে।
নিচয়ে ভখিমু মুঞি এ গরল বিষে॥
চণ্ডীদাসে বলে দৈবগতি নাহি জান।
দাকণ পিরিতি সেই ধরই পরাণ।

যত নিবারিয়ে তায় নিবার না যায় রে।
আন পথে যাই সে কালু পথে ধায় রে।
এছার রসনা মােরে হৈলা কি বাম রে।
যার নাম নাহি লই লয় তার নাম রে॥
এছার নামিকা মুঞি যত করি বন্ধ।
ততই দাকণ নামা পায় শাাম গন্ধ॥
শাাম কথা না শুনিব করি অনুমান।
পরসন্ধ শুনিতে আপনি যায় কান॥
ধিক রহু এছার ইন্দ্রিয় মাের সব।
সদা সে কালিয়া কালু কর অনুভব॥
কহে চত্তীদাম রাই ভাল ভাবে আছ়।
ননের মরম কথা কারে জানি পুছু॥

কাহারে কহিব চুধ কে বুঝে অন্তর।
বাহারে মরম কহি দে বাসরে পর॥
আগনা বলিতে বুঝিরু সে নাহিক সংসারে।
এতদিনে বুঝিলাম ভাবিয়া অন্তরে॥
মনের মরম কহি যুড়াবার তরে।
ছিগুণ আগুণ সেই জ্বালি দেয় মোরে॥
এতদিনে বুঝিলাম মনেতে ভাবিয়া।
এতিন ভুবনে নাহি আগনা বলিয়া॥
এদেশে না রব একা যাব দুরদেশে।
সেই সে যুক্তি কহে ছিজ চণ্ডীদানে॥

ধাতা কাতা বিধাতার বিধানে দিয়াছি ছাই।
জনম হৈতে একা কৈল দোসর দিলে নাই॥
নাদিলে রসিক মৃঢ় পুক্ষের সনে।
এমতি আছিল তার এপাপ বিধানে॥
যার লাগি প্রাণ বাঁচে তারে নাই দেখা।
এপাপ করমে মোর এমতি আছে লেখা॥
ঘর ভ্যারে আগুন দিয়া যাৰ দুরদেশে।
আারতি পুরিবে কহে কবি চণ্ডীদাসে॥

পিরিতি সুথের সাগার দেখিয়া নাছিতে নামিলাম তার নাছিয়া উঠিয়া কিরিয়া চাছিতে লাগিল ছুংথের বায়॥ কেবা নিরমিল প্রেম সরোবর নিরমল তার জল। ছুথের মকর ফিরে নিরস্তর প্রাণ করে টলমল॥ গুৰুজন জালা জলের শিহালা পড়সি জিয়ল মাছে। কুল পানিফল কাঁটারে সকল সলিল বেড়িরা আছে॥ কলঙ্ক পানায় সদা লাগে গায় ছাঁকিয়া থাইল যদি। জন্তর বাহির কুট কুট করে সুথে ছুংথ দিল বিধি।। কছে চন্ডীদাস শুদ বিনোদিনী সুখ চুখ চুটী ভাই। সুখের লাগিয়া যে করে পিরিভি চুঃখ যার ভার ঠাঞি।

কালার পিরিতি চন্দনের রীতি ঘসিতে সেরিভনর।
ঘসিয়া আনিয়া হিয়ার লইতে দহন দ্বিগুণ হয় ॥
পরশ পাথর বড়ই শীতল কহয়ে সকল লোকে।
মুঞি অভাগিনী লাগিল আগুনি পাইসু এতেক চুঃথে॥
নারুরের মাটে প্রামের হাটে বাশুলি আছয়ে যথা।
ভাঁহার আদেশে কহে চণ্ডীদাসে সুথ যে পাইব কোথা॥

আপনা খাইকু সোণাযে কিনিকু ভূষণে ভূষিত দেহ।
সোণা যে নছিল পিতল ছইল এমতি কাকুর লেছ।।
সেই মদন সোণারে না চিনে সোণা।
সোনা যে বলিরা পিতল আনিরা গড়ি দিল যে গছনা॥
প্রতি অঙ্গুলিত ঝলক দেখিত ছাসে যে সকল লোকে।
ধন যে গেল কাজ না হইল শেল রছিল বুকে॥
যেন মোর মতি তেমতি এ গতি ভাবিরা দেখিকু চিতে।
খলের কথায় পাথারে সাঁভারি উঠিতে নারিকু ভিতে॥
অভাগিয়া জনে ভাগ্য নাহি জানে না পুরয়ে সাধ।
গাইতে নাহি ঘরে সাধ বহু করে বিছি করে অকুবাদ॥
চন্তীদাসে কয় বাশুলী কুপায় আর নিবেদিব কায়।
তবুত পিরিতি নাছি পায় যদি পরাণে মরিয়া যায়॥

পাপ পরাবে কত সহিবেক জালা। শিশুকালে মরি মেলে ছইত যে ভালা॥ এজালা জপ্তাল সই তবে সে পরিছরি। ছেদন করিয়া দেও পিরিতের তুরি॥ তেমতি নহিলে যায় এমতি ব্যাভার। কলঙ্ক কলমী লয়ে ভাসিল পাঁথার॥ চণ্ডীদাসে কহে ইহা বাশুলি কুপায়। পিরিতি লাগিয়া কেন ভাসিবে দরিয়ায়॥

শুন শুন শুন হে রসিক রায় । [পায় ॥
তোমারে ছাড়িয়া যে সুধে আছিলাম নিবেদিয়ে তুয়া
কি জানি কি ক্লেণ কুমতি ছইল গরবে তরিয়া গেলু ।
তোমা হেন বঁধু ছেলায় হারায়ে ঝুরিয়ে ঝুরিয়ে মলু ॥
জনম অবধি মায়ের সোহাগে সোহাগিনী বড় আমি ।
প্রিয় সধীগণ দেখে প্রাণ সম পরাণ বঁধৢয়া তুমি ॥
সধীগণ কহে শ্যাম সোহাগিণী গরবে তরল দে ।
ছামারি গরব তুঁত বাড়াগুলি আর টুটাগুব কে ॥
তুঁহারি গরবে গরবিনী হাম গরবে তরল রুক ।
চণ্ডীদাসে কহে এমনি নহিলে পিরিতি কিসের সুধা ॥

বঁধু কি আর বলিব আমি।
যে মোর ভরম ধরম করম সকলি জানছ তুমি॥
যে তোর করুনা না জানি আপানা আনন্দে ভাসয়ে নিতি।
তোমার আদরে সবে ক্ষেহ করে বুঝিতে না পারি রীতি॥
মায়ের যেমন বাপার তেমন তেমতি বরজ পুরে।
সথীর আদরে পরাণ বিদরে সে সব গোচর ভোরে॥
সভীবা অসভী ভোরে মোর মতি ভোমার আনন্দে ভাসি।
ভোমারি বচন সালকার মোর ভূষণে ভূষণ বাসি॥
চন্তীদাসে বলে শুনহে সকলে বিনয় বচন সার।
বিনয় করিয়া বচন কহিলে তুলনা নাহিক আরে॥

বন্ধু কি আর বলিব আমি। মরণে জীবনে জনমে জনমে প্রাণনাথ হইও তুমি॥ ভোষার চরণে আমার পরাণে বাঁধিল প্রেমের কাঁলি।
সব সমর্পিরা এক মল হৈয়া নিশ্চর হইলাম দাসী॥
ভাবিয়া দেখিলাম এতিল ভুবনে আরকেবা মোর আছে।
রাগা বলি কেছ সুধাইতে মাই দাঁড়াব কাছার কাছে।
একুলে একুলে ভুকুলে গোকুলে আপনা বলিব কায়।
শীতল বলিয়া শরন লইলাম ও ছুটি কমল পায়॥
নাঠেল নাঠেল ছলে অবলা অথলে যেছয় উচিত ভোর।
ভাবিয়া দেখিলাম প্রাণনাথ বিনেগতি যে নাহিক মোর॥
আঁখির নিমিথে যদি নাহি দেখি তবে সে পরাণে মরি।
চণ্ডীদানে কয় পরশা রতন গলায় গাঁথিয়া পরি॥

রাই তুমি সে আমার গতি।
তোমার কারণে রসতত্ত্ব লাগি গোকুলে আমার স্থিতি।
নিশি দিশি সদা বসি আলাপনে মুরলী লইরা করে।
যমুনা সিনানে তোমার কারণে বসি থাকি তার তীরে।
তোমার রূপের মাধুরী দেখিতে কদম্ব তলাতে থাকি।
শুনহ কিশোরী চারি দিক হেরি যেমত চাতক পাথি।
তব রূপ গুণ মধুর মাধুরী সদাই ভাবনা মোর।
করি অনুমান সদা করিগান তব প্রেমে হয়ে ভোর।
চণ্ডীদাসে কয় প্রছন পিরিতি জগতে আর কি হয়।
এমত পিরিতি না দেখি কথন ইছা না কহিলে নয়॥

হৈতন্য দেবের আবির্ভাবের পর রায়শেখর বাস্থ্যোষ, নরহরিদাস, বৈষ্ণবদাস, যহ্নন্দন, জ্ঞান-দাস, গোবিন্দদাস প্রভৃতি তদীয় জক্ত্যাণ বিস্তর পদাবলী রচনা করেন। পাঠকগণের গোচরার্থে এই সকল মহাত্মাগণের বিরচিত কতিপয় পদাবলী নিমে প্রকটিত করা গেল।

মান কয়লিত কয়লি কলহে কাহে
কান্সসি বৈঠ বহু তুক্ত ভঙ্জে।
সো কাঁছা যাওব, আপহি আঙব
পুনঃহি লোটাওব চরণে॥
স্কলেরি বচনে করিও বিশায়াস
সজল নয়নে হরি ধরণী লোটাওব
চিতে বহল ময়ু পাশ॥
বেলু ধেলু ভাজি সকল স্থিগণ
পরিহিরি নীপ মূলে বসই।
হরি হরি বলি শিরে কর হানই
তুয়া নাম করিয়ে নিশসই॥
তুয়া নাম লাগি কত বেরি বেরি ময়ু ঘরে আঙব
হামে হরি সাথব লাখ।
রায় শেখরে কহে তবে তুক্ত জানত
কাহে করত ত্তাশ॥

ওকে শ্যাম ও বড়ি সুজন জানি।
কি গুণ বাঁচাইলা কি দোবে ছাড়িলা নবীন পীরিত থানি।
তোমার পিরিতি আদর আরতি আর কি এমন হবে।
মোর মনে ছিল এ সুথ সম্পাদ জনম এমনি যাবে।
ভাল হৈল কান দিলে সমাধান বুঝিলাঙ জলপ কাজে।
মুঞি অভাগিনী পাছু মা গণিলাম ভুবন ভরিল লাভে।

ষধনে আমার ছিল শুভ দিন তথনে বাসিতা ভাল।
এখনে এসাথে না পাই দেখিতে কান্দিতে জনম গেল।
কহরে শেখর বঁধুর পিরিতি কহিতে পরাণ কাটে।
শঙ্ বণিকের করাত যেমন আসিতে যাইতে কাটে।

আরে মোর গোরা ছিজন।
রাধা রাধা বলি কান্দে লোটারে ধরণী॥
রাধানাম জপে গোরা পর্ম যতনে।
ফুরধুনী ধারা বছে অকণ নয়নে॥
ক্ষণে কণে গোরা অন্ন ভূমে গড়ি যায়।
রাধানাম বলি গোরা কলে মুকছায়॥
পুলকে পুরল তমু গদ গদ বোল।
বাসু কছে গোরা কেন এত উতরোল॥

ধিক থাকুক এছার জীবনে ।
পরাণের পরাণ গোরা গেল কোন থানে ॥
গোরা বিনে প্রাণ মোর আকুল বিকল ।
নিরবধি আঁথির জল করে ছল ছল ॥
না ছেরব চাঁদ মুখ না শুনিব বাণী ।
হেন মনে করি গোরা বিনু পশিমু ধরণী ॥
গেল মুখ সম্পদ যত প্রুঁ কৈল ।
শোল সন্দেশ মোর ছাল রহি গেল ॥
গোরা বিনু নিশি দিশি আন নাছি মনে ।
নিরবধি চিন্তি মুঞি নদিয়ার ধনে ॥
রাতুল চরণভল অভিশয় শোভা ।
যাহা লাগি মন মোর অভিশয় লোভা ॥
ডাহিনে আছিলা বিধি এবে ভেল বাম ।
কাঁদে বামুদেব ঘোষ শারি গুণ প্রাম ॥

হরি হরি হেন দিন হোরব হামার।

ঐীপ্তক দেব চরিত গুণ অদুত্ত
নিরবধি চিন্তব হাদর মাঝার ॥
মৃত্ সৃত্ হসিত বদনে বচনামৃত
অবণ চবক ভরি করবকি পান।
নিকপন মঞ্জু মূরতি জন রঞ্জন
নিরথি করব কত তৃপত নয়ান ॥
ললিত অন্দোপরি মনোনীত
নব নব নাসা পুটে ভরি রাথব তায়।
ইহ বদনে উহু মধুর নাম
শুভ রটব নিরস্তর হরহ হিরায়॥
বিক কহব অব অতিশয়
সব তুর্লভ করি পরিচর্য্য সফল হব হাত।
ধরণী পতিত হই পতিত এ নয়হরি
চরণ কঞ্জু তব ধরব কি মার্থ॥

ভয়জয় চন্তীদাস দয়াময় মন্তিত সকল গুণে।
অনুপম বাঁর যশঃরসায়ন গাঁওত জগত জনে ।।
বিপ্রকুলে ভূপ ভূবনে পূজিত অতুল আনন্দ দাতা।
যার তনুমন রপ্তন না জানি কি দিয়া করল ধাতা।।
সতত সে রসে ডগমগ নব চরিত বুঝিবে কে।
যাহার চরিতে ঝুরে পশু পাধী পিরিতে মজিল সে।।
জীরাধাগোবিন্দ কেলিবিলাস যে বর্ণিলা বিবিধ মতে।
কবিবর চাক নিক্পম মহি ব্যাপিল যাহার গীতে।।
জীনন্দনন্দন নবন্ধীপপতি জীগোর আনন্দ হৈয়া।
যার পীতামূত আফাদেন স্বরূপ রায় রামানন্দ লয়া।।
পারম পণ্ডিত সন্ধীতে গদ্ধর্ম জিনিলা যাহার গান।।
অনুক্ষণ কীর্ত্তনামন্দে মগন পারম ককণাবান।।

রন্দাবনে রতি যারতারসঙ্গ সতত সে সূথে ভোর। রসিক জনের প্রাণধন গুণ বর্ণিতে নাছি জোর।। চণ্ডীদান পদে যার রতি সেই পিরিতি মরম জানে। পিরিতি বিহীন জনে ধিকরত্ দাস নরহরি ভংগ।।

জয় জয়দেব কবি নৃপতি শিরোমণিবিদ্যাপতি রস্থাম।
জয়জয় চণ্ডীদাস রসশেশর অধিল ভুবনে অনুপাম।।
যাকর রচিত মধুর রস নিরমল গদ্য পদ্যয় গীত।
প্রভু মোর গোরচন্দ্র অগস্বাদিলা রায় স্বরূপ সহিত।।
যবহু যে ভাব উদয়কক অন্তরে তব গায়ই চুঁইমেলি।
শুনইতে দাক পাযাণ গলি যায়ত প্রছন সুমধুর কেলি॥
আছিল গোপতে যতন করি জগতে করল পরকাশ।
সোরস প্রবণে পরশ নাহি ছোয়ল রোয়তবৈষ্ণব দাস॥

কহ কছ কছ পুৰদনী রাধে।
কিতোর হইল বিরাধে।।
কেনে তোরে আন মন দেখি।
কাহে নথে ক্ষিতিতলে লিখি।।
হেমকান্তি ঝামর হইল।
রালা বাস খসিরা পড়িল।।
আঁথিযুগ জঁকণ হইল।
মুখ পদ্ম শুখাইরা গেল।
এমন হইলা কি লাগিরা।
লা কহিলে কাটি যায় হিরা।।
এত শুনি কহে ধনি রাই।
এব্দুনন্দন মুখ চাই॥

স্থার লাগিয়া এঘর বাদ্ধির আগুণে পুড়িয়া গেল।
আমিয়া সাগরে সিনান করিতে সকলি গরল ভেল॥
সথি রে কি মোর করমে লেখি।
শীতল বলিয়া ও চাঁদ সেবিসু ভারুর কিরণ দেখি॥
উচল বলিয়া অচলে চড়িরু পাড়িরু অগাধ জলে।
লছমি চাহিতে দারিস্তা বাচল মাণিক হারারু হেলে॥
পিয়াস লাগিয়া জলদ সেবিরু পাইরু বজর তাপে।
ভোলদাস করে পিরিতি করিয়া পাছে কর অরুতাপে॥

গোলোক ছাডিয়া পঁত কেন বা অবনী। কালারপ হইলে কেনে গোরারপ থানি॥ হাস বিলাস ছাডি গোরা কেনে কাঁদে। না জানি ঠেকিলা গোৱা কাব প্রেমফাঁদে ॥ कर्ण क्रक क्रक विल कारण चनर। कारण मधी मधी विल कराय (वीपन ॥ मध्दा मध्दा विल कतरत विलाभा ক্ষণেকে অক্রর বলি করে অনুভাপ। कर्ण कर्ण बरल हिहि हैं पर हम्मन । হেরইতে এছন লাগরে দহন॥ ছার পরাণ কুলবভীর না যায়। কহিতে আকুল পঁতু ধুলায় লোটায়॥ गमाध्य मांग कैरिन श्लीतांक कति कोरल। द्रांश द्रांभानन कारण खन्य विकास ॥ স্বরূপ রূপ কাঁদে বুঝিয়া বিলাস। না বুঝিয়া কাঁদে মৰু গোবিন্দ দাস ॥

শুন স্থান শাম ব্রজবেহারী। ছাদি মন্দিরে রাখি ডোমারে হেরি॥ গুৰুগঞ্জন চন্দ্ৰ অক্সভুষা।
রাধাকান্ত নিভান্ত তব চরণ ভরসা॥
কুল শীল মান সব দুর করি।
তব চরণে শরণাগত কিলোরী॥
আমি কুরূপা গুণহীনা গোপনারী।
তুমি জগরঞ্জন মোহন বংশিধারী॥
আমি কুলটা কলকী সোভাগাহীনী।
তুমি রসপণ্ডিত রসিক চূড়ামণি॥
গোবিন্দ দাস কহে শুন শ্যামরার।
তয়া বিনে মোর মনে আন নাহি ভার॥

ভ ছহ রে মন নন্দনন্দন অভঃ চরণারবিন্দু।
ছলভ মানুষ জনমে সভ সঙ্গে তরহ এ ভবসিন্ধু॥
শীত আতপ বাত বরিখনে এ দিন যামিনী জাগি।
বিফলে সেবিন্দু ক্লপা ছুরজন চপল সুথ লাভ লাগি॥
এরপ যৌবন ভবন ধন জন ইথে কি আছে পরতীত।
কমল জলদল জীবন টলমল সেবহ ছরি পদ নিত॥
শ্রবণকীর্ত্তন ম্মরণ বন্দন পাদ সেবহ দাসী।
পূজন স্থীগণ আছু সমর্পণ গোবিন্দ দাস অভিলামী॥

পতিতপাবনী ধনী, জীরাধা ঠাকুরাণী,
বারেক রূপা করিতে যুয়ায়।
দুরে না কেলিছ মোরে, রাখিছ সখীর নেলে,
মিছা কাজে এ জনম যায়॥
কি কহিব মহিমা, ত্রিভুবনে নাছি সীমা,
ত্রজেন্দ্র নন্দ্রনা শুনি, শ্বরণ লইনু আমি,
ত্রজকুল উদ্ধারকারিণী॥

মোরে কি এমন হব, জীরাধার চরণ পাব, স্থীসঙ্গে কুঞ্জে কর বাস। অন্তুকুপ গৃহ মাঝে, ডুবি বৈনু মিছা কাজে, নিবেদয়ে গোবিন্দ দাস॥

জীজীচতন্যদেব প্রবর্ত্তিত বৈষ্ণবধর্ম্মের উন্নতি সহকারে বঙ্গ ভাষারও যে বিলক্ষণ উন্নতি इरेशां हिल, रेरा मकरलरे श्रीकांत्र करतन। छेल्लि-থিত পদাবলী ব্যতীত তাঁহার শিষ্য ও অনুশিষ্য-গণ সংস্কৃত ও ৰাঙ্গালা ভাষায় যে কত গ্ৰন্থ রচনা করেন তাহার সংখ্যা করা হৃষ্ণর। থ্রত্তের মধ্যে রূপগোস্বামিক্নত রিপুদমনবিষয়ের রাগময়কোণ, সনাতনগোস্বামী প্রণীত রসময় কলিকা, জীবগোস্বামি রচিত কড়চাই, রন্দাবন দাস বিরচিত চৈতন্যভাগবত, লোচন ক্লত চৈতন্যমঙ্গল ও কৃষ্ণদাস কবিরাজক্বত এতীচৈতন্যচরিতামত সমধিক প্রসিদ্ধ। নিমে চৈতন্যচরিতামত হইতে চৈতন্যদেবের লীলা বর্ণন বিষয়ককয়েকটা পংক্তি সমুদ্ধ ত হইল।

প্রীকৃষ্ণ হৈতন্য প্রভু নবন্ধীপে অবতরী।
অইচল্লেশ বংসর প্রথই বিহারী।
চেপিদশত দীত শকে জয়ের প্রমাণ।
চেপিদশত পঞ্চারে হৈলা অন্তর্জান।
চিব্রিশ বংসর প্রভু কৈলা গৃহবাস।
চিব্রিশ বংসর শেষে করিয়া সন্ন্যাস।
নিরন্তর কৈলা তাহে কীর্জন বিলাস।
চিব্রিশ বংসর কৈলা নীলাচলে বাস।
তার মধ্যে ছয় বংসর গমনাগমন।
কভু দক্ষিণ কভু গোড় কভু রন্দাবন।
অইটাদশ বংসর রহিলা নীলাচলে।
ক্রমপ্রেম লীলাম্ভ ভাসাল সকলে।

## ক্তিবাদ।

এপর্যান্ত যে সকল মহাত্মাগণের বিবরণ লিখিত হইয়াছে তাঁহাদের মধ্যে কেইই রসভাব সমন্বিত সুবিস্তৃত মহাকাব্য প্রাণয়ন করিয়া যান নাই। অনন্তর আকবর সাহের রাজত্ব কালে শান্তিপুর সন্নিহিত ফুলিয়া গ্রাম নিবাসী বিপ্রবংশ সম্ভূত কবিবর ক্রতিবাস বাল্মীকি রামায়ণের ভাষা অনুবাদ প্রকাশ করিয়া সেই অভাব বিমোচন করেন। ফলতঃ ক্লত্তিবাস বিরচিত রামায়ণ বঙ্গ-ভাষার মর্ব্ব প্রাচীন মহাকাব্য। ক্লভিবাসক্লভ রামায়ন যে অন্যান্য মহাকাব্য অপেক্ষা প্রাচীন, উহার রচনা প্রণালীতেই তাহা অমুস্থটিত রহি-য়াছে। বাল্মীকি রামায়ণের ন্যায় ক্লভিবাদের রামা-য়ণও সরলতারূপ অলঙ্কারে সমলঙ্কত। বস্তুত ভাষা রামায়ণের রচনা অতি সরল, উহাতে জটিলতার লেশ মাত্র দৃষ্ট হয় না। রামায়ণ সপ্তকাণ্ডে বিভক্ত আদি, অযোধ্যা, অরণ্য, কিঞ্চিন্ধ্যা, সুন্দরা, লঙ্কা ও উত্তরাকাঞ্চ i

> "আদিকাণ্ডে রামের জন্ম বিবাহ সীতার। অযোধ্যায় ব্যবাস ভাজি রাজ্যভার।।

জরণাকাণ্ডেতে সীতা ছরিল রাবণ।
কিছিন্ত্যাকাণ্ডেতে মিত্র স্থানীব মিলন।।
সুন্দরাকাণ্ডেতে ছর সাগর বন্ধন।
লঙ্কাকাণ্ডেতে ছর পাক্ষের মহারণ।।
উত্তরাকাণ্ডেতে ছর কাণ্ডের বিশেষ।
সীতাদেবী করিলেন পাতালে প্রবেশ।।
এই সুধাতাণ্ড সাতকাণ্ড রামারণ।
ক্রিবাস পণ্ডিত করেন সমাপন।।"

১৮০২ খৃঃ অবেদ ক্ষতিবাসকৃত রামায়ণ শ্রীরাসপুরের নিশনরিগণ কর্ত্বক মুদ্রিত ও প্রচা-রিত হয়। কিন্তু উহা একণে নিতান্ত হুস্পুণিয় হইয়া উঠিয়াছে। অধুনা বটতলার পুন্তক বিক্রেতা-গণ যে রামায়ণ ক্ষতিবাসের বলিয়া বিক্রয় করে, তাহা ৮ জয়গোপাল তর্কালক্ষার মহাশয় কর্ত্বক সংশোধিত ও পরিবর্তিত।

नातम कर्क्क बान्मीकिटत त्रामात्रांत्र आखार धामान ।

প্রবিংশে দশরথ হবে নরপতি।
রাবণ বধিতে জন্মিবেন লক্ষ্মীপতি।
জ্ঞীরাম লক্ষ্মণ আর তরড শক্ষ্ম।
তিন গর্রে জন্মিবেন এই চারিক্সন॥
সীতাদেবী জন্মিবেন জনকের হরে।
ধন্মউন্ন পণে তার বিবাহ তৎপরে॥
পিতার আজ্ঞার রাম ঘাইবেন বন।
সঙ্গেতে যাবেন তার জানকী লক্ষ্মণ॥

সীতারে হবিষা লবে লঙ্কার রাবণ। সুগ্রীবের সহিত রাম করিবে মিলন।। বালীকে মারিয়া তারে দিবে রাজা ভার। সুপ্রীব করিয়া দিবে সীভার উদ্ধার॥ मन मुख विन इस मोतिया तावन। অযোগায় রাজা ছইবেন নারায়ণ ॥ কহিবেন অগস্তার দৈর দিখিজয়। পুনরপি সীতারে বজ্জি বে মহাশয়॥ দশমাস গর্রবভী সীভারে গোপনে। লক্ষ্মণ রাখিবে তাঁরে তব তপোবনে॥ लव कून मार्ग हरव मीजांत मन्मन। উভয়ে শিথাবে তুমি বেদ রামায়ণ॥ এগারো সহস্র বর্ষ পালিবেন কিতি। পুত্রে রাজ্য দিয়া স্বর্গে করিবেন স্থিতি॥ জন্ম হৈতে কহিলাম স্বৰ্গ আৱোহণ। জিয়া করিবেন ইহা প্রভুনারায়ণ॥ এত বলি নারদ গেলেন স্বর্গবাস। আদিকাও গাইল পণ্ডিত ক্তিবাস ॥

গল্পার মাছাত্মা বর্ণন।

যদি গল্পা মাতা দেবী, আইলেন মর্ত্য ভূবি
এ জিন ভূবনে প্রতীকার।

অমর নর তারিণী, পাপ তাপ নিবারিণী,
কলিযুগে এই অবতার॥
ধন্য ধন্য বসুমতী, যাহাতে গল্পার ছিতি,
ধন্য ধন্য ধন্য কলি যুগে।
শতেক যোজন থাকে, গল্পা গল্পা বলি ডাকে,
শুনি যমে চম্ছ্কার লাগে॥

পক্ষীগণ থাকে যত, তাহা বা কহিব কত, করে সদা গল্পাজল পান। দুরে রাজচক্রবর্ত্তী, তার আছে কোটিহন্তী, সেই দহে পক্ষীর সমান॥ গায়া গল্পা বারানসী, ছারকা মথুরা কাশী, গিরিরাজ গুহা যে মন্দার। এ সব যতেক তীর্থ, ক্লব্তিবাস স্থভাবিত, সর্ব্ব তীর্থ গল্পাদেবী সার॥

সীভার জন্ম ও রূপ।

চাষের ভূমিতে কলা পায় মহাঋষি। মিথিলা ছইল আলো প্রম রূপ্সী॥ অন্ত সীতার রূপ গুণ মনে মানি। এ সামান্যা নহে কন্যা কমলা আপনি। कमा क्रिश खनक (मर्थन मिर्म मिर्म। উমা কি কমলা বাণী ভ্রম হয় তিনে। হরিণী নয়নে কিবা শোভিল কজ্জল। তিল ফুল জিনি তার নাসিকা উজ্জল।। সুললিত চুই বাছ দেখিতে সুন্দর। সুধাংশু জিনিয়া রূপ অতি মনোছর॥ মুষ্টিতে ধরিতে পারি সীতার কাঁকালি। হিন্দুলে মণ্ডিত তার পায়ের অঙ্গুলি॥ অৰুণ বরণ তার চরণ কমল। তাহাতে নৃপুর বাজে শুনিতে কোমল ॥ तांक्ष रूभी जम रय प्रिंति शमन। অমৃত জিনিয়া তার মধুর বচন ॥ मनमिक आदला करत कानकीत करना লাবণ্য নিঃসরে কত প্রতি রোমকূপে ॥

बीतारमत क्रिश वर्गम।

অন্ধকার ঘরে যেন জ্বালিলেক বাতি।
কোটি প্র্য্য জিনিয়া তাঁহার দেহ দ্যুতি॥
শাগনল শরীর প্রভুর চাঁচর কুন্তল।
স্থাংশু জিনিয়া মুথ করে রালমল॥
আজারুলম্বিত দীর্ঘভুজ স্থললিত।
নীলোহপল জিনি চক্ষু আকর্ণ পূর্ণিত॥
কে বর্ণিতে হয় শক্ত রক্ত ওঠাধর।
নবনীত জিনিয়া কোমল কলেবর॥
সংসারের রূপ যত একত্র মিলন।
কিসে বা তুলনা দিব নাহিক তেমন॥

প্রীরামের গঙ্গা স্থান ও ভরম্বাজ মুনির আশ্রমে আতিথ্য স্বীকার।

এক দিন দশরথ পুণ্যতিথি পারে।
গঙ্গা সানে যান রাজা চারি পুত্র লরে।
হইবেক অমাবস্যা তিথিতে গ্রহণ।
রামের কল্যাণে রাজা দিবেন কাঞ্চন।
তুরক্ত মাতক্ত চলে সঙ্গে শত শতে।
চারি পুত্র সহ রাজা চাপিলেন রথে।
চলিলে কটক সব নাহি দিশপাশ।
কটকের শন্দে পুর্ণ হইল আকাশ।
চলিলেন দশরথ চড়ি দিব্য রথে।
মারদ মুনির সঙ্গে দেখা হয় পথে।
মুনি বলে কোখা রাজা করেছ প্রয়াণ।
ভূপতি কহেন গিয়া করি গজাস্নান।
অপুর্ব অনস্ত কল ভাস্কর গ্রহণ।
স্থান করি রাজা দান করিল কাঞ্চন।

ধেরুদান শীলাদান করে শত শত। রজত কাঞ্চন তার নাম লব কত।। मान कर्मा कतित् इहेल (वला कत्र। प्राप्ति (शत्नन छत्रष्टांद्वत कांवर ॥ বসিয়া আছেন মুনি আপনার ঘরে। চারি পুত্র সহ রাজা নমস্কার করে॥ যোড় হত্তে বলে রাজা মুনির গোচর। আনিয়াছি চারি পুত্র দেখ মুনিবর॥ আশীর্মাদ কর চারি পুত্রে তপোধন। বড ভাগ্যে দেখিলাম তোমার চরণ ॥ দেখিয়া রামেরে ভাবে ভরদ্বাঞ্চ মুনি। বৈকুণ হইতে বিষ্ণু আইলা আপনি ॥ মুনি বলে রাজা তব সফল জীবিতা। রাম তব পুত্র কিন্তু জগতের পিতা॥ ভরদ্বাজ এককালে দেখেন চমৎকার। দুর্বাদলশ্যাম তকু পরম আকার॥ ধ্ৰজবজ্ঞাহুশেতে শোভিত পদাযুজ। मध्य ठक भना शम्यशाती ठजुर्ज ॥ শঙ্কর বিরিধি আদি যত দেবগণ। রামের শরীরে আরো দেখেন ভূবন।। সমূচিত আতিথা করেন ভরদাল। सूरथ दहित्नन रेमना मह महोत्रीख ।। রামেরে লইয়া মুনি অন্তঃপুরে গিয়া। भारत करतन (माँटिश धकळ करेरा।।

জীরামকে রাজা করণের গুল্ডাব।
স্থাধতে বঞ্চিয়া রাত্রি উদিত অকণে।
আমন্দে গেলেন রাম পিতৃ সম্ভাবণে॥

ङक्जिडारव शिवांत वरमन केवित्र। রামেরে করিল রাজা শুভানীর্বচন। जिश्हामत्म क्लाइल द्वांका क्रीदारमद्व I পিতা পুত্র উভয়ের আনন্দ অন্তরে।। ताजा वर्ल दक्क जामि महित कथन। ভোষারে করিব রাজা পাল সর্বজন ॥ আজি হইতৈ তোমারে দিলাম রাজ্যভার। অপক পালন কর বিপক্ষ সংহার॥ এতেক বলিয়া রামে দিলেন বিদায়। অন্তঃপুরে রামচন্দ্র গেলেন তথায়।। মারের সম্পূর্ণে দাঁড়াইয়া রমুনাথ। ক্রেন সকল কথা করি যোডহাত। আমারে দিলেন পিতা সর্ব রাজ্যখন। আজি অধিবাস কালি পাব ছত্তদণ্ড॥ আমায় রাজা করিতে সবার অভিলায়। শুভবাৰ্ত্তা কহিতে আইনু উব পাশ। এতেক শুনিয়া রাণী ইর্ষিত মন। वारमत कलारिश कतिरलने जीगमन ॥ कि मला। रलन ताम इंड हित्रकीत। তোমার সহায় হউক পার্মতী ও শিব॥ অনেক কঠোরে আমি পূজিয়া শঙ্করে। তোমাহেন পুত্র রাম বরেছি উদরে॥ শুভক্ষণে জন্ম লৈল। আমার ভবনে। বাজমাতা হইলাম ভোমার কারণে ।

রামকে বনবাস ও ভরতকে রাজা করিতে দশরথের নিক্ট কৈকেয়ীর অনুরোধ ও দশরহথর থেদ।

হেথা দশর্থ রাজা হর্ষিত মনে। চলিলেন ক্রেত্কে কৈকেয়ী সম্ভাষণে । দশর্থ নুপ্রতির নিকট মর্ণ। ঘরে মরে ইককেরীরে করে অত্তেষণ। त्य घरत देकरकशी रमवी लां कि कृषिभरत । विधित निर्वाक तोषा शाल साहे यह ॥ श्रं कारन राज ताका ना कारन ध्रमारम । গভাগতি যায় রাণী কহিছে বিয়ালে ॥ সরল হৃদয় রাজা এত নাহি বুরো। অজগর দর্প যেন কৈকেয়ী গরজে॥ প্রাণের অধিক রাজা কৈকেয়ীরে দেখে। প্রাণ উড়ে রাজার কৈকেয়ী কান্দে ছ: থে I ধীরে ধীরে জিজ্ঞাসেন কম্পিত অন্তরে। বনে মৃগ কাঁপে যেন বাঘিনীর ডরে॥ কি হেত করিলে ক্রোধ বল কার বোলে। কোন বাাধি শরীরে লোটাও ভূমিতলে। रेकरकशी अमान शार्फ ताका नाहि कारन। সভা করে দশবথ প্রিয়ার বচনে। মহাপাশ লাগি যের বনে মুগ ঠেকে। প্রমাদ পড়িবে রাজা পাছ নাহি দেখে॥ ভূপতি বলেন প্রিয়ে নিজ কথা বল। সতা করি যদাপি ভোমারে করি ছল।। যেই ত্ৰৱা চাহ তুমি ভাহা দিব দান। আছুক অন্যের কার্য্য দিতে পারি প্রাণ।। কৈকেয়ী বলেদ সভ্য করিলে আগলি। অফ লোকপাল সাক্ষী শুন সভাবাৰী॥

নক্ষত্র ভাস্কর চন্দ্র যোগ তিথি বার। दालि पिन मांकी रुख मकल मश्मात । একাদশ ৰুদ্ৰ সাকী দ্বাদশ আদিতা। স্থাবর জঙ্গম সাক্ষী যারা আছে মিতা।। স্বৰ্গ মৰ্জ্য পাতাল শুনহ বাপ ভাই। সবে সাক্ষী রাজার নিকটে বর চাই। স্মরণ করছ রাজা যে আমার ধার। পূর্বেছিল তাহা শোধি সত্যে হও পার।। যুদ্ধে ভব হয়েছিল ক্ষভ কলেবর। সেবিলাম তাহে দিতে চায়েছিলে বর ।। করিলাম পুনর্কার বিস্ফোটে তারণ। তৃষ্ট হয়ে বর দিতে চাহিলে রাজন।। তুই বারে তুই বর আছে তব ঠাঁই। সেই তুই বর রাজা এক্ষণেতে চাই।। এক বরে ভরতেরে দেহ সিংহাসন। আর বরে জীরামেরে পাঠাও কানন।। চতুর্দ্দশ বৎসর থাকুক রাম বনে। ততকাল ভরত বসুক সিংছাসমে।। চুরস্ত বচনে রাজা হইয়া মূলিছ ত। অচেতন হইলেন নাহিক সন্থিত।। देकरकशी वहरन यान लाल बुरक कूरि। চেত্ৰ পাইয়া রাজা ধীরে ধীরে উঠে।। মুখে ধূলা উড়ে রাজা কাঁপিছে অন্তরে। হতজ্ঞান দশরথ বলে ধীরে ধীরে।। পাপীয়সী আমারে বধিতে তোর আশা। ন্ত্ৰী পুৰুষ যত লোক কছিবে কুভাষা॥ রামবিনা আমার নাছিক অনাগতি। আমারে বধিতে তোরে কে দিল এ মতি ॥

त्रांका इर्राष्ठि यथन क्रित्रांस यादिन वन। সেই দিন সেইকণে আমার মরণ।। স্বামী যদি থাকে তবে নারীর সম্পদ। তিন কুল মঞাইলি স্বামী করি বধ।। श्वामी वश कतिहा श्रुटक्करत मिवि त्रांका। চণ্ডাল হৃদয় তোর করিলি কি কার্যা। এই কথা ভরত যদ্যপি আদি শুনে। আপনি মরিবে কি মারিবে সেইক্ণণে ॥ ৰাত্ৰৰ ভৱে যদি নাহি লয় প্ৰাণ। করিবে তথাপি তোর বহু অপমান ॥ वियमत्तु पर्शिल এकाल जुजकिनी। তোৱে ঘরে আনিয়া মজিলাম আপনি। কোন রাজা আছে ছেন কামিনীর বশ। কামিনীর কথাতে কে ত্যজিবে ঔরস।। পর্যায় থাকিতে ব্রিলি মম প্রাণ। পারে পাড় বৈকেয়ী করহ প্রাণদান ॥ কৈকেয়ীর পারে রাজা লোটে ভমিতলে। সর্বান্ধ তিতিল তাঁর নয়নের জলে। ন্ধী বশ যে জন তার হয় সর্কাশ । গাইল অযোধ্যাকাও কবি ক্তিবাস।

জীরাম লক্ষ্মণ ও সীতার যনে গমনোদ্যোগ।

কৈকেয়ী বলেন সত্য আপনি করিলে।
সত্য করি বর দিতে কাতর ছইলে॥
সত্য ধর্মা তপারাজা করি বন্ধ শ্রমে।
সত্য নফ্ট করিলে কি করিবেক রামে॥
সত্য লড়েয়ে যে জন তাছার সর্ব্বনাশ।
সত্য যে পালন করে তার স্বর্গবাস॥

সভ্য করিয়া আমায় তুমি দিলে বর। এখন কাতর কেন হও নুপবর॥ मातीत माराद मिक्क श्रूकर्य कि शारा দশরথ পডিলেন কৈকেয়ী মায়ায়॥ ভূমে গড়াগড়ি রাজা যায় অভিমানে। এতেক প্রমাদ হবে কেছ নাহি জানে। জীরাম বলেন মাতা কছত কারণ। কেন পিতা বিষাদিত ভূমিতে শয়ন ॥ कि पि यि करतम शिरमन आमा (पर्थ। আজি কেন জিজ্ঞাসিলে কথা নাহি মুখে॥ কোন দোষ করিলাম পিতার চরণে। উত্তর না দেন পিতা কিসের কারণে ॥ জীরাম সরল সে কৈকেয়ী পাপছিয়া। কহিতে লাগিল কথা নিষ্ঠুর হইয়া॥ শিরে জটা ধরি তুমি পরিবে বাকল। বনে চে দিবৎসর পাইবে ফুলফল॥ শুনিয়া কছেন রাম সভাস্যাবদন। তোমার আজ্ঞায় মাতা এই যাই বন॥ করিয়াছ কিবা কার্য্য পিত্রারে মৃচ্ছিত। লজ্মিতে ভোষার আজা নহেত উচিত # আছুক পিতার কার্য্য তুমি আজ্ঞা কর। তব আছে। সকল হইতে মহত্তর॥ তব প্রীতি হবে রবে পিতার বচন। চতৰ্দ্দশ বৎসর থাকিব গিয়া বন ॥ পিতারে প্রণম রাম চলেন ত্রিত। হা রাম বলিয়া রাজা উঠেন চুঃথিত॥ মুথে নাছি শব্দ রাজা শুক্ক অচেতন। হইলেন বাহির তবে জীরাম লক্ষণ।

রামের এসব কথা কেছ নাছি শুনে। প্রাণের দোসর ভাই লক্ষণ সে জানে ॥ হেথায় কেশিল্যা করে দেবতা পুজন। ধুপ ধুনা যুত দ্বীপ জ্বালিয়া তথন ॥ ट्रनकाटल **बीताम मार्**यत श्रेष्ठतरम । আশীর্বাদ করে রাণী পর্ম আনন্দে । তোমারে দিলেন রাজা নিজ রাজ্যদান সুপ্রসরা রাজলক্ষী করুন কল্যাণ॥ নানাবিধ স্থা ভুঞ্জ ছও চিরজীবী। চিরকাল রাজ্য কর পালহ পৃথিবী॥ জীরাম বলেন মাতা হর্ষ কর কিসে। হত্তেতে আইল নিধি গেল দৈব দেক্ষে॥ ভোমারে কহিতে কথা আমি ভীত হই। প্রমাদ পাডিল মাতা বিমাতা কৈকেয়ী॥ বিমাতার বচনে যাইতে হৈল বন। ভরতেরে রাজ্য দিতে বিমাতার মন ॥ এত যদি কহিলেন জীরাম মায়েরে। ফুটিল দাৰুণ শেল কেশিল্যা অন্তরে॥ কাটিলে কদলী যেন লোটায় ভতলে। হা পুত্র বলিয়া রাণী রাম প্রতি বলে॥ গুণের সাগর পুত্র যার যায় বন। দে নারী কেমনে আর রাখিনে জীবন ॥ রাজার প্রথম জায়া আমি মহারাণী। চণ্ডালী হইল মম কৈকেয়ী সভিনী॥ घटाइल अमान टेक्टक्श्री शाशीशमी। রাজারে কহিয়া রামে করে বনবাসী॥ শারেরে কছেন রাম প্রবোধ বচন। আজাকর মাতা আজি যাই আমি বন॥

विमाय इनेया ताम मार्यत हत्रा । গেলেন লক্ষ্মণ সহ সীতা সম্ভাষণে।। শ্রীরাম বলেন সীতা নিজকর্ম্ম দোবে। বিমাতার বাক্যে আমি যাই বনবাদে॥ তাঁহার বচনে আমি যাই বনবাস। ভরতেরে রাজ্য দিতে পিতার আশাস 🖯 চতুৰ্দ্দশ বৰ্ষ আমি থাকি গিয়া বনে। তাবৎ মায়ের সেবা কর সর্বক্ষণে॥ जानकी वल्लम सूर्थ इड्रा नितान। স্বামী বিনা আমার কিসের গৃহবাস॥ তুমি সে পরম গুরু তুমি সে দেবতা। তুমি যাও যথা প্রভু আমি যাই তথা॥ স্বামী বিনা স্ত্রীলোকের আর নাহি গতি। স্বামীর জীবনে জীয়ে মরণে সংহতি॥ প্রাণনাথ একা কেন হবে বনবাসী। পথের দেশসর হব সঙ্গে লও দাসী॥ বনে প্রভু ভ্রমণ করিবে মানা ক্লেশে। তুঃথ পাসরিবে যদি দাসী থাকে পাশে ॥ যদি বল সীতা বদে পাবে নানা ছুঃখ। শত তুঃথ ঘুচে যদি হেরি ভব মুখ ॥ তোমার কারণ রোগ শোক নাছি জানি : তোমার সেবার ত্রঃথ স্থুখ হেন মানি॥ শ্ৰীরাম বলেন শুন জনক চুহিতা। বিষম দণ্ডক বন না যাইও সীতা॥ দিংহ ব্যাত্র আছে তথা রাক্ষমী রাক্ষম। বালিকা ছইয়া কেন কর এ সাহস। অন্তঃপুরে নানা তোগে থাক নানা সুথে। कल मृल् थाइँशा दक्त खिन्दा मछत्क ॥

ভোষার সুসজ্জা শ্যা পালক কেবল। কুশান্ত্রশ বিদ্ধাহরে চরণ কোমল ॥ তুমি আমি দোঁহে হব বিক্ষতি আকৃতি। দোঁহে দোঁহাকারে দেখি না পাইব প্রীতি।। এত শুনি সীতাদেবী চু:খিত অন্তরে। कहिएक लोशिला श्रमः मकक्व ऋत्त ॥ ভব দলে বেড়াইতে কুশ কাঁটা ফুটে। कुन रहम वांत्रि कुमि थांकिल निकरि ॥ उर मह थांकि यमि लार्ग धृलि गांत्र। অগুৰু চন্দ্ৰ চুয়া জ্ঞান করি ভায়॥ তব সহ থাকি যদি পাই তৰুদুল। অন্য স্বর্ণাই নহে তার সমতুল। ভব তু:থে তু:ধ মম সুথে সুথ আর। আহারে আহার আর বিহারে বিহার॥ কুধা ভৃষ্ণা যদি লাগে ভ্ৰমিয়া কানন। শাম রূপ নির্থিয়া করিব বার্ণ॥ শ্ৰীরাম বলেন বুঝিলাম তৰ মন। ভোমার পরীকা করিলাম এভক্ষণ॥ জীরাম বলেন শুন অনুজ লক্ষণ। দেশেতে থাকিয়া কর সবার পালন। দাস দাসী সবাকারে করিছ জিজ্ঞাসা। রাজ্য লইবারে ভাই না করিছ আশা। পিতা মাতার ছইবে যত শোকে। কতক হবেন শান্ত তব মুখ দেখে। যেই তুমি সেই আমি শুনহ লক্ষাণ। **একেরে দেখিলে হবে শোক পাসরণ ।।** লক্ষণ বলেন আমি হই অগ্রসর। আমি সঙ্গে থাকিব হইয়া অনুচর ॥

সীতা সঙ্গে কেমনে অমিৰে ৰনে বনে। সেবক ছাড়িলে হুঃথ পাবে হুই জনে॥ রাজার কুমারী সীতা হুঃথ নাছি জানে। সেবক বিহনে হুঃথ পাবেন কাননে॥

জীরামলক্ষণ ও সীতার বন গমন।

রাভাগও ছাড়ি রাম যান বনবালে। শিরে হাত দিয়া কান্দে সরে রিজ বাসে॥ মাঝে সীতা আগে পাছে চুই মহাবীর। তিন জন হইলেন পুরীর বাহির॥ ন্ত্ৰী পুৰুষ কান্দে যত অযোধ্যা নগরী। জানকীর পাছে ধায় অযোধ্যার নারী। य मीजा मा प्रिथितन प्रयात कित्र।। হেন সীতা বনে যান দেখ সর্বজন। যেই রাম ভ্রমেণ সোণার চতুর্দ্ধালে। ছেন প্রভু রাম পথ বছেন ভুতলো॥ कोशा नाहि प्रिथ एक कोशा नाहि छन। श्राकात करत तक वालक तमनी॥ জগতের নাথ রাম যান তপোবলে ! বিদায় ছইতে যান পিতার চরণে॥ বুদ্ধি নাহি ভূপতির হরিয়াছে জ্ঞান। বাম বনে গেলে ভার কিসে রবে প্রাণ।। ताकारत भागन देकन देक्टकशी त्राक्रमी। রাম হেন পুত্র যার হৈল বনবাসী॥ মনে বুঝি রাজার যে নিকট মর**ল**। বিপারীত বৃদ্ধি হয় এই সে কারণ। ভাৰতী স্তিত রামে যান তথোৱন ! রাজ্য সুথ ভোগ ছাড়ি চলিল লক্ষণ ॥

পরীশুর সবে যাই জারামের সনে। कि कर्व अक ठाँडे शांकि शिया वटन ॥ অযোধ্যার ঘর দার ফেলাও ভাঙ্গিয়া। 'কৈকেয়ী কৰুক রাজ্য ভরতে লইয়া॥ শৃগাল ভল্লুক হউক অযোধ্যা নগরে। মায়ে পোয়ে রাজত করুক একেখনে। এই রূপ জীরামেরে সকলে বাখানে। বাজার নিকটে যান ক্রত তিন জনে।। এক প্রকোষ্ঠ বাহিরে রহে তিন জন। আবাস ভিতরে রাজা করেন ক্রন্সন ॥ जूशिं वरलम या टेकरकशी जुजनिनी। তোরে আনি মজিলাম সবংশে আপনি॥ রঘ্বংশ ক্ষয় হেত আইলি রাক্সী। রাম হেন পুত্রেরে করিলি বনবাসী। কেমলে দেখিব আমি রাম যান বন। রাম বনে গেলে আমি ভাজিব জীবন ॥ প্রাণ যাউক তাছে মেন নাহি কোন শোক। আমারে জীবশ বলি ঘৃষিবেক লোক॥ জগতের হিত রাম জগত জীবন। হেন রামে কে বলিবে যাহ তুমি বন ॥ ক্রেন বনিদ্যা রাম পিভার চর্লে। আজা কর বনে তুরা যাই তিন জনে। কহিলেন নূপতি করিয়া হাহাকার। मम मटक दिया विशि ना इंडरेर जीत # यांजा कारम डेटरे महा कम्मदन दाना। কোন জন না ওনতে পায় কার বোল। काटमन कि मेला हानी हाटम कहि किटिल। বসন ভিতিল তার ময়নের জলে 🛚

স্থমিতা কান্দেন কোলে করিয়া লক্ষণে। সকলে রোদন করে, সীভার কারণে॥

সীতা হরণে মারিচের নিষেধ।

অবোধ রাবণ একি তোমার দুর্মতি। কে দিলে এ কুমন্ত্রণা তোমারে সম্পতি॥ প্রাণাধিকা রামের সে জামকী স্থন্দরী। ছরিলে তাহারে কি রহিবে লঙ্কাপুরী॥ রাম সহ বিবাদে যাইবা যমপুরী। জীরামের নিকটে না থাটিবে চাত্রী।। কুমুকর্ণ বিভীষণ হইবে বিনাশ। मतिर्व क्रमात्रश्य हर्त अर्द्धनाम ॥ লক্ষাপুর মনোহর নাছিক উপমা। স্ফি নফ না করিছ চিত্তে দেহ ক্ষমা। পারে পড়ি লঙ্কানাথ করি হে মিন্তি। ক্ষমা কর রক্ষা কর লঙ্কার বসতি॥ আনহ যদ্যপি সীতা করছ বিবাদ। সবাকার উপরে পড়িবে এ প্রমাদ।। কুমন্ত্রীর বচনেতে রাজলক্ষী তাজে। সুমন্ত্রী মন্ত্রনা দিলে লক্ষ্মী তাঁরে ভচ্চে॥ যেমত ছটিলে হল্ডি না রছে অছুলো। লঙ্কাপুরী তেমনি মজিবে ভব দোষে।। বিদিত রামের গুণ আছে সর্বলোকে। প্রাণ দিল দশরথ রামপুত্র শোকে।। जीका विना तारमत मा यात्र व्यत्मा मम । সীতারো জীরাম পদে মন সমর্পণ I কুমার ভোমার সব থাকুক কুশলে। জ্ঞাতিপুত্র তোমার থাকুক কুতুহলে॥

ষত্ত ভোগ করিবা ছইবা চিরঞ্জীবী।
আনিতে না কর মনে জীরামের দেবী।।
ছরেছ অনেক নারী পেরেছ নিস্তার।
না দেখি নিস্তার রাজা ছরিলে এবার।।
পুত্র মিত্র কলতে বান্ধব পরিবার।
এই বার সবাকার ছইবে সংহার।।

রাবণের প্রতি সীতার উক্তি।

অধর্মিষ্ঠ অধন্য জঘন্য ছুরাচার।
করিবেন রাম তোরে সবংশে সংহার॥
ক্রীরাম কেশরী তুই শৃগাল ধেমন।
কি সাহসে বলিস্ তাঁহারে কুবচন॥
বিষণু অবতার রাম তুই নিশাচর।
রাম আর তোরে দেখি অনেক অন্তর॥
যদি রাম থাকিতেন অথবা লক্ষ্মণ।
করিতিস্ কেমনে এ হুই আচরণ॥
একাকিনী পাইরা আমারে বন মারা।
হরিলি আমারে হুই নাহি তোর লাজ॥
করে হুই কুড়িপাটি দস্ত কড়মড়ি।
জানকী কাঁপেন যেন কলার বাগুড়ে।।

সীতা হরণ ও সীতার বিলাপ।

জনকের কন্যা যিনি রামের কামিনী।
শৃশুর বাঁহার দশরথ নৃপমনি।।
আপনি ত্রিলোকমাতা লক্ষ্মী অবতার।
তাঁহারে রাক্ষদ হরে অতি চমৎকার।।
তােশেতে কান্দেন সীতা হইয়া কাতর।
কোথা গেলা প্রভু রাম গুণের সাগর॥

বিক্রমে সিংকের সম দেবর লক্ষ্য । শূন্য ঘরে পেয়ে মোরে ছবিল রাবণ # তুমি যত বলিলা ছইল বিদ্যমান। ত্ররা আইস দেবর কর পরিতাণ। অতান্ত চিন্তিতা সীতা করেন রোদন। এমন সময়ে রক্ষা করে কোন জন।। সীতারে ধরিয়া রথে তুলিল রাবণ। মেযের উপরে শোভে চপলা যেমন। বিপদে পডিয়া সীতা ডাকেন জীরাম। **ठक्क यूमि ভাবেন नि मुर्कामल**भागा।। मीजा टेलग्रा जावन शकाय मिवाबरथ। রাম আইসে বলিয়া তাকায় চারিভিতে।। জানকী বলেন শুন যত দেবগা। প্রভুরে কহিও সীতা হরিল রাবণ।। ছায় বিধি কি করিলে ফেলিলে বিপাকে। এমন না দেখি বন্ধ সীতারে যে রাখে।। বনের ভিতরে যত আছু রক্ষ লতা। রামেরে কহিও গেল তোমার বনিতা।। মধুর বচনে যত বুঝায় রাবণ। শোকেতে জানকী তত করেন রোদন।। আংগে যদি জানিভাম এ রাক্ষ্স বীর। তবে কেন হব আমি ঘরের বাহির।। হায় কেন লক্ষণেরে দিলাম বিদায়। লক্ষ্মণ থাকিলে কি ঘটিত এই দায়।। রাবণ বলিল সীতে ভাব অকারণ। পাইলে এমত রত্ত ছাড়ে কোন জন।। অসার ভাবিয়া সীতা নাহি পান কুল। অতি কুশা দীন বেশা কান্দিয়া আকুল II

সীতার বিলাপ কত লিখিবে লেখনী। গৰুড়ের মুখে যেন পড়িল সাপিনী।। জীরাম বলিয়া সীতা করেন ক্রন্দন। অন্তরীকে ছাছাকার করে দেবগণ।। ভানকী বলেন কোথা জীরাম লক্ষ্মণ। এ অভাগিনীরে দেখা দেছ একজন।। খাষামুক নামে গিরি অতি উচ্চতর। চারি পাত্র সহিত সুগ্রীব ভচ্নপর। नल नील श्रुमान श्रुमनम्म । জান্বান সুগ্রীব বসেছে চুইজন। পক্ষী যেন বসিয়াছে পর্বতের মাঝ।। ডাকিয়া বলেন সীতা শুন মহারাজ।। জীরামের নারী আমি সীতা নাম ধরি। গায়ের ভূষণ ফেলি গলার উত্তরী।। রামের সহিত যদি হয় দরশন। তাঁহাকে কহিও সীতা হরিল রাবণ। সীতারে প্রবোধ বাক্য ক্রে দশানন। লঙ্কাপুরী দেখ সীতে তলিয়া বদন ॥ हक्त व्या हुशांदा व्यानिया नमा शांदि । মম আজা বিনা কেছ না আসে নিকটে॥ চারি ভিতে সাগরের মধ্যে লহা গড়। (पर रेम्डा ना आहेरम लक्कांत्र नियुक्त ॥ দেব দানবের কন্যা আছে মোর মরে। দাসী করি রাখিব তোমার সে সবারে ॥ নানা ধনে পূর্ণ দেখ আমার ভাগুার। আজ্ঞা কর সীতা দেবী সকলি তোমার।

## লক্ষ্মণ সীতাকে একার্কিনী কুটীরে রাথিয়া আসাতে রামের ভয়।

লক্ষণেরে দেখিয়া বিশায় মনে মানি। বাস্ত হয়ে জিজ্ঞাসা করেন সীতাজানি॥ কেন ভাই আসিতেছ তুমি যে একাকী। मृना घटत जानकीटत धकाकिनी ताथि॥ প্রমাদ পাড়িল বুঝি রাক্ষস পাতকী। জ্বান হয় ভাই হারাইলাম জানকী॥ আইলাম ভোমারে করিয়া সমর্পণ। রাথিয়া আইলা কোথা মম ভাপাধন ॥ মম বাকা অনাথা করিলে কেন ভাই। আর বুঝি সীতার সাক্ষাৎ নাহি পাই॥ কি হইল লক্ষণ কি হইল আমারে। যে তুঃ**থে তুঃথিত আছি কহিব কাহা**রে॥ শুন রে লক্ষ্মণ সেই সোণার পুতলী। শূন্য ঘরে রাথিয়া কাহারে দিলে ডালি॥ তুরন্ত দণ্ডকারণা মহা ভয়ঙ্কর। হিংস্ৰ জ্বন্ধ কত শত কত নিশাচর॥ কোন দত্তে কোনু চুষ্ট পাড়িল প্রমাদ। कि क्यांनि ताकामशत्व माधितक वाप ॥

সীতাকে দওকারণ্যে না দেখিয়া রামের বিলাপ।

জীরাম বলেম ভাই একি চমৎকার।
সীতা না দেখিলে প্রাণ না রাধিব আর॥
তথনি বলিসু ভাই সীতা লাই মরে।
শূন্য ঘর পাইরা হরিল কোনু চোরে॥
প্রতি বন প্রতি স্থান প্রতি তকম্ল।
দেখেন সর্বতি রাম হইয়া ব্যাকুল॥

পাতি পাতি করিয়া চাছেন চুই বীর। উলটা পালটা যত গোদাবরী তীর।। গিরি গুছা দেখেন মুনির তপোবন। नाना कारम जीकारत करतन व्यवस्था। একবার যেখানে করেন অন্বেশ। পুনর্কার যান তথা সীতার কারণ। এইরপে এক স্থানে যান শত বার। তথাপি না পান দেখা জীরাম সীতার॥ कान्मिश विकल ताम जला जारम याँथि। রামের ক্রন্সলে কাঁদে বন্য পশু পাখী॥ রামের আশ্রমে আসি যত মুনিগণ। রামেরে কছেন কভ প্রবোধ বচন ॥ छेश्राम वाद्या यम मा (मन क्रीताय। সদা মনে পড়ে সে সীতার গুণ্থাম।। সীতা সীতা বলিয়া পড়েন ভূমিতলে। करतम लक्ष्मण वीत्र बितारमरत रकारल ॥ রঘুবীর নহে স্থির জানকীর শোকে। हाहाकात वांत्र वांत्र करत रमवरलारक।। विनां भ करतम त्रांम लक्कार्वत यारिय। ভূলিতে না পারি সীতা মদা মনে জাগে॥ কি করিব কোখা যাব **অনুজ লক্ষ**ণ। কোথা গেলে সীতা পাব কর নিরূপণ।। মন বুঝিবারে বুঝি আমার জানকী। लुकाहेश आहिन लक्ष्मण (मर्थ (मर्थि।। বুঝি কোনু মুনি পত্নী সহিত কোথায়। रातलन जामकी ना जानाहेशा यांनाह ।। शामावती मीत चार् कमन कामन। তথা কি কমলমুখী করেন ভ্রমণ।।

পদ্মালরা পদ্মমুখী সীতারে পাইরা। त्रंथित्मन त्थि श्रेष्ठवरम सुकारेश।। চিরদিন পিপাসিত করিয়া প্রয়াস। চক্সকলা ভ্রমে রাত্ত করিল কি প্রাস।। রাজ্যচাত আমারে দেথিয়া চিন্তান্থিত।। হরিলেন পৃথিবী কি আপন ছুহিতা।। রাজাহীন আমি যদি হইয়াছি বটে। ব্ৰাজলক্ষী তথাপি ছিলেন সন্নিকটে।। আমার সে রাজলক্ষ্মী হারাইল বনে। কৈক্ষীর মনোভিষ্ট সিদ্ধ এত দিনে।। (म) मिनी यमन तुकांत जलशदत। লুকাইল তেমন জানকী বনান্তরে।। কনক লতার প্রায় জনক চুহিতা। বনে ছিল কে করিল তারে উৎপাটিতা।। দিবকৈর নিশাকর দীপ তারাগণ। দিবা নিশি করিতেছে তমোনিবারণ।। বোৰা লা ছবিতে পাৱে তিমির আমার। এক সীতা বিহনে সকলি অস্ত্রকার॥ দশদিক শূন্য দেখি সীতার অভাবে। সীতা বিনা অন্য কিছু হৃদয়ে না ভাবে।। সীতা ধ্যান সীতা জ্ঞান সীতা চিন্তামণি। সীতা বিনা আমি যেন মণিছারা ফণি।। দেখরে লক্ষ্মণ ভাই কর অস্বেষণ। সীতারে আনিয়া দেহ বাঁচাও ভীবন।। আমি জানি পঞ্চবটী অতি পুণাস্থান। ঠেই সে এখানে করিলাম অবস্থান।। তাহার উচিত ফল দিয়াছে আমারে। শূন্য দেখি তপোৰন দীতা নাই ঘরে।।

শুন পশু মৃগ পক্ষী শুন রক্ষ লতা। কে হরিল আমার সে চন্দ্রমুখী সীতা।। যাইতে দেখেন যাকে জিজানেন তাকে! দেখিরাছ ভোমরা কি এ পথে সীতাকে।। ওছে গিরি এ সময়ে কর উপকার। কহিয়া বাঁচাও জানকীর সমাচার।। হে অরণা! তুমি ধনা, বনা ব্লুক্ষণণ। কহিয়া সীতার কথা রাখহ জীবন।। গ্রীরাম বলেন শুন ভাই রে লক্ষ্মণ। গোদাবরী জীবনেতে ছাড়িব জীবন। এতেক বলিয়া রাম করেন ক্রন্সন। সীতা সীতা বলিয়া হৈলেন অচেতন।। जारे जारे विलया लक्ष्मण क्रांत कारले। গাঁথিল মুক্তার হার নয়নের জলে।। রজনীতে নিক্রা নাই ঘন বহে শ্বাস। সে ঘরে করেন রাম তিন উপরাস।।

বালী কর্তৃক জীরামকে ভং সনা।

ভূমে পড়ি বালী রাজা করে ছট্কটু।
ধাইয়া গেলেন রাম তাহার নিকট ॥
মৃগ মারি ব্যাধ যেন ধাইল উদ্দেশে।
ধাইয়া গেলেন রাম সে বালীর পালে।
রক্তনেত্রে জীরামের পানে চাহি বালী।
দস্ত কড়মড়ি করে দেয় গালাগালি॥
নিষেধিল ভারা মোরে বিবিধ বিধানে।
করিলাম বিশ্বাস চণ্ডালে সাধু জ্ঞানে॥
রাজকুলে জন্মিয়াছ নাহি ধর্মজ্ঞান।
সামারে মারিলে বাণ এ কোন বিধান॥

আবর বংশে জন্ম নতে জন্ম রম্বরংশে ( ধার্মিক বলিয়া সবে জোমারে প্রশংসে॥ এ क्रांन शर्म्बत कर्म कतिता ना जानि। অপরাধ বিদে বিমাশিলে মহাপ্রাণী॥ সবে বলে রামচন্দ্র দরার নিবাস। যত দয়া ভোমার তা আমাতে প্রকাশ।। তপশ্বির ছলে রাম এম এই বনে। কাহার বধিবে প্রাণ সদা ভাব মনে॥ সর্ব্ব লোকে বলে রাম ধর্ম অবভার। ভাল রাম দেখাইলে সেই ব্যবহার ॥ ভাই ভাই ঘন্দ করি দেখহ কোতৃক। আমারে মারিয়া রাম কি পাইলে সুখ। কোথাও না দেখি ছেন কথন না শুনি। অন্যের সহিত যুদ্ধে অন্যে হয় হানী। मन्त्रथा मन्त्रथी यपि मातिए एर वांव। একটা চপেটাঘাতে ৰ্ষিতাম প্ৰাণ। সন্মুথ সমর বুঝি বুঝিলা কঠোর। তেঁই রাম আমারে বধিলে হয়ে চোর॥ জ্ঞাত আ**ছ আমা**রে যেমন **আমি** বীর। আমার সহিত যুদ্ধে হইতে কি ছির।। সুগ্রীব আমার বাদী সাধি তার বাদ। অবিবাদে তৰি কেন করিলে প্রমাদ । (कमत्न त्मथात्व मूथ विशिष्ठ मर्गांदक। বিনা দোষে কপটে বধিয়া বালীরাজে॥ দশরথ রাজা ছিল ধর্ম অবতার। তীর পুত্র হইয়াছ কুলের অঙ্গার। মহারাজ দশরথ ধর্মে রভ মন। তার পুত্র ভূমি না হইবে কদাচন।

धर्महीम माना हिल्ल वारशंत्र श्रीत्रत । মিলিলে সাধিতে তুই পাপিষ্ঠ সুঞীবে ॥ পাপী পাপী মিলনেতে পাপের মন্ত্রণা। নত্বা আমার কেন হইবে যক্ত্রণা।। বানর হইতে কার্য্য করিতে উদ্ধার। তবে কেন আমারে না দিলে এই ভার।। এক লাফে পারাবার হইতাম পার। এক দিনে করিতাম সীতার উদ্ধার।। রাজপুত্র তুমি রাম নাহি বিবেচনা। কোন ছার মন্তি সহ করিলে মন্ত্রণা।। করিলাম কত শত বীরের সংহার। আমার সন্মুথেতে রাবণ কোন ছার।। রাবণ আসিয়াছিল রণ করিবারে। লেজে বান্ধি তুষাইকু চারি পারাবারে।। লেজের বন্ধন তার কিছিল্ল্যায় খনে। পায়ে পড়ি আমার সে উঠিল আকাশে।। ত্রিলোক বিজয়ী শিবভক্ত দশগ্রীব। কি করিবে তাহার নিকটে এ সুগ্রীব।। যদি হয় হইবে বিলম্বে বক্তর। মধ্যে এক ব্যবধান প্রবল সাগর।। যদ্যপি আমারে রাম দিতে এই ভার। এক দিলে করিভাম সীভার উদ্ধার।। আনিতাম রাবণেরে ধরিয়া গলায়। সেবক হইয়া রাম সেবিভ ভোমায়।। এ নহে বিচিত্র ভার আমি বালীরাজ। আৰারে না জানে কোন বীরের সমাজ।। বিস্তর ভৎ সিল রামে রণ ছলে বালী। क्रिकांग वला वाली क्रम प्रक गालि।।

সাগর দর্শনে তর ও সেনাগণের প্রতি অঙ্গদের উক্তি।

অসুগ্রহ করিয়া করিত্র সভাসদ। এবে देण्डा इड्ल लड्ड त्रांकाशम ।। না বুঝিয়া বসিলি অবিদ্যমানে মোর। বিভাষানে আমার সম্ভম নাছি ভোর।। আর দেখ আফর্যা সকল সভাজনে। দৈরিন্ধীরে বসাইল আমার আসনে।। মোরে নাছি ভয় করে নাছি লোকলাজ। পরস্কী লইয়া বৈদে রাজ সভামাঝ।। কহ বহন্নলা কেন অন্ত:পুর ছাডি। কঙ্কের সন্মুথে দাগুাইয়া কর যুজি।। হে বল্লভ স্থপকার ভোমার কি কথা। কার বাক্যে কঙ্কেরে ধরিলে দগুছাতা ॥ অশ্বপাল গোপালের কিবা অভিপ্রায়। এ দোঁতে কভেরে কেন চামর ঢুলায়।। রে সৈরিস্থী জানিলাম তোমার চরিত্র। গন্ধরের ভার্যা তুমি পরম পবিত্র।। এখন কছের সঙ্গে একি ব্যবহার। নাহি লজ্জা ভয় কিছু অগ্রেতে আমার।। বচনেতে বাপের উত্তর ভীত মন। আঁথি চাপি বাপেরে করিল নিবারণ।। কুমারের ইঙ্গিত না বুঝিয়া রাজন। উত্তরের বলিলেন সজেগধ বচন।। কছ পুত্র ভোমার এ কেমন চরিত। মম পুত্র হয়ে কেন এমত অনীত।। কঙ্কের অথ্যেতে করিয়াছ যোডহাত। মুখে স্তুতি বাক্য ঘন ঘন প্রণিপাত।। সেই দিন হৈতে তব বুদ্ধি হৈল আন। क्कटेहरा य मिन श्रीधन देवलि जीन ॥

আমা হৈতে শত গুণে ককে তব ভক্তি। নহিলে এ কর্ম্ম করে কঙ্কের কি শক্তি।। পুন: পুন: বিরাট করিল কট্জর। কোপেতে কম্পিত কায় বীর রকোদর।। নিষেধ করেন ধর্ম ইন্সিতে ভীমেরে। হাদিয়া অজ্জুন বীর কহিছেন ধীরে।। (य वलिला विद्रां है अनाथा किছू नह । তোমার আসন কি ই হার যোগ্য হয়।। যে আসনে এ তিন ভবন নমস্কারে। हेक्स यम वक्रण भारत लग्न फरत।। অথিল ঈশ্বর যেই দেব জগরাথ। ভূমি লুটি যে আসমে করে প্রণিপাত।। সে আসনে সভত বৈসেন যেই জন। কি মতে তাঁহার যোগ্য হয় এ আসন।। রুষ্ণি ভোজ অন্ধক কৌরব আদি করি। সপ্তবংশ সহ খাটে আপনি 🕮 হরি।। পৃথিবীতে যত বৈদে রাজরাজেশ্বর। ভয়েতে শরণ লয় দিয়া রাজকর।। দশ কোটি হন্তী যার প্রতিদ্বারে থাকে। অশ্ব রথ পদাতিক কার শক্তি লেখে।। দানেতে দরিত্র দা রহিল পৃথিবীতে। নির্ভয় অনুঃধী প্রজা যার পালনেতে ॥ যত অন্ধ্ৰ অথব অকৃতি অগণন। অনুক্ষণ গৃছে ভুঞ্জ যেন পুদ্ৰগণ ।। অফ্রাশী সহত্র বিজ মিত্য ভূপ্তে যরে। যে ক্রব্য যাহার ইচ্ছা পায় সর্ব্য নরে।। ভীমাজ্ব পৃষ্ঠভাগে রক্ষিত যাহার। তুই ভিতে রাম রুক্ষ মাতুলকুমার।।

পাশাতে বে রাজ্য দিয়া ভাই দ্রুক্তাখনে। खिमात्मम कामण ब्रह्मक खीर्थवामः।। হেন রাজা বুখিটির ধর্ম অবভার। ভোমার জাসৰ যোগ্য হয় कि है होत।। শুনিরা বিরাট রাজা মানি চম্থকার। অজ্জ নেরে কহিলেন বল আর বার ।। देनि यमि यूथिछित धर्म अधिकाति। কোথায় ইঁহার আর সহোদর চারি॥ कार्थात क्र**ामकम्या क्रथा छ** । वर्षी । ज्ञ कर दूरबला होने धर्म यति।। অজ্ ন বলেন হের দেখ নরপতি। তব স্থাকার যেই বল্লভবিখ্যাতি।। যাহার প্রতাপে যক্ষ রাক্ষর কম্পিত। ব্যান্ত সিংহ মল আদি তোমার বিদিত।। মারিল কীচক থেই ভোমার শ্যালক। দেখ এই রকোদর জলন্ত পাবক।। অশ্বপাল গোপাল বলায় চুইজন। সেই তুই ভাই এই মাজীর নন্দন।। এই পদ্মপলাশাকী সুচাৰভাবিণী। शाक्षां ताषांत कना। माम राष्ट्रामनी।। যার ক্রোধে শত ভাই কীচক মরিল। দৈরিন্ধীর বেশে তব গৃহেতে বঞ্চিল।। আমি ধনপ্রর ইহা জানহ রাজন। শুনিয়া বিরাট রাজা বিচলিত মন।। উদ্ধিবাক করিয়া পড়িল কত মুরে। পুনঃ পুনঃ উঠি পড়ি ধূলার ধুসরে।। সবিময় বলিলেশ ঘোড় করি পাণি। বহু অপরাধী আমি ক্ষম নৃপমণি।।

যুগিন্তির কহিলেন কেন ছেন কছ।
বক্ত উপকারী তুমি অপরাধী নহ ॥
নিজ গৃহ হতে সুখ তব গৃহে পাই।
তোমার সমান বন্ধু নাহি কোন ঠাই।।
মহাভারতের কথা অমৃত সমান।
কালীরাম দাস কহে শুনে পুণ্ডান ॥

#### নীতি বাক্য।

যার যত ধর্ম কর্ম সভা সম নছে। মিথ্যা সম পাপ নাই সর্কশান্তে কছে। মাতার বচন লভের যেই তুরাচার। যতেক সুক্রতি কর্ম্ম নিষ্কল তাহার॥ মাতার যে আছ্তা যতে করিবা পালন। ना कतिता वार्थ इत (वरमत वहन ॥ লোক, বেদ, হৈতে গুৰু শ্ৰেষ্ঠ বটে জানি। সব देहट उट्यकी इस श्विडा जनमी॥ जाधुकन कर्ष्य कडू बन्द ना अरवरना। নিজগুণ নাছি ধরে পরগুণ ঘোষে॥ क्शन कार या कि तम क्य मधाम । সদা আজ্ঞান কছে সে হয় অধম॥ পরম সঙ্কটে যেন ধর্ম চ্যুতি নছে। **এই উপদেশ মম যেন মনে** রহে॥ গৃহাশ্রমী হইরা বঞ্চিবে ষেই জন। অতিথি যে মাগে তাহা দিবে ততক্ষণ ৷৷ जलार्थीत जल मिर्टर, क्रिंशिंड अमन। নিজার্থীরে শ্যা, আর আন্তকে আসন ॥ অতিথি আইলে ঘরে করিবে যতন। কভদুরে উঠিয়া করিবে সম্ভাষণ ॥

# কবিরঞ্জন রামপ্রসাদ সেন।

সুপ্রসিদ্ধ হালিসহরের অন্তঃপাতী কুমারছট্ট গ্রামে, আমুমাণিক ১৬৪৪ বা ১৬৪৫ শকে কবিরঞ্জন রামপ্রদাদের জন্ম হয়। তিনি জাতিতে বৈদ্য ছিলেন। ভাঁহার পিতামহের নাম রামেশ্বর সেন ও পিতার নাম রামরাম সেন ছিল। রামপ্রাদান বাল্যকালে সংস্কৃত ও পারস্য ভাষায় সুশিক্ষিত হইয়াছিলেন। বয়ঃপ্রাপ্ত হইলে তিনি কলি-কাতাস্থ কোন সম্ভ্রান্ত ধনাচ্য ব্যক্তির বাটীতে মহুরিগিরি কর্ম্মে নিযুক্ত হন। তাঁছার প্রভ অতিশয় গুণগ্রাহী লোক ছিলেন, তিনি রাম-প্রসাদের কবিত্বগুণে বিমোহিত হইয়া তাঁহারে সংসার চিন্ধা পরিত্যাগ করিয়া কেবল কবিতা রচনা ও ঈশ্বর আরাধনা করিতে অমুরোধ করি-লেন এবং যাবজ্জীবন মাদিক ত্বিংশৎ মুদ্রা রুত্তি নিষ্ধারিত করিয়া তাঁহারে বাটা পাঠাইয়া দিলেন।

এই সময়ে কৃষ্ণনগরের অধিপতি সুবিখ্যাত রাজা কৃষ্ণচক্ত রায়, মধ্যে মধ্যে বায়ুদেবনার্থ রাজ-ধানী পরিত্যাগ করিয়া কুমারহট্টে আসিয়া অব-স্থিতি করিতেন। তিনি রামপ্রসাদের শক্তি

পরায়ণতা ও কবিত্ব গুণে পরিতৃষ্ট হইয়া তাঁহাকে ১০০ বিদা নিক্ষর ভূমি ও "কবিরঞ্জন" উপাধি প্রদান করিয়াছিলেন। রামপ্রদাদও ক্লতজ্ঞতা প্রদর্শনার্থ বিদ্যাসুন্দরের উপাখ্যান লইয়া 'কবি-রঞ্জন'' নামে একখানি পদ্যময় গ্রন্থ প্রণয়ন পূর্বক রাজারে সমর্পণ করেন। মহারাজ রামপ্রসাদকে ক্লফনগরের রাজসভায় রাখিবার ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন, কিন্তু তিনি তাহাতে সন্মত হন নাই। যাহা হউক রাজা কুমারহট্টে আসিলেই তাঁহার গীত শ্রবণে ও তাঁহার সহিত সদালাপে কালহরণ করিতেন। তৎকালে কুমারহট্রে আজু গোসাঁই নামে এক ব্যক্তি ছিলেন, সকলে তাঁহাকে পাগল মনে করিত। কিন্তু কবিতা রচনায় তাঁহার বেরূপ অসামান্য নৈপুণ্য ছিল তাছাতে তাঁছাকে পাগল বলিতে ইচ্ছা হয় না। কথিত আছে, রামপ্রসাদ কোন গান রচনা করিলেই আজুগোসাঁই তাহার একটা উত্তর দিতেন। কৌতুকপ্রিয় রাজা ক্লফচন্দ্র উভয়ের বিবাদ দেখিতে অতিশয় ভাল वामिएक। कविद्रक्षन कालोकीई त्नद्र अक चारन লিখিয়াছেন,

মিরিশ গৃছিণী গোরী গোপ বধু বেশ।
ক্ষিত্র কাঞ্চন কান্তি প্রথম বয়েন ॥
স্থরভির পরিবার সহত্রেক ধেন্তু।
পাতাল হইতে উঠে শুনি মার বেণু ॥
আজুগোসাঁই ইহার উত্তরে বলিয়াছিলেন।
না জানে পরন তন্তু, কাঁঠালের আমসত্ত্ব,
নেয়ে হয়ে ধেনু কি চরায় রে।
তা যদি হইত, যশোদা যাইত,

বাস্তবিকও যদ স্ত্রীলোকের গোচারণ প্রথা প্রচলিত থাকিত তাহা হইলে পুত্রবৎসলা যশোদা, কৃষ্ণকে গোন্তে প্রেরণ না করিয়া আপনিই গোচরণ ক্লেশ স্বীকার করিতেন, তাহার সন্দেহ কি। গোস্বামী যে এক জন অসাধারণ ভারুক ছিলেন তৎপ্রণীত এই পদটিই তাহার এক উৎক্লফ্ট প্রমাণ।

কবিরঞ্জনের স্বর তাদৃশ সুমধুর ছিল না, পরস্তু স্বরচিত পদাবলী গানে তাঁহার আশ্চর্য্য ক্ষমতা ছিল। কথিত আছে তাঁহার সঙ্গীত শ্রবণে দেবদ্বেষী হ্রাত্মা নবাব সিরাজউদ্দৌলার অন্তঃ-করণও দ্রবীভূত হইয়াছিল।

রামপ্রসাদ বামাচারী ছিলেন এবং উপসনার

অন্ধ বিবেচনায় কিঞ্চিৎ কিঞ্চিৎ সুরাপান করি-তেন। অনেকে তাঁছাকে মাতাল বলিয়া অবজ্ঞা করিত কিন্তু তিনি তাছাতে ক্রন্ধ বা বিরক্ত হই-তেন না। তাঁছার অন্তুত কবিশক্তি ও অসাধারণ শক্তিভক্তি দেখিয়া অনেকে তাঁছাকে দেবীর বরপুত্র বলিয়া বিশ্বাস করিত।

এরপ কিংবদস্তী আছে যে, একদা কালীপূজার বিসর্জ্জনের দিন প্রতিমার সঙ্গে সঙ্গে তিনি সুরধূনী তীরে গমন করেন এবং এক গলা গঙ্গাজলে দাঁড়াইরা কালীবিষয়ক পদ গান করিতে করিতে মানবলীলা সম্বরণ করেন।

পূর্বেই উক্ত হইয়াছে, রামপ্রসাদ কবিরঞ্জন
মামধেয় একথানি বিদ্যাস্থলর রচনা করেন।
তদ্মতীত তিনি কালীকীর্ত্তন ও ক্লফকীর্ত্তন নামে
অপর ছই থানি গ্রন্থ প্রণয়ণ করিয়াছিলেন।
এতন্তির বিস্তর পদাবলী রচনা করিয়া যান।
আনেকে বলেন তিনি এক লক্ষ্ণ শীত রচনা
করিয়াছিলেন, কিন্তু একথা কতদূর সত্য তাহা
আমরা নিশ্চম বলিতে পারিনা। ক্লফকীর্ত্তন
নামক গ্রন্থানি এক্ষণে নিতান্ত হুপ্রাপ্য।

কালীকীর্দ্তনের রচনা অতিশয় মধুর এবং উৎক্রফ ভাব সমূহে পরিপূর্ণ। কবিরঞ্জন প্রণীত বিদ্যা-কৃন্দর বাঙ্গালা ভাষার একখানি প্রধান কাব্য। ইহাতে তোটক প্রভৃতি নানাবিধ স্থতন ছন্দ সন্নি-বেশিত দেখিতে পাওয়া যায়। কিন্তু ইহার রচনা স্থানে স্থানে কর্কশ ও ভাটিল বলিয়া বোধ হয়।এই কবিরঞ্জন বিদ্যাসুন্দরকেই আদর্শ করিয়া ভারত-চন্দ্র তাঁহার স্থাসিদ্ধ বিদ্যাসুন্দর রচনা করেন।

রাণীর প্রতি বিদ্যার প্রবেধ বচন।

এ কথা কছিল যদি কন্যা মনোছরা।
মহী-পতি-মছিলা মৃচ্ছিত পড়ে ধরা॥
চেতন পাইরা কছে, কহ চন্দ্রমুথি।
মাতৃহত্যা ভর বাছা নাছি এক টুকি॥
কেমনে এমন কথা কহ তুনি বিয়ে।
বিদেশে পাঠায়ে তোমা অভাগী কি জীয়ে॥
দশনাস গর্ভে বটে দিয়াছি গো ঠাই।
পারাছিলে কত কট তার সীমা নাই॥
পালিলাম এত কাল নিত্য চিত্ত স্থে।
এখন ছাড়িতে চাহ ছাই দিয়া মুখে॥
তোমার নাছিক দোষ বিধাতা নিঠুর।
শহা নাই তাই বিদ্যা যাবে এত দুর॥
হরি হরি কারে কব ললাটের লেখা।
জীবনে মরণে বুঝি আর নাছি দেখা॥

विमा वत्न, यांत्रा जुमि यां कह अमान । रेशर्वावलञ्चन करत क्यार्ट्ड यात क्लान ॥ কার পুদ্র, কার কন্যা, কার মাতা পিতা। সর্বামিখ্যা সভ্য এক নগেন্দ্র চুহিভা ॥ বিষম যাহার মারা সংসার ব্যাপিনী। কোতৃক দেখেন কর্মতোগ করে প্রাণী। বেদেতে বিদ্বান বেদব্যাস মহামুনি। মায়াতে ভুলিল তেঁহ শাস্ত্রে হেন শুনি। শুকদেৰ জিয়ালেন তাঁহার ত্রয়। সুখ দু:খ হীন তনু জ্ঞানী মহাশয়॥ ভূমিগত হবামাত্র স্বকর্মে প্রস্থান। কের ফের বলে মুনি পাছে পাছে যান।। কত দুরে নারীচয় করে জল ক্রীড়া। নগ্ন তারা, শুকে দেখি না করিল ব্রীডা॥ কাল গৌণে তথা উপস্থিত ব্যাস মুনি। मनब्बिज। कृत्न डेर्फ यज मिमसिनी। राजिश करहम मूनि, ८३ कान कर्म ॥ বুঝিতে মা পারি ভোমা সবাকার মর্ম্ম॥ যুবা পুত্র গেল মোর এই পথ দিয়া। लक्का ना भाइत्ल मत्न तम जत्न तमिशा॥ ব্ৰদ্ধ আমি আমাকে দেখিয়া এত লজ্জা। वनमापि পরিলা ধরিলা পূর্ব সজ্জা॥ সবিনয়ে কছে তারা শুনহ গোঁসাই। মহাযোগী শুকদেব বাহ্যজ্ঞান নাই॥ মায়াতে মোহিত তুমি মূলি মহাশয়। তোমারে দেখিয়া মনে জম্মে লজ্জা ভয়॥ সুত স্নেহে মুনি তুমি চলেছ পশ্চাত। শুক নাহি ভাবেন ডাকেন পাছে ভাত॥

লজ্জা পেয়ে মুনি চলি গেলা নিজ পুরে। প্রবোধ জন্মিল চিত্তে খেদ গেল দুরে॥ সর্বাশাস্ত্র বিজ্ঞ মুনি তাঁর এত জ্বালা। কি দোষ ভোষার মাগো ভূমি ভ অবলা॥ নিরভি মার্মের কথা কছিলাম মাতা। প্রবৃত্তি মার্কের হৃষ্টি হৃজিলা বিধাতা ॥ পাছে নাহি বুরো পরে করে অনুযোগ। কন্যা পুত্ৰ কৰিলে কেবল কৰ্মভোগ। "তভামহং সম্পদদে" কহিলে বচন। গোত্র ভিন্ন হয়ে পড়ে দৈবের ঘটন ॥ পর পুত্র, জনদী গো হয় হর্তা কর্তা। শাস্ত্রে কছে রম্ণীর মহাগুরু ভর্তা। त्रांभी करह, हक्कांनरन जुमि त्रमा नमा। বিশ্বকে বুঝাতে পার গুণে নাছি সীমা॥ কিছু কিছু বুঝি বটে এই শাস্ত্র নীত। তথাচ বিদরে বুক মারাতে মোহিত॥ कल देशवादनत आत्र मन नट्ट चित्र। कार्लिक विद्वक कर्ल विमाद भारी है। পুনরপি কছে বিদ্যা, মন কর দড়। শোকে সর্বা ধর্মলোপ, শোকে পাপ বড়॥ जजल नग्रत करह यउ जहहती। ছাড়িয়া মমভা তুমি যাবে কি স্থন্দরী। क्ति करह विमला कमला ছেডে यां। জন্মশোধ দেখি চাঁদ মুখ তুলে চাও॥ সঙ্গে যাবে যারা তারা সহর্বদন। যে না যাবে কত কৰ তাহার যাতন ॥

#### काली कीर्डन।

গিরিবর । আর আমি পারি নে হে, अरवांश मिरक देशारव। छैमा, किंदम कदत्र अखिमान, नाहि कदत छन शान, নাতি থায় ক্ষীর ননি সরে। ठां जियत्नय मिनि, गगर्ग जेमग्र निन, छेमा बटल धरत एक छेशारत ॥ আমি পারিনে ছে. প্রবোধ দিতে উমারে. कैं। पिरा कुलांटल खाँथि, मलिन अ मुथ (पिथ, মায়ে ইছা সহিতে কি পারে॥ আয় আয় মামাবলি, ধরিয়ে কর অঙ্গুলি, যেতে চায় মা জানি কোথারে॥ আমি কহিলাম ভায়. চাঁদ কিরে ধরা যায়, ভষণ ফেলিয়ে মোরে মারে। উঠে বোসে গিরিবর করি বত সমাদর. গোরীরে লইয়া কোলে করে। मानाम कहिए हामि। धत मा अहे लख मेनि. युक्त लहेश मिल करत । মুকুরে ছেরিয়া মুখ, উপজিল মহাসুখ, বিনিন্দিত কোটি শশধরে॥ জীরামপ্রসাদে কর, কত পুণ্য পুঞ্জ চয়, জগত জননী যার ঘরে। কহিতে কহিতে কথা, সুনিদ্রিতা জগদাতা, भाषाहेल भालक छेभरत।

#### লব কুশ শরে মৃহ্যাপ্রাপ্ত জীরামচন্দ্রে দেখিয়া সীভার বিলাপ।

মোরে বিধি বাম গুণলিধি রাম
কি দোঝে গেলে ছাড়িয়ে হে।
জনক প্রহিতে কাঁদিতে কাঁদিতে,
লব কুশ দোঁছে লইনা সহিতে,
আইল জীবননাথেরে দেখিতে,
শিরে কর হানি পড়িয়া মহীতে,

হাহাকার রব করিয়ে হে।
সীতার লোচনে সলিল পড়িছে ঝরিয়া,
রামের ছুপানি চরণ ধরিয়া,
কাঁদেন জননী কফণা করিয়া,
কোথাকারে প্রভু গেলে হে চলিয়া,

কোন্ অপরাধ পাইয়ে ছে।।
অভাগিনী ভাকে উঠনা তুরিত.
শুনিয়া না শুনো এ কোন্ উচিত,
কমল নয়নে চাহনা চকিত,
বিদরে পরাণো কর না ছুগিত,

প্রবোধ দেহনা উঠিয়ে ছে।
ধূলায় ধূবর এ ছেন শদীর,
দুকুল আকুল হোয়েছে কটির,
ললাট কলকে পড়িছে কধির,
দিবদে সকলি দেখিছে ডিমির,

আলো কর প্রভু জাগিয়ে ছে ॥ কর ছোভে ধরু পড়েছে খসিয়া, কে ছানিল বাণ বিষম কসিয়া, লাশিল জীবন হৃদয়ে পশিয়া, কেমনে এমন দেখিব বসিয়া,

পরাণ যাইছে কাটিয়া হে ।

যথন ছিলাম জনক বাসেতে,
আমারে দেখিয়া কছিত লোকেতে,
বিধবা চিহ্ন নাছিক তোমাতে,

এবে এই জিল মোর কপালেতে.

সথা ! কোথা গেলে চলিয়ে হে ॥
ললাট লিখন স্বুচাতে নারে,
আপনি উদরে গরেছি যারে,
তনর হইয়া বদিল পিডারে,
আহা নাথ! কাহে! কি হোল আমারে,

উপায় না দেখি ভাবিয়ে ছে।
ধিকু ধিকু তোৱে বলি রে ভন্য,
বুঝিলাম ভোরা আমার ভ ন্য,
এমন করিতে উচিত নয়,
ভাভরে লইলি যমের আলয়,

ইংগ দেখি আমি বসিরা, হে॥ এ ছার ভীবন কেমনে রাখিব, তোমার নিকটে এখনি মরিব, জালি চিতা আমি ডাংগতে পাশিব, নাই হলাহল অশম করিব,

কি কাজ এ দেহ রাখিয়ে হে।
রামপ্রসাদ কহিছে শুন মা জানকী,
রামের মহিমা তুমি না জান কি,
প্রবোধ মান মা কমল কানকী,
এথনি উঠিবেন রাখ্য ধানুকী,

प्रिथित नम्रम छतिरम शा।

#### शनावनी।

আমার দেওনা তহবিজ্ঞানী,
আমি নিমক হারাম নই শছরী,
পাদরত্ব ভাণ্ডার সবাই লোটে ইহা আমি সইতে নারি!
ভাঁড়ার জিল্মা আছে যার সে যে ভোলা ত্রিপুরারী ॥
শিব আশুতোয স্কভাব দাতা তবু জিল্মা রাথ ডারি,
অর্জ্ঞান্ধ ভাররির তবু শিবের মাইনে ভারি,
আমি বিনা মাইনার চাকর কেবল চরণ ধূলার অধিকারী।
যদি তোমার বাপের ধারা ধর তবে বটে আমিহারি॥
যদি আমার বাপের ধারাধর তবে ভোমা পেতে পারি,
প্রসাদ বলে এমল পদের বালাই লোয়ে আমি মরি,
ও পদের মত পদ পাইতো দে পদ লয়ে বিপদ সারি।

মন তোর ক্ষিকাজ এদেনা।
এমন মানব জনম রইল পড়ে আবাদ কর্লে ফল্তো দোনা॥
কালী নামের দেওরে বেড়া ফদলে তছরপ হবে না।
দে যে শক্ত বেড়া মুক্ত কেশী তার কাছেতে যম ঘেঁদে না॥
অন্ত অব্দ শতান্তে বা বাজাগু হবে জাননা।
এখন আপন ভেবে যতন করে চুট্রে কদল কেটে নেনা॥
গুক্ত রোপন করেছেন বীজ তার ভক্তি বারি সেঁচা দেনা
ওর্ব্রক্লা যদি নাসেঁচতে পারিস রাম্প্রসাদকে সঙ্গেননা"॥

কাজ হারালাম কালের বংশ। মন মজিল মিছে রঙ্গ রংস ॥
যথন ধন উপার্জন করেছিলাম দেশ বিদেশে।
তথন ভাই বন্ধু দারা সুত সবাই ছিল আমার বংশে॥
এখন ধন উপার্জন না হইল দশার শেষে।
সেই ভাই বন্ধু দারা সুত নিধন বংল সবাই রোধে॥

যমদূত আদি, শিয়রেতে রসি ধর্ম্বে যখন অপ্রকেশে, তথন সাজায়ে মাচা. কলসী কাচা, বিদায় দেবে দণ্ডিবেশে। হরি হরি বলি, খাশানেতে কেলি যে যার যাবে আপন বাসে। রামপ্রসাদ মোলো, কালা গোল, অল থাবে আনায়াসে॥

> वल स्थि खाइ कि इस मला। अहे वीकानुवाक करत मकरला।

কেউ বলে ভূত প্রেত হবি, কেউ বলে তুই স্বর্ধে যাবি, কেউ বলে সালোকা পাবি, কেউ বলে সাযুজা দেলে। বেদের আভাস, তুই ঘটাকাল, ঘটের নাশকে মরণ বলে। গুরে শ্নোতে পাপপুণা গণা, মানাকোরে সব থোয়ালে। প্রসাদ বলে যা ছিলি ভাই, ভাই হবিরে নিদান কালে। যেমন জলের বিশ্ব জলে উদর, লর হয়ে সে মিশায়জলে॥ নিভান্ত যাবে দীন এ দিন যাবে কেবল ঘোষণা রবে গো।।

তারা নামে অসংখ্য কলঙ্ক হবে গো॥
এসেছিলাম ভবের হাটে, হাট কোরে বোসেছি যাটে,
এমা শ্রীস্থা বসিল পাটে নেয়ে লবে গো।
দশের ভরা ভৱে নার, ছংখী জনে কেলে যায়,
এমা তার ঠাই যে কড়ি চায় সে কোথা পাবে গো।
প্রসাদ বলে পাষাণ মেয়ে, আসান দেনা ফিরে চেয়ে॥
আমি ভাসান দিলাম গুণ গেয়ে ভবাণ্বে গো॥

ভারা ভোমার আর কি মনে আছে।
ওমা এখন যেমদ রাখনে স্থুবে ভেম্নি সুখ কি পাছে।
শিব যদি হন সভাবাদী, তবে কি ভোমার সাধি।
মাগ ওমা কাঁকির উপরে কাঁকি ভান চকু নাচে॥
আর যদি থাকিত ঠাঁই ভোমারে সাধিভাম নাই।
মাগো ওমা দিয়ে আশা কাইলে পাশা তুলে দিয়ে গাছে।
প্রসাদ বলে মন দড় দক্ষিণার ভার বড়
মাগো ওমা আমার দকা হল রকা দক্ষিণা হয়েছে॥

## ভারতচন্দ্র।

বর্দ্ধমানের অন্তঃপাতী ভুরস্থট পরগণার মধ্য-স্থিত পাণ্ড,রাঞামে ১৬৩৪ শকে কবিবর ভারত-চক্রের জন্ম হয়। তাঁহার পিতা নরেব্রুনারায়ণ ৰুখোপাধ্যায় এক জন সম্ভ্রান্ত জমীদার ছিলেন। নরেন্দ্রনারায়ণের চারি পুত্র ছিল, তন্মধ্যে ভারত সর্ব্ব কনিষ্ঠ ছিলেন। নয় বৎসর বয়ংক্রমের সময় ভারতচন্দ্র পিতৃগৃহ পরিত্যাগ করিয়া পলায়ন করেন এবং মগুলঘাট পরগণার অন্তর্গত নওয়া-পাড়া গ্রামে মাতুলালয়ে বাস করিয়া তাজপুর প্রামে সংস্কৃত শিক্ষা করেন। চতুর্দ্দশ বর্ষ বয়ঃক্রম কালে ব্যাকরণ অভিধানাদি শাস্ত্রে বিলক্ষণ ব্যুৎ-পত্তি লাভ করিয়া বাটী প্রত্যাগমন করেন। পরস্তু ভ্রাতৃগণের সহিত অসম্ভাব উপস্থিত হওয়াতে পুন-রায় জন্মভূমি পরিত্যাগ করিলেন এবং হুগলির সন্নিহিত দেবানন্দপুর নামক প্রামে রামচন্দ্র মুন্সী নামে জনৈক সম্ভ্রান্ত কায়ন্তের আশ্রয়ে অবস্থান করত পারদী পড়িতে প্রব্রত হইলেন। এই সময়ে তিনি ছই খানি সত্যনারায়নের পুঁথি রচনা

করেন। কথিত আছে, মুন্সী মহাশয়ের বাটীতে এক দিবস সভ্যনারায়নের কথার সময়ে সকলে তাঁহাকে পাঠকতা করিতে বলেন। ভারতচন্দ্র তাহাতে সমত হইয়া অমনি তখনি স্বয়ং এক খানি প্রস্কু রচনা করেন এবং উপস্থিত সভায় সেই খানি পাঠ করিয়া সৰুলকে চমৎক্রত করেন। धिर नगरा जाँका व्यक्तिम शक्ष्मम वर्रात অধিক হয় নাই। এতাদৃশ অপ্শ বয়সে ঈদৃশ রচনা সামান্য কবিত্বের পরিচারক নছে। ফলতঃ উত্তর কালে ত্তিনি যে অত্যুদ্ধত পদে অধিরোহণ করিবেন ঐ দিবসেই তাহার প্রথম নিদর্শন প্রদর্শন করেন। সত্যনারারণের কথা হইতে কবির পরিচয়স্থচক কয়েকটা কবিতা উদ্ধৃত করা গেল।

ভরন্থাক অবভংশ কুপতি রায়ের বংশ
সদাভাবে হত কংশ কুরস্কুটে বসতি।
নরেন্দ্র রায়ের সুত ভারত ভারতীযুত
কুলের মুখটীখাতি বিভ পদে সুমতি ।
দেবের আনন্দ ধাম দেবানন্দ পুরনাম
তাহে অধিকারী রাম রামচক্র মুজী।
ভারতে নরেন্দ্র রায় দেশে যায় মশগায়
হরে মোরে কুপাদার পড়াইল পারসী।

অনস্তর বিংশতি বর্ব বয়ঃজম কালে পারসীতে ক্তবিদ্য হইয়া পিত্রালয়ে প্রতিগমন করিলেন। কিয়দ্দিবস পরেই ভাঁছার পিতা ভাঁছাকে বর্দ্ধমানের রাজ দরবারে স্থীয় বিবয় সহজে যোকোরি করিতে প্রেরণ করেন। কিন্তু তথাকার রাজকর্মচারিগণের চক্রণত্তে পডিয়া ভারতচন্দ্র কারারত হইলেন। পরে রক্ষিদিগের ক্রপার নিষ্কৃতি প্রাপ্ত হইয়া कठेरक शमन कत्रिरमन। उरकारम के श्राप्तम মহারাক্তীয়দিগের অধীন ছিল। ভারতচন্দ্র লিবভট্ট নামা তত্ত্ৰত্য দয়াশীল সুবেদারের আশ্রেয়ে অব-স্থিতি করিতে লাগিলেন। পরে ঐপুরুষোত্তম ধামে বাস করিবার অভিলাব প্রকাশ করিলে সুবেদার সমুদায় বন্দোবল্ড করিয়া দিলেন এবং ভারতচন্দ্র তদীয় অনুতাহে পরম সুখে ভগবান শঙ্করাচার্য্যের মঠে থাকিরা শ্রীমদন্তাগবতাদি ভক্তি শাস্ত্র অধ্যয়ন ও বৈষ্ণবগণ সঙ্গে শাস্ত্রালাপ করিয়া আপনিও একজন পর্ম বৈষ্ণব হইয়া উঠিলেন। কিয়ৎ কাল এই রূপে অতিবাহন করিয়া জীরন্দা-वन मर्मनार्थ योखा कदिएम। शिथमध्य अनिक আত্মীরের প্রবর্তনা পরতন্ত্র হইয়া পুনর্কার সংসার

धर्मा श्रव्य इहरमन। किश्रामन भावना श्राप्त স্বীয় খণ্ডরালয়ে বাস করিয়া বিষয়কর্মের অন্বেষণে বহিৰ্গত হইয়া করাদীগবৰ্ণমেণ্টের দেওয়ান ইন্দ্ৰ-নারায়ণ চৌধুরীর সমীপে উপস্থিত হইলেন। চৌধুরী মহাশার তাঁহার গুণ্ঞামের স্বিশেষ পরিচয় পাইয়া নবদীপাধিপতি রাজা রুষ্ণচন্দ্র রায়কে তাঁছারে প্রতিপালন করিবার নিমিত্ত অনুরোধ করিলেন। রাজাও আগ্রহাতিশয় সহকারে মাসিক চল্লিশ টাকা বেতন নির্দ্ধারিত করিয়া তাঁহারে আপনার সভাসদ করিলেন। ভারত-চন্দ্র ফুললিত কবিতা সকল রচনা করিয়া রাজার মনোরঞ্জন করিতে লাগিলেন। গুণগ্রাহী মহারাজ তাঁহারে গুণাকর উপাধি দিয়া কবিকঙ্কণ মুকুন্দ রাম চক্রবর্ত্তী প্রণীত চণ্ডীমঙ্গলের অনুরূপ এক খানি অন্নদামজল রচনা করিতে আদেশ করিলেন। এইরূপে বিখ্যাত অন্নদামক্ষল মহাকাব্যের সৃষ্টি হইল। পরে মহারাজ ক্লফচন্দ্র কবিরঞ্জন রাম প্রসাদ দেব বিরচিত বিদ্যাস্থ্রুর প্রাপ্ত হইয়া ভারতচন্দ্রকে তদমুরূপ আর একখানি কাব্য প্রণয়ণ করিতে অমুরোধ করিলেন। বর্দ্ধনানের রাজ-

পরিবারের প্রতি মহারাজ ক্লফচন্দ্রের বিলক্ষণ বিষেষ ছিল এবং ভারতচন্দ্রের ছদয়েও বর্দ্ধমানের কারাবাসাদি ক্লেশ জনিত দারুণ রোৱানল প্রজ্বলিত ছিল। সুতরাং তিনি মহোল্লাস সহকারে বর্দ্ধমান রাজবংশের গ্লানি স্ফুচক ইতিহাস লইয়া বিদ্যাস্থন্দর মহাকাব্য রচনা করিয়া কৌশলক্রমে উহা অনুদা-মঙ্গলের মধ্যে সন্ত্রিবেশিত করিয়া দিলেন। তৎপরে মানসিংহ, রসমঞ্জরী, নাগান্টক এবং অন্যান্য কতক গুলি কুদ্র কুদ্র কাব্য রচনা করেন। অনস্তর মহারাজ মুলাযোড় আমে তাঁহার নিমিত যে বাটা নির্মাণ করিয়া দেন তথায় জীবনের শেষ ভাগ অতিবাহিত করিয়া :১৮২ শালে ৪৮ বংসর বয়ক্রম কালে পরলোক গমন করেন।

অনেকেই বলেন ভারতচন্দ্র বাঙ্গাভাষার মর্ব-প্রধান কবি। কিন্তু যাঁহারা কবিকঙ্কণ প্রণীত চণ্ডীকাব্য পাঠ করিয়াছেন তাঁহারা একথা কখনই স্থীকার করিবেন না। ভারতচন্দ্রের যেরূপ রচনা শক্তি ছিল, আক্ষেপের বিষর, তাদৃশ কম্পেনা শক্তি ছিল না। তিনি চণ্ডীকে আদর্শ করিয়া জন্ধামন্ত্র প্রণয়ণ করেন। কবিবছণের ন্যায়

ভারতচন্দ্র স্থীয় কাব্যের প্রারন্তে মণেশাদি দেবতা-मिट्राइ वस्त्रा, मृष्टि श्राक्तित्रा, सक्त्रक, भार्वजीत जन्म ও বিবাহ, হরগৌরীর কমল প্রভৃতি লিখিয়াছেন। তন্ত্রি শাপজ্ঞ নারক নারিকার জন্মপরিপ্রাহ, ভগবতীর বৃদ্ধবৈশধারণ শব্দশ্লেষ সহকারে ভগ-বতীর আত্মপরিচর প্রদান ইত্যাদি বিষয় সকল চণ্ডীকাব্যের অণুকরণযাত্র তাছার সম্পেহ নাই। বিদ্যাসুন্দর কাব্যও তাহার স্বকপোল কণ্শিত নহে। পূর্বেই উক্ত হইয়াছে কবিরঞ্জন কিন্তা-কুম্মরকে আদর্শ করিয়া তিনি স্বীয় বিদ্যাসুম্মর কাব্য প্রাণয়ণ করেন। কথিত আছে, বররুচি সংক্ত ভাষায় এক খানি বিদ্যাসুন্দর রচনা করিয়া বান। সংস্কৃত ভাবার বররুচি বিরচিত বিদ্যাসুন্দর নামে এক থানি কাব্য আছে কিন্তু বররুচি তাহার প্রণয়ণ করিয়াছিলেন কিনা তাহা আমরা নিশ্চয় বলিতে পারি না । স্থপ্রসিদ্ধ চোর পঞ্চাশৎ নামক ৫০টা শ্লোকও চোরবিহলন নামক এক জন প্রাচীন কবির বিরচিত। মালিনীর বেদাতির হিদাব, সুপুরুষ দর্শনে কামিনী-দিগের নিজ নিজ পতিনিকা, মুলানে পিশাচ সেনার

সহিত রাজদেনার বুদ্ধ, দেশগমনোৎস্কুক পতির নিকট রাজকন্যার বারমাস বর্ণন, বড়ে রুটি দ্বারা দেশ বিপ্লাবন ইত্যাদি বিষয় গুলি যে চণ্ডীকাব্য দক্তে বির্হিত হইয়াছিল ইহা বলা বাহুল্য মাত্র। याहा इडेक छात्र उहर सुद्ध सार्थ सुरमक्षक वन-ভূমিতে আর কথন জন্ম গ্রহণ করে নাই। তাঁহার রচনা ষেরূপ সরল, মধুর ও ললিত সেরূপ আর কোথাও লক্ষিত হয় না। তৎপ্রণীত সুললিত ভাষাগীত শ্রবণ করিলে অন্তঃকরণ আনন্দভরে ৰুত্য করিতে থাকে। আদিরস বর্ণনায় তিনি অসামান্য ক্ষতা প্রদর্শন করিয়াছেন, কিন্তু হঃখের বিষয় এই যে, স্থানে স্থানে এরপ অল্লীল হইয়াছে যে বিরলে বসিয়া পাঠ করিতেও লজ্জা বোধ হয়। বিরাম ও মিত্রাক্ষর বিষয়েও তাঁছার কবিতাবলী অন্যান্য কাব্যনিচয় হইতে শ্রেষ্ঠ। বস্তুতঃ অন্নদামঙ্গল ও বিদ্যাসুন্দর, কবিত্ব, ছন্দোবন্ধ মিত্রাক্ষর ও প্রসাদগুণের একত সমাবেশ বশতঃ যার পর নাই মনোহর হইরাছে।

#### গাৰ ৷

ভয় দেবী জগস্থায়ি দীনদয়ামরি শৈলস্থাত কৰণানিকরে।

জয় চণ্ডবিনাশিনি মুণ্ডনিপাতিনি গুর্গবিষাতিনি মুণ্যতরে॥

জর কালি কপালিনি মন্তক্নালিনি ধর্ণরধারিণি শুলধরে।

জয় চণ্ডি দিগন্ধরি ক্রীর শক্তরি কেধিকি ভারতভীভিছরে॥

দক্ষের শিবনিন্দা ও সভীর দেহত্যাগ।

সভাজন শুন, জামাতার গুণ, বয়সে বাপের বড। কোন গ্ৰণ নাই, যেথা সেখা ঠাই, সিদ্ধিতে নিপুণ দড।। মান অপ্যান, সুস্থান কৃষ্ণান, অজ্ঞান জ্ঞান সমান। नाहि जात्न धर्म. नाहि मात्म कर्म. हमात्म ज्या (ख्वान ॥ যবনে ত্রাক্ষণে, কুকুরে আপানে, আশানে সরগে সম। গরল থাইল, তবু না মরিল, ভাঙ্গডের নাহি যম। पूर्व हुथ कारन, हुरथ सूथ मारन, शहरलारक नाहि छह। कि जांजि एक जारन, कारत नाहि मारन, मना कमारात्रमत्।। কহিতে ত্রাকাণ, কি আছে লকণ, বেদাচার বহিষ্কৃত। ক্ষতিয় কথন, নাহয় ঘটন, জটা ভুমা আদি ধৃত। यक्ति देवना करा, हांति (क्रम मस, नांकि (क्रांन वादमांस । भूत वरल क्रवा, श्विक प्रत त्रवा, मार्शत रेशर शनात ॥ গুহী বলা দায়, ভিক্লা মাগি থায়, না করে অতিপিদেবা। সতী ঝি আমার, গৃহিণী ভাছার, সন্ন্যাসী বলিবে কেবা u वनम् विलाख, माहि लात हिल्ड, देवलांग नार्याख चत । जाकिनी विश्वती, मार उन्नहाती, A कि मशालाल हत ॥

সতী ঝি আমার, বিচ্যুত আকার, বাতলের হৈল জায়া। আমি অভাজন, পরম ভাজন, ঘটক নারদ ভায়া॥ जाश मति मिल, कि (मिथ छुर्नेजि, अब विमा देशला काली। (जामांत कुशाल. श्रेत वीच्छाल. खामांत दहिल गीलि ॥ शिव निन्ता छनि, त्रांख यक मनि, प्रशीष्ठि अभक्ता आपि। प्रत्म गालि पिशा, हिलला छेठिता, अवरण कत आक्हापि। তবু পাপ দক্ষ, নি**দ্দি কত লক্ষ্য, সতী সম্বো**ধিয়া কছে॥ তার মৃত্য নাই, তোর নাহি ঠাই, আমার মরণ নহে। মোর কন্যা হয়ে, প্রেড সঙ্গে রয়ে, ছি ছি এ কি নশা তোর। আমি মহারাজ, তোর এই লাজ, মাথা থেতে এলি মোর। বিধবা যথন, হউবি তথন, অল্ল বস্ত্র ভোরে দিব। সে পাপ থাকিতে, নারিব রাখিতে, তার মুখ না দেখিব। शिवनिका श्रीन, महाकृष श्रीन, कहिए लागिल मणी। শিবনিন্দা কর, কি শক্তি ধর, কেন বাপা হেন মতি॥ যারে কালে ধরে, সেই নিম্পে হরে, কি কছিব তুমি বাপ। তব অঙ্গজনু, তেজিব এ তনু, তবে যাবে মোর পাপ॥ তিনি মৃত্যপ্রয়, গালিতে কি তর, মোর যেতে আছে ঠাঁই। কর্ম মত ফল, যজ্ঞ যাবে তল, তোর রক্ষা জার নাই। र्य गृर्थ श्रीमत, निम्मिल नंकत, रम गुथ इरव छाशल। এতেক কহিয়া, শরীর ছাডিয়া, উত্তরিলা হিমাচল ॥ হিম্পারি পতি, ভাগাবান অতি, মেনকা ভাষার জায়।। পর্ব তপ বরে, ভাছার উদরে, অনমিলা মহামায়া।। मजी (पर जारा, मन्दी मर्गातारा, मजुरत र्गला देकनारम । र्मना तथ लात, त्यांकांकुल रहत, निरंतिमला क्रुंखिरात्म ॥ श्रीनश महत, मादिक्छ कांछत, विखत देवला त्रांपन। लारा निकान, कतिला गमस, कतिए पण पमन ॥

#### मिटवत सक्तामत यांजा ।

মহাক্তরতে মহাদের সাজে। ভত্তম ভত্তম শিকা বোর বাজে। लडोशडे बडोब्ड मध्यक्त गंजा। इनक्तु हेन्द्रेलु क्लक्त् उत्रा कर्नाकन कर्नाकन क्रिकेश शांटक । দিনেশ প্রতাপে নিশামাথ সাতে। थकश्रक थकश्रक् ज्ञाल विक छोला। ववस्यु ववस्यु सङ्ग भन्न गोरल ॥ मनश्ल मनश्लु गत्न मुख्यांना । কটাক্স সন্দ্যামরা ছব্তিভালা ॥ भाग वर्ष अभी करत स्माल गुरल। মহাযোর আন্তা পিনাকে তিপুলে॥ ধিরা তা ধিরা তা ধিরা ভুত লাচে। উलकी উल**ङ शिभांही शिभांट**ह ॥ সহত্রে সহত্রে চলে ভুত দানা। হুত্তার **হাঁকে উড়ে সর্গরাণা** ॥ চলে देख्यवा देख्यकी मिन्न जुली। মহাকাল বেডাল ডাল ত্রিশুকী ম চলে ডাকিনী যোগিনী যোর বেশে। চলে শাঁধিনী পেতিনী মুক্ত কেশে॥ शिवा प्रक गटक जटन गक नाटना। कथा ना जटत बक्कतांटक खतांटम ।। অবুরে মহাকরে ভাকে গভীরে। जारत दा जारत मक्क रम दा मजीरत । ভুজন্মপ্রবাতে কছে ভারতী দে। मजी पा मजी पा मजी पा मजी पा ॥

#### सक्रम्खनान ।

ভূতনাথ ভূতনাথ দক্ষত নাশিছে। यक्त तक लक लक बाँड बाँड शिंतरह ॥ প্রেভভাগ সাসুরাগ ঝকা ঝকা ঝাঁপিছে। যোর রোল গওগোল চৌদ্ধ লোক কাঁপিছে ॥ দৈন্যস্ত মন্ত্ৰপুত দক্ষ দেয় আছডি। ভাষি ভার সৈন্য ধার অখ দালি মাছতি।। टेवित्रिशक्त सक्त तक्त कज्जवर्श जिल्ला। यां वां व के मिथां व मक तम दें किया ॥ সে সভার আত্মগার করে দেন নির্ভি। দক্ষরাজ পায় লাজ আর নাহি নিছ্তি॥ কত্র দৃত ধার ভূত নিক্ষ ভূসি সঙ্গিরা। যোরবেশ মুক্তকেশ মুক্তরকরকিয়া॥ जार्बरवत मिक्ररवत माजि शोश हि जिला। পৃষণের ভূষণের দম্ভণীতি পাড়িল। विश्र मर्क प्रिथ थर्क क्लाका बक्त मातिहरू। **जु**ज्जांग शांत्र सांग माश्चि कील गांतिरक् ॥ ছাড়ি মন্ত্ৰ ফেলি তন্ত্ৰ মুক্তকেশ ধান রে। हांत्र होत खोल सांत्र भारत मक्त लांत ca !! মত গেহ ভাঙ্গি কেহ হবা কৰা থাইছে। উৰ্দ্ধাত বিশ্বনাথ নাম গাঁত গাইছে। मात्र मात्र (घत सात्र साम साम देंकिएस। इन इनि हुन जान जान भान बाकिए।। यक्के यक्के एक स्थान स्थान स्थानित्य। হ্ম হাম পুম খাম তীৰ শব্দ ভাবিছে ৷ ভাৰতাত মেল কাত চল্ৰা পৰ্যা পাড়িছে। লম্প ঝন্দা ভূমিকম্প নাগ কুৰ্ম্ম লাডিছে।।

জাগ্ন জালি সর্পি চালি দক্ষ দেই পূড়িছে।
ভব্মশেষ ইংল দেশ রেণু রেণু উড়িছে।।
হাসাতৃগু যজ্ঞকুগু পূরি পূরি মৃতিছে।
পাদ ঘার ঠার ঠার অর্থ হস্তি পুতিছে।
রাজা থগু লগু ভগু বিক্ষুলিক ছুটিছে।
হূল থূল কূল কূল ব্রক্ষডিষ মৃটিছে।।
মেনি তৃগু হেট মৃগু দক্ষ মৃত্যু জানিছে।
কেই ধার মৃটি ঘার মৃগু ছিগু আনিছে।
বৈদ দক্ষ ভূত যক্ষ সিংহনাদ ছাড়িছে।
ভারতের তুণকের হন্ধ বন্ধ বাড়িছে।

## রতিবিলাপ। পতি শোকেরতি কাঁদে, বিনাইয়া নানা ভাঁদে,

ভাসে চক্ষু জলের ভরঙ্গে।
কপালে ককণ মারে, কগির বহিছে থারে,
কাম অঙ্গ ভন্ম লেপে অঙ্গে॥
আলু থালু কেশ বাস, ঘন ঘন বহে শ্বাস,
সংসার পূরিল হাহাকার।
কোথা গেলা প্রাণনাথ, আমারে করহ সাথ,
ভোমা বিনা সকলি আঁগগার॥
ভূমি কাম আমি রভি, আমি নারি ভূমি পভি,
ভূই অঙ্গ একই পরাণ।
প্রথমে যে প্রীভি ছিল, শেষে ভাহা না রহিল,
পিরীভির এ নহে বিগান॥
যথা তথা যেভে প্রভু, মোরে না ছাড়িভে কভু,
এবে কেন আগে ছাড়ি গেলা।
মিছা প্রেম বাড়াইয়া, ভাল গেলা ছাড়াইয়া,
এথন বুঝিরু মিছা থেলা॥

দা দেখিব সে বদন, 🧓 না হেরিব সে নয়ন১ না শুনিব সে মধুর বাণী।

আগে ন্ত্ৰিৰেল স্বামী, পদ্ধাতে স্ত্ৰিৰ আদি, এত দিন ইছা নাহি জানি।

আহা আহা হরি হরি, উত্ উত্ মরি মরি, হায় হায় গোসাঁই গোসাঁই।

क्षमद्भरत्व मिट्च श्रीम, क्रिंडिंग कर्लक मौन,

এখন দেখিতে আর নাই॥

শিব শিব শিব নাম, সবে বলে শিবধান, বাম দেব আমার ৰূপালে।

যার দৃষ্টে মৃত্যু হরে, তার দৃষ্টে প্রভু মরে, এমন দা দেখি কোন কালে॥

শিষের কপাল রয়ে, এভুরে আছতি লয়ে, না জানি বাডিল কিবা গুণ।

একের কপালে রহে, আরের কপাল দহে, আঞ্চেরের কপালে আগুন॥

অনলে শরীর ঢালি, তথাপি রহিল গালি, মদন মরিলে মৈল রতি।

এ চুংথে হইতে পার, উপায় না দেখি আর, মরিলেছ নাহি অব্যাহতি ॥

অরে নিদাকণ প্রাণ, কোন পথে পতি যান, আন্যে যারে পথ দেখাইয়া

চরণ রাজীবরাজে, মন:শিলা পাছে বাজে, হাদে ধরি লছ রে বছিয়া॥

অরে রে মলরবাত, তোরে হোক বক্সাঘাত, মরে যারে ভ্রমরা কোকিলা।

ৰসন্ত অন্পাস্থ হও, বন্ধু হৈরা বন্ধু নও, প্রভু বৃধি সবে পদাইলা॥ কোথা গেলা সুররাজ, মোর মুত্তে হানি বাজ,
সিদ্ধ কৈলা আপনার কর্ম।
আগ্রি কুপ্ত দেহ জালি, আমি তাহে দেহ চালি,
অন্তকালে কর এই ধর্ম॥
বিরহে সন্তাপ যত, অনলে কিডাপ তত,
কভ তাপ ডপনের ডাপে।
ভারত বুঝারে কয়, কাঁদিলে কি আর হয়,
এই ফল বিরহীর শাপে॥

কৈলাসবর্ণন।

কৈলাস ভথর অতি মলোহর কোটি শনী পরকাশ। গ্রহার কিন্তু যক্ষ বিদ্যাধর অপসর গণের বাস ॥ রজনী বাসর মাস সংবৎসর চুই পক্ষ সাত বার। তন্ত্র মন্ত্র বেদ কিছু মাহি ভেদ সুখ চুঃখ একাকার ॥ ভক নামাজাতি লতা নামাভাতি ফলে ফুলে বিকসিত। বিবিধ বিষক্ষ বিবিধ ভুজন্ম নানা পশু স্থানোভিত।। অতি উচ্চতরে শিখরে শিখরে সিংছ সিংছনাদ করে। কোকিল তৃষ্কারে ভ্রমর নাষ্কারে মুনির মানস হরে॥ मृग शास्त शास मार्मुल द्रार्थाल (कमती इन्डीताथाल। मञ्जद जुज्जा की का करत तरम रेन्द्र त शास विकाल ।। সবে পিয়ে মুধা নাহি ভুকা কুধা কেছ না হিংসয়ে কারে। যে যার ভক্ষক সে তার রক্ষক সার অসার তংসারে। जम धर्माध**र्म जम कर्माकर्म गळ** मिळ जमजूल। জরা মৃত্য নাই অপরূপ ঠাই কেবল সুখের মূল॥ চৌদিকে চুক্তর সুধার সাগর কম্পেডক সারি সারি। মণিবেদীপরে চিন্তামণি ঘরে বসি গোরী ত্রিপুরারি ॥ जिंद गोल्क (मेला माना तरन (शला फिशमूरी फिशमूर)। বিছার যে সৰ সে সৰ কি কৰ বিধি ৰিষ্ণু অগোচর।।

নন্দী দ্বারপাল উত্তরৰ বেতাল কার্স্কিকেয় গণপতি। ভূত প্রেত যক্ষ ব্রহ্ম দৈতে। রক্ষ গণিতে কার শক্তি॥ এক দিন হর কুগান কাতর পৌরীরে কহিলা হাসি। ভারত প্রাহ্মণ করে নিবেদন দরা কর কাশীবাসি॥

## रत्रातीत विवास श्रम् ।

বিধি মোরে লাগিল রে বাদে।
বিধি যার বিবাদী কি সাদ তার সাদে॥
এ বড় বিষম ধন্দ, যত করি ছন্দ বন্দ,
ভাল ভাবি হয় মন্দ, পড়িত্ব প্রমাদে।
ধর্মে জানি সুখ হয়, তরু মন নাহি লয়,
অধর্মে বিবিধ ভয়, তরু তাই সাদে॥
মিছা দারা স্থুত লয়ে, মিছা সুখে সুখী হয়ে,
যে রহে আপনা করে, সে মজে বিষাদে॥
সত্য ইচ্ছা ঈশারের, আরু সব মিছা কের,
ভারত পেয়েছে টের, গুকুর প্রসাদে॥

শহর কাহন শুন শুনহ শহরি।
ক্ষুবার কাঁপরে অঞ্চ বলহ কি করি॥
নিতা নিতা ভিকা মাগি আনিরা যোগাই।
দাদ করে এক দিন পেট ভরে খাই॥
দকলের ঘরে ঘরে নিতা ক্ষিরি মেগে।
দরম ভরম গেল উদরের লেগে॥
ভিকা মাগি ভিকা মাগি কাটিলাম কাল।
তরু যুচাইতে নারিলাম বাগছাল॥
আর সবে ভোগ করে কভ মত সুখ।
কপালে আগুন মোর মা মুচিল চুখ॥
নীচ লোকে উচ্চ ভাবে সহিতে না পারি।
ভিকা লাগি নাম হৈল শহর ভিধারি॥

বিধাতার লিখন কাছার সাবা থপ্তি।
গৃহিণী ভাগ্যের মত পাইরাছি চন্ত্রী ।
সর্বলা কন্দলে বাজে কথার কথার ।
রস কথা কহিতে বিরস হরে যার ॥
কিবা শুক্তক্শণে হৈল অলক্ষণ বর ।
খাইতে না পালু কড় পূরিরা উদর ॥
আর আর গৃহির গৃহিণী আছে যারা ।
কত মতে স্থামির সেবন করে তারা ॥
অনির্বাহে নির্বাহ কর্য়ে কত দায় ।
আহা মরি দেখিলে চক্লুর পাপ যায় ॥
পরক্ষারা পরক্ষার শুনি এই স্ত্রে ।
স্রীভাগ্যেতে ধন পুক্ষের ভাগ্যে প্রত্র ॥
এই রূপে চুই জনে বাড়িছে বাক্ছল ।
ভারতে বিদিত ভাল চুংথের কন্দল ॥

## इत्रात्रीत कन्मल।

কেবা এমন ঘরে থাকিবে। জয়।

এতঃথ সহিতে কেবা পারিবে॥

আপনি মাথেন ছাই, আমারে কংইন তাই,

কেবা সে বালাই ছাই মাথিবে।

দামাল ছাবাল তুটি, অয় চাহে ভূমে রুটি,

কথার ভূলারে কেবা রাখিবে॥

বিষ পানে নাহি ভয়, কথা কৈতে ভয় হয়,

উচিত কহিলে দ্বন্দু বাড়িবে।

মা বাপ পাষাণ হিয়া, হেন ঘরে দিল বিয়া,

ভারত এ তুথে ঘর ছাড়িবে॥

শিবের ইইল ক্রোধ শিবার বচনে।

ধক্ ধকু দ্বলে অয়ি ললাটলোচনে ৯

শুনিলি বিজয়া জয়া বুড়াটির বোল। আমি যদি কই তবে হবে গণ্ডগোল। ছায় ছায় কি কছিব বিধাতা পায়তী। চত্তের কপালে পড়ে নাম হৈল চভী॥ शार्वत ना प्रिथि मीमा क्रेश उटां भिक। বয়নে না দেখি গাছ পাথর বল্মীক॥ मन्भारमत मौमा नाइ युड़ा शश शूँ कि। त्रमना त्करल कथा मिन्द्र (कत्र कूँ जि॥ কড়া পড়িয়াছে হাতে অল বস্ত্র দিয়া। কেন সৰ কটু কথা কিসের লাগিয়া॥ আমার কপাল মন্দ তাই নাই ধন। উহাঁর কপালে সবে হয়েছে নম্মন ॥ কেমনে এমন কন লাজ নাছি হয়। কহিবারে পারি কিন্তু উপযুক্ত নয়॥ অলক্ণা সুলক্ণা যে হই সে হই। মোর আসিবার পূর্বকালি ধন কই॥ গিয়াছিলে বুড়াটি যথন বর হয়ে। গিয়াছিলে মোর তরে কত ধন লয়ে॥ বুড়া গৰু লড়া দাঁত ভাদা গাছ গাড়। ঝুলি কাঁথা বাঘছান সাপ সিদ্ধি লাড়॥ তথন ষেধন ছিল এখন সে ধন। তবে মোরে অলক্ষণা কন কি কারণ॥ উহাঁর ভাগ্যের বলে হইয়াছে বেটা। কারে কব এ কে ভুক বুঝিবেক কেটা।। বড় পুত্র গজমুখ চারি হাতে খান। সবে গুণ সিদ্ধি থেতে বাপের সমান। ভিক্ষা মাগি খুদ কোণ যে পান ঠাকুর। তাঁহার ইন্দুর করে কাটুর কুটুর॥

ছোট পূক্র কার্তিকের ছর মুথে থার।
উপারের সীমা নাই মরুরে উড়ার॥
উপবুক্ত চুটি পুক্র আপনি যেমন।
সবে মরে আমি মাত্র এই অলক্ষণ॥
করেতে হইল কড়া সিক্সি বেটে বেটে।
তৈল বিনা চুলে ভটা অক্স গেল ফেটে॥
শাঁখা শাড়ী সিন্দুর চন্দন পান গুরা।
নাহি দেখি আয়তি কেবল আচাভুরা॥

#### শিবের ভিক্ষাবাতা।

ভবানীর কটু ভাষে, লজ্জা হৈল ক্তিবাদে, কুধানলে কলেবর দছে। বেলা হৈল অভিরিক্ত, পিত্তে হৈল গলা ভিক্ত वृक्ष (लोक कृषा मोहि महह।। হেটমুখে পঞ্চানন, নন্দিরে ডাকিয়া কন, ব্ৰ আন যাইৰ ভিক্ষায়। আৰু শিক্ষা হাড মাল, ডমফ বাঘের ছাল, বিভৃতি লেপিয়া দেহ গায়॥ আৰ রে ত্রিশূল ঝুলি, প্রথম সকল গুলি, যত গুলি ধুতৃরার ফল। থলি ভরা সিদ্ধিওঁডা, লছ রে ঘোটনা কুঁড়া, জটার আছবে গলাভল। ঘর উজাভিরা যাব, ভিকায় যে পাই থাব, অদ্যাবধি ছাড়িলু কৈলাস। नाती यांत ऋ उत्तता, तम जन जिल्लास मता, তাহারে উচিত বনবাস। হৃদ্ধ কাল আপনার, নাহি জানি রোজগার, চাসৰাস বাণিজ্যব্যাপার।

সকলে নিৰ্গুণ ক<sup>য়</sup>, ভুলায়ে সৰ্বান্থ লয়, নাম মাত রহিরাছে সার॥ যত আমি তভ নাই, না ঘুচিল থাই থাই, কিবা সুথ এ ঘরে থাকিয়া। এত বলি দিগম্বর, আরোহিয়া র্যবর, চলিলেন ভিকার লাগিয়া॥ শিবের দেখিয়া গতি. শিবা কন কোধনতি, কি কবিব একা যতে বযে। রথা কেন তুংখ পাই, বাপের মন্দিরে যাই, গণপতি কার্তিক্য লয়ে ॥ যে যরে গৃহস্থ হেন. সে ঘরে গৃহিনী কেন. নাহি ঘরে সদা থাই থাই। কি করে গৃছিণীপলে, খন খন ঝন ঝনে, আসে লক্ষ্মী বেড বান্ধে নাই। বাণিজ্যে লক্ষীর বাস. তাছার অর্দ্ধেক চাস. রাজ সেবা কত থচমচ। গৃহস্থ আছিয়ে যত, সকলের এই মত. ভিকামাগা বৈৰচ বৈৰচ ॥ इहेश विवस्मान. लाख खह श्राचीनन. হিমালয়ে চলিলা অভয়া। ভারত বিনয়ে কয়, এমন উচিত নয়, নিষেধ করিয়া কছে জয়া॥

শিব্ৰামাবলী।

জয় শিবেশ শহর রুষধ্যভেশ্বর মৃগাহ্মশেথর দিগন্বর। জয় শাশাননাটক বিষাণবাদক তৃতাশভালক মহন্তর॥ ভয় সুরারিনাশন রবেশবাছন
ভুজ্জভূষণ ভটাধর।
ভয় তিলোককারক তিলোকপাল

ছয় ত্রিলোককারক ত্রিলোকপালক ত্রিলোক নাশক মহেশ্বর

জয় রবীন্দুপাবক ত্রিনেত্রধারক থলান্ধকান্তক ছতন্মর।

জয় ক্লতাঙ্গকেশব কুবের বান্ধব ভবাজ ভৈরব পরাৎপার।

জয় বিষাক্তকণ্ঠক ক্লভান্তবঞ্চক ত্রিশূলধারক হভাধ্বর।

জয় পিনাকপণ্ডিত পিশাচমণ্ডিত বিভূতিভূষিত কলেবর॥

জয় কপালধারক কপালমালক চিতাভিদারক শুভঙ্কর।

জয় শিবামনোছর সতীসদীর্থর শিরীশ শহ্কর কৃতজুর।।

জয় কুঠার মণ্ডিত কুরঙ্গরঙ্গিত বরাভয়ায়িত চতুক্কর।

জয় সরোকছাশ্রিত বিধিপ্রতিষ্ঠিত পুরন্দরার্চ্চিত পুরন্দর॥

জর হিমালয়ালয় মহামহোময় বিলোকমোদয় চরাচর

জয় পুনীহি ভারত মহীশভারত উমেশ পর্বতমুভাবর॥

#### इतिनामावली।

জয় কৃষ্ণ কেশৰ রাম রাঘৰ কংসদানৰ ঘাতন জয় পদ্মলোচন নন্দনন্দন কুঞ্জানন রঞ্জন। ভয় কেশিমর্কন কৈটভার্দন গোপিকাগণ মোহন।
ভয় গোপবালক বংসপালক পৃত্রনাবক নাশন ।
ভয় গোপবালক বংসপালক পৃত্রনাবক নাশন ।
ভয় গোপবালক কুঞ্জনাটক পদ্মনন্দক মণ্ডন ॥
ভয় শান্তকালিয় রাধিকাপ্রিয় নিভা নিছিন্ন মোচন ।
ভয় সভ্য চিন্মার গোকুলালয় ক্রেপিনীভয়ভঞ্জন ॥
ভয় দৈবকীস্থভ মাধবাচ্যুভ শহরস্তুভ বামন।
ভয় সর্বভোভয় সজ্জনোদয় ভারভাশ্রর জীবন॥

### কাশীতে শাপ।

ধন বিদা মোক অহকারে কাশীবাসী।
আমারে না দিল ভিক্ষা আমি উপবাসী।।
তবে আমি বেদব্যাস এই দিলু শাপ।
কাশীবানী লোকের অক্ষয় হবে পাপ।।
অন্যত্র যে পাপ হয় ভাহা থণ্ডে কাশী।
কাশীতে যে পাপ হবে হবে অবিনাশি॥
ক্রমে ভিন পুরুষের বিদ্যা না হইবে।
ক্রমে ভিন পুরুষের ধন না রহিবে।
ক্রমে ভিন পুরুষের মোক না হইবে।
যদি বেদ সভা তবে অমাথা নহিবে॥

অনুদার ভবানন্দভবনে যাত্রা।

অৱপূর্ণা উত্তরিলা গান্ধিনীর তীরে।
পার কর বলিয়া ডাকিলা পাটুনীরে।।
সেই ঘাটে থেরা দের ঈশ্বরী পাটুনী।
ত্বরার আনিল নেকি। বামান্দর শুনি।
ক্রীরে জিজ্ঞাসিল ঈশ্বরী পাটুনী।
একা দেথি কুলবগুকে বট আপনি।

পতিচয় না দিলে করিতে নারি পার গ ভাষ করি কি জানি কে দি2ব কের ফার॥ ঈশাবীরে পরিচয় কছেন ঈশাবী। বুবাই ঈশ্বরী আমি পরিচয় করি। বিশেষণে স্বিশেষে কৃষ্টিবারে পারি। জানত সামীর সাম নাতি ধরে নারী ॥ গোতের প্রধান পিতা মুখবংশ জাত। পরমকুলীন স্থামী বন্দাবং শ থ্যাত।। পিতামছ দিলা মোরে অন্নপূর্ণা নাম। অনেকের পতি ওেঁই পতি মোর বাম।। অতিবভ বৃদ্ধ ভিনি সিদ্ধিতে নিপুণ। কোন গ্ৰুণ নাছি তাঁর কপালে আগ্ৰুণ।। কু কথায় পঞ্চমুখ কণ্ঠ ভরা বিষ। কেবল আমার সঙ্গে ছন্দ অছর্নিশ।। গঙ্গা নামে সভা ভার ভরক্ষ এমনি। জীবন স্বরূপা সে স্থামীর শিরোমণি॥ ভত নাচাইয়া পতি ফেরে ঘরে ঘরে। না মরে পাষাণ বাপ দিলা ছেন বরে।। অভিমানে সমুদ্রেতে ঝাঁপ দিলা ভাই। যে মোরে আপনা ভাবে তারি ঘরে যাই।। পাটুনী বলিছে আমি বুঝিরু সকল। (यथात्म कुलीन कांकि त्रशास कम्मल ।। শীত্র আসি নায়ে চড দিবা কিবা বল। (मरी कम मिर आर्श शारत लात हल।। যার নামে পার করে ভব পারাবার। ভাল ভাগ্য পাটুনী ভাহারে করে পার।। विमला नारमद वाटड नामाह्या शम। কিবা শোভা নদীতে ফুটল কোকনদ।।

পাটুনী বলিছে মা গো বৈস ভাল হয়ে। शारत वित कि जानि क्मीरत यादि लात ।। ভবানী কছেন ভোর নায়ে ভরা জল। আলতা ধুইবে পদ কোথা পুব বল।। शाहेनी विलाइ या त्या अन मिरवपन । সেঁউতী উপরে রাথ ও রাকা চরণ॥ পাটুনীর বাকো মাতা হাসিয়া অন্তরে। রাখিলা দুখানি পদ সেঁউতী উপরে॥ विधि विकु इंख्य ह्या दय श्रेम (धरांत्र । হৃদে ধরি ভূতনাব ভূতলে লুঠায়। সে পদ রাখিলা দেবী সেঁউভী উপরে। তার ইচ্ছা বিনা ইথে কি তপ সঞ্চরে ॥ সেঁউতীতে পদ দেবী রাখিতে রাখিতে। সেঁউতী ছইল সোণা দেখিতে দেখিতে॥ সোণার সেঁউতী দেখি পাটুনীর ভর। এ ত মেরে মেরে নয় দেবত। নিশ্চর। তীরে উন্তরিল তরি তারা উন্তরিলা। शृक्तपूर्थ सूर्थ गजगमत्न हालला ॥ (मॅडेडी लहेश करक हिलल शाहें नी। পিছে দেখি তারে দেবী ফিরিলা আপনি ॥ সভয়ে পাটুনী কছে চক্ষে বছে জল। দিয়াছ যে পরিচয় সে বুঝিরু ছল। হের দেখ সেঁউতীতে থুয়ে ছিলা পদ। कार्कत (में डेडी स्मात देशन खर्छा नम ॥ ইহাতে বুঝিলু তুমি দেবতা নিশ্চয়। महात **मिहां छ (मर्था (मरू शतिह**त्र ॥ তপ জপ জানি নাহি হ্যান জ্ঞান আর। ভবে যে দিয়াছ দেখা দয়া সে ভোমার।।

যে দ্বা করিল মোর এ ভাগা উদ্য 1 সেই দয়া হৈছে মোরে দেহ পরিচয়।। ছাডাইতে নারি দেবী কহিলা হাসিয়া। কহিয়াছি সভা কথা বুৱাহ ভাবিয়া।। यामि (परी यम्पर्ना ध्वकान कानीरा । देवज मारम रमात्र शृंखः शक्न व्यक्तमीरक ।। কত দিন ছিতু হরিহোড়ের নিবাদে। ছাডিলাম তার বাডী কন্দলের ত্রাসে।। ভবানন্দ মজুন্দার নিবাসে রহিব। বর মাগ মনোনীত যাহা চাহ দিব।। প্রথমিয়া পাটুনী কহিছে যোড় হাতে। আমার সস্তান যেন থাকে হুধে ভাতে।। उथा स विनश (मबी मिला वर मान। দুধে ভাতে থাকিবেক তোমার সস্তান।। বর পেয়ে পাটুনী ফিরিয়া ঘাটে যায়। পুনর্বার ফিরি চাহে দেখিতে না পায়।। সাত পাঁচ মনে করি প্রেমতে পুরিল। ভবানন্দ মজুন্দারে আসিয়া কহিল।। তার বাকো মজুন্দারে প্রভায় না হয়। সোণার সেঁউতী দেখি করিলা প্রতায়।। আপন মনিংরে গেলা প্রেমে ভয়ে কাঁপি। দেখেন মেঝায় এক মনোছর ঝাঁপি।। গক্ষে আমোদিত ঘর নৃত্য বাদ্য গান। কে বাজায় নাচে গায় দেখিতে না পান।। পুলকে পুরিল অঙ্গ ভাবিতে লাগিলা। হইল আকাশবাণী অৱদা আইলা।। **এই अाँ शि याजु तांथ क्र**जु ना **शू**लित् । ভোর বংশে বোর দয়। প্রথান থাকিবে।।

আকাশবাণীতে লয় জানি অন্নয়া।
দশুৰং হৈল ভবানন্দ মজুৰন্দার।।
অন্নপূৰ্বাপুলা হৈল কত কৰ আর।
নানামতে সুধ বাড়ে কহিতে অপার।।
ককণাকটাক্ষ চর উত্তর উত্তর।
সংক্ষেপে রচিত হৈল কহিতে বিভ্রঃ।

## মালিনীর বেসাতি হিসাব।

বেসাতি কড়ীর লেখা বুধা রে বাছনি। মাসী ভাল মন্দ কিবা করছ বাছনি॥ शास्त्र वल वृत्तिः शासी पारे (वाँ) । यों होका मिशांडिला जब शिल (थाँहै। ॥ ट्य लाख পেट्राइ इाट देक्ट लाख शांत । এ টাকা মাসীরে কেন মাসী তোর পার। তবে হবে প্রভার সাক্ষাতে যদি ভাঙ্গি। ভাঙ্গাইৰ চুকাৰনে ভাগ্যে বেণে ভাঞ্চি ॥ সেরের কাছৰ লরে কিলিফু সন্দেশ। আনিরাভি আগ সের পাইতে সন্দেশ। আট পণে আধ সের আনিরাভি চিনি। অন্য লোকে ভুরা দেয় ভাগ্যে আমি চিনি॥ कुलंड व्यम इशे लक्ष कारकल। ञ्चल जिंब कार्ड नाहि यात कल । কত কথ্টে মুক্ত পাসু সারাহাট ফিরা। যে টি কর সে টি লর নাছি লর ফিরা। তুই পৰে এক পণ কিনিয়াছি পান। আমি যেই তেঁই পাসু অন্যে নাছি পান ! व्यवाक रहेल बाटि मिश्रित श्रवाक। क्रांकि विमा (क्रांकांनित मा महत्र @ वांक ॥

তুংথেতে আনি সু ছুগ্ধ গিয়া নদী পারে।
আমা বিনা কার সাধ্য আনিবারে পারে ॥
আট পণে আনিরাছি কাট আট আটি।
নফ্ট লোকে কাঠ বৈচে ডারে নাছি আটি।
খুন হরেছিলু বাছা চুন চেরে চেরে।
শেবে না কুলার কড়ী আনিলাম চেরে॥
লেথা করি বুঝ বাছা ভূমে পাতি থড়ী।
লেবে পাছে বল মাসী খারাইল থড়ী।
মহার্ঘ্য দেখিয়া দ্বেরা না সরে উত্তর।
যে বুঝি বাড়িবে দর উত্তর উত্তর॥
শুনি ম্বরে মহাক্বি ভারত ভারত।
এমন না দেখি আর চাছিয়া ভারত॥

#### विष्ठांत्र क्रश्वर्वन ।

বিনানিয়া বিদোদিরা বেপীর শোন্তায়।

সাপিনী তাপিনী তাপে বিবরে লুকার।।

কে বলে শারদ শলী সে মুখের তুলা।

পদনপে পড়ি তার আছে কত গুলা।।

কি ছার মিছার কাম ধনুরাগে ফুলে।

ভুকর সমান কোখা ভুক ভঙ্গে ভুলো।।

কাড়ি নিল মৃগমদ নয়নছিলোলে।

কাঁদে রে কলমী চাঁদ মৃগ লরে কোলে॥

কেবা করে কামশরে কটাক্ষের সম।

কটুভায় কোটি কোটি কালকূট কম॥

কি কাজ সিন্দুরে মাজি মুকুভার ছার।

ভুলায় তর্কের পাঁতি দস্তপাঁতি তার॥

দেবাসুরে সদা ভুক্ল সুধার লাগিরা।

ভরে বিধি তার মুখে পুইলা লুকাইয়া।।

পদ্মযোদি পদ্মৰালে ভাল গডিছিল। जुन सिथ काँगे मित्रा नता जुनाहेल ॥ কুচ হৈতে কত উচ্চ বেক চুড়া গরে। শীহরে কদম্মূল দাভিত্ব বিদরে॥ নাভিহপে যাইতে কাম কুচশজু বলে। श्रताष्ट्र कुछन जोत्र त्रोमोवलि इत्त ॥ কত সৰু ভ্ৰম্ক কেলরি মধ্যখান। रत भोती कत शरम आरक् शतिमां।। क बटल अनक अक (मथा माहि याता। पिश्क रय **जाँ** थि भरत निमात मोजने ॥ यिनिनी इडेल मांजी निजन्न प्रिथिश। यमग्राणि कॅंगिश्रा डेट्ठ थाकिश्रा थाकिश्रा॥ করিকর রামরক্সা দেখি ভার উক। ञ्चलमि निथिवादि योमिटलक एक ।। य चन ना प्रिश्वारक विमार्गत हलन । (महे वरल जाल हरल महाल बादन।। জিনিয়া ছরিজা ঢাঁপা সোণার বরণ। অনলে পুড়িছে করি তার দরশন।। রূপের সমতা দিতে আছিল তডিত। কি বলিব ভাষে স্থির নছে কদাচিত।। বসন ভূষণ পরি যদি বেশ করে। রতি সহ কত কোটি কাম ঝুরে মরে।। ভ্ৰমৰ বাছাৰ শিশে কছণবাছাৰে। পড়ায় পঞ্চম স্বরে ভাষে কোকিলারে।। কিঞ্চিত কহিনু রূপ দেখেছি যেমন। গ্রবের কি কব কথা না বুঝি ভেমন । সৰে এক কথা জানি তার প্রতিজ্ঞার। যে জন বিচারে জিনে বরিবেক ভার ॥

দেশে দেশে এই কথা লয়ে গেল ছুত।
আসিয়া ছারিয়া গেল কত রাজস্তুত ।
ইথে বুঝি ক্লপসম নিকপমা গুণে।
আসে যার রাজপুত্র যে যেখানে শুনে ॥
সীতা বিরা মত হৈল ধসুর্ভল পণ।
তেবে মরে রাজা রাণী ছইবে কেমন ॥
বংসর পনর যোল হৈল বয়:ক্রম।
লক্ষী সরস্বতী পতি আইলে রহে ভ্রম ॥

কোটালের উৎসব ও সুন্দরের আকেপ।

কোতোয়াল যেন কাল খাঁড়া চাল আঁকে। ধরি বাণ ধরশাণ ছাল ছাল ইাকে। চোর ধরি ছরি ছরি শব্দ করি কর । কে আমারে আর পারে আর কারে ভর 🛭 জয় কালি ভাল ভালি ৰত চালি গাজে। (महे लम्भ कृषिकम्भ काराम्भ वारक ॥ **ভাকে ঠাট कांडे कांडे मालगांडे मादः ।** कम्भाम वर्षमान वलवान जाता। दै। दे हैं। दे और बार के पार के पार के विश्व के दिन ভাই ৰোর দায় ভোর পাছে চোর ভাগে॥ করে ধুম অতিজুব নাহি **ঘুম নেত্রে**। হাতকড়ী পায় দড়ী মারে ছড়ী বেত্রে॥ नर्जनील मारत कील लारग थिल मार्टि । ভায়ে মূক কাঁপে বুক লাগে ত্ক আঁতে ॥ कान बीत मार्य जीत प्रश्चि भीत कार्म। প্রধার ভর্বার মুম্ধার দালে। क्रिंडिशांल ब्रल काल जांच कालकर्ल । ছাড় শোর হৈল ভোর দিব চোর ভূপে॥

मर पल यहारल थल थल हारम। গেল তুথ হৈল সুখ শতমুখ ভাবে ॥ সুন্দরের শত কেরে সবে ঘেরে ভোরে। ভাবে রার ছার ছার এ কি দায় মোরে ॥ मति सम लाए सम रेक्ट्र रहम कांछ। স্ত্রীর দার প্রাণ যায় কৈতে পায় লাভ ॥ কত বরে বিয়া করে কেবা ধরে কারে। কেবা গণে রোষমনে কভ জনে মারে ॥ হরি হরি মরি মরি কি বা করি জীয়া। কটু কহে নাছি সহে তাপে দহে হিয়া॥ वाजा कालि पिरव गालि हुन कालि गालि। কিবা সেই মাথা মেই কিবা দেই শালে। দরবার সব ভার চার কার পালে। গেলে প্ৰাণ পাই ত্ৰাণ ভগৰান জানে। यात लागि द्रःथकांगी (म ककांगी हाय। এ সময় কথা কয় তবু ভয় যায়॥ তার সমা নিকপমা প্রিরতমা কেবা। (मर्था टेनल मट्स टेवल या टेकल (मरा ॥ সে আমার আমি তার কেবা আর আছে। সেই সার কেবা আর যাব কার কাছে॥ দিক দশ থেলে বশ মহাযশ দেশে। করিলাম বদকাম বদনাম শেবে !! ছাত্তি বাপ করি পাপ পরিভাপ পাই। অহর্নিশ বিমরিক পেলে বিৰ খাই॥ এই মত শত শত ভাবে কত তাপ। নত শির যেন ধীর হডপীর সাপ ॥ ভারতের গোবিদের চরণের আশ। পরিণাম হরিনাম আর কামপাশ ।

विषात्र जारकश ।

প্রভাত হইল বিভাবরী, বিদ্যারে কছিল সহচরী, সুন্দর পড়েছে ধরা শুলি বিদ্যা পড়ে ধরা

নখী ভোলে ধরাধরি করি হ

কাঁদে বিদ্যা আকুনকুন্তলে ধরা ভিতে নয়নের জলে। কপালে কমণ হানে অধীর কধির বানে

कि देशल कि देशल चन बदल ॥

ছায় রে বিধাতা মিদাকণ কোন দোবে ছইলি বিগুণ। আগে দিয়া নামা ছুধ মধ্যে দিন কত সুধ

শেষে চুথ বাড়ালি দ্বিগুণ 🏻

রমণীর রমণ পরাণ ভাষা বিদা কেবা আছে আদ। সে পরাণ ছাড়া হয়ে যে রছে পরাণ লয়ে

ধিক ধিক ভাষার পরাণ ॥

ছার ছার কি কব বিধিরে সম্পাদ ঘটার বিরে বিরে। শিরোমণি মস্তকের মণিছার জনত্ত্বর

मित्रा **लग्न सूर्यत मिहि**रत ॥

কাঁদে বিদ্যা বিনিয়া বিনিয়া শ্বাস বছে অনল জিলিয়া।

ইহা কব কার কাছে এখনো পরাণ আছে

বঁধুয়ার বন্ধন শুনিরা॥

চোর ধরা গেল শুনি রাণী অন্তঃপুরে করে কাণাকাণি। দেথিবারে ধায় রড়ে কোঠার উপরে চড়ে

कैंदिन मिथि किरित्रत मुशामि॥

রাণী বলে কাছার বাছনি মরে যাই লাইরা নিছনি। কিবা অপরূপ রূপ সদন্দোছন কুপ

শ্রণ রূপ বলন্দ্রেছন কুপ

धना धना देशक जननी ॥

চোর লবে কোভোরাল যার দেখিতে সকল লোক ধার। বলেক যুবক জরা কাণা খোঁড়া করে ত্বর।

গৰাক্ষেতে কুলবধূ চার ।

# মদনমোহন তর্কালকার।

জেলা নদীয়ার অন্তঃপাতী বিল্ঞামে আমু-মানিক ১২২২ সালে মদনমোছন তর্কালস্কারের জন্ম হয়। তিনি কলিকাতা সংকৃত কালেজে বিদ্যাভ্যাস করিয়া সংস্কৃত সাহিত্যে সবিশেষ পারদর্শিতা লাভ করেন এবং পঠদ্দশাতেই বন্ধ-ভাষায় বাসবদত্তা ও রসতরক্ষিনী নামে হুই খানি পদ্য গ্রন্থ রচনা করেন। বিদ্যালয় পরিত্যাগ করিয়া প্রথমতঃ কলিকাতা গবর্ণমেন্ট পাঠশালায় মাসিক ১৫ টাকা মাত্র বেতনে একটা পণ্ডিতের কার্য্যে নিযুক্ত হন। তৎপরে ২৫ টাকা বেতনে বারাসত টেবর স্কুলের প্রধান পণ্ডিত হইয়াছিলেন। অনস্তর কোর্ট উইলিয়ম কালেজের দেশীয় ভাষার অধ্যা-পকের আসন প্রাপ্ত হইয়া কিয়দ্দিবস সিবিলিয়ান গণকে শিক্ষা প্রদান করেন। পরে ক্লফনগরে কালেজ সংস্থাপিত হইলে তত্ত্ত্য প্রধান পণ্ডিতের পদে সমাসীন হন। কিয়দিন পরে তথা হইতে কলিকাতায় প্রত্যাগমন করিয়া সংস্কৃত কালেজের

সাহিত্যাধ্যাপক হইলেন। এই সময়ে তিনি বন্ধভাষায় বালকদিগের প্রথম পাঠোপযোগী পুস্তকের একান্ত অসন্তাব দেখিয়া ক্রমান্বয়ে তিন ভাগ শিশুশিকা প্রচার করেন। অনন্তর ১২৫৬ সালে মাসিক ১৫০, টাকা বেতনে তিনি জেলা মুর্শীদাবাদের জজ পণ্ডিত হইয়া বহরমপুর গমন করেন। এবং অবশেষে ডেপুটী মাজিফ্রে-টের পদে অভিষিক্ত হইয়া উক্ত জেলার অন্তঃ-পাতী জেমুয়াকান্দী নামক স্থানে জীবনের শেষ পর্যান্ত অবস্থিতি করেন। তাঁহার প্রায়ত্ত্ব এই অঞ্চলে নানাবিধ লোকহিতকর কার্য্যের অনু-ষ্ঠান হইয়াছিল, তন্মধ্যে কান্দী হইতে বহরম-পুর পর্যান্ত যে একটা প্রশস্ত রাস্তা নির্দ্মিত হয় তাহা অদ্যাপি 'মদ্নতর্কালস্কারের শভুক' বলিয়া প্রাসিদ্ধ অ ছে। ১২৬৪ সালের ফাল্পন মাসের সপ্তবিংশ দিবসে তর্কালঙ্কার পরলোক গমন করেন।

মদনমোহন সপ্তদশ বর্ষ বয়ঃক্রম কালে রসতরঙ্গিণী ও একবিংশতি বর্ষ বয়ঃক্রম কালে বাসবদত্তা প্রণায়ন করেন। রসতরঙ্গিণী কতকগুলি আদিরস ঘটিত সংক্ষৃত উদ্ভট কবিতার ভাষা অন্ত্রাদ মাত্র।

ইহার রচনা ললিত ও মধুর এবং এমন কি, স্থানে স্থানে মূল হইতেও বোধ হয় উৎক্লফ ; কিন্তু বর্ণিত বিষয় গুলি যার পর নাই অঞ্লীল। বাসবদতার আখ্যায়িকা**টা কবির স্বক্রপোল কম্পি**ত নছে;ভুবন বিশ্রুত উজ্জারনীরাজ বিক্রমাদিতোর নবরতুময়ী সভার অন্যতম রত্ন বরক্লচির ভাগিনের সুবন্ধ সংস্কৃত ভাষায় বাসবদতা নামে যে সুললিত কাৰ্য রচনা করেন ভর্কালক্কার কবি ভলীয় উপাখান অব-লম্বন করিয়া প্রস্তাবিত ভাষা কাব্য প্রণয়ন করেন। এই এন্থের রচনাপ্রণালী অতি চমৎকার ও জমুপ্রাসচ্চটা যার পর নাই মনোহর, এবং বা-জালা কাবা নিচায়ের মধ্যে কেবল মদনমোহন কৃত এই বাসবদতা কাব্য. জ্রুতগতি গজগতি, পজ-বটিকা, অমুষ্টুপ প্রভৃতি নানাবিধ সংস্কৃত ছন্দো-মরী কবিতাবলীতে বিভূষিত। পরস্তু ইছার যেরপ কয়েকটা বিশেষ গুণ আছে তদ্ধপ কয়েকটা বিশেষ দোষও দেখিতে পাওরা যায়। ইছার রচনা যেরূপ মধুর, সকল স্থলে ভাব সেরপ প্রগাঢ় নছে এবং ইহাতে অমুপ্রাসাদির যেরপ বাহুদ্য লক্ষিত হয় তদমুরূপ প্রসাদগুণ দৃষ্ট হয় না। আবার আদি-রস বিষয়ক বর্ণনাগুলি ভুরি ভুরি স্থলে সাতিশয়

অশ্লাল। এই সকল কারণে প্রস্তাবিত কাব্য জনস-মাজে তাদৃশ সমাদৃত হয় নাই। কবি স্বয়ং ও এবিষয় বিলক্ষণ অবগত ছিলেন। ফলতঃ তিনি পূর্ণবয়দে যৌবনকালবিরচিত এই উভয় প্রস্থেরই উপর শার পর নাই বীতশ্রদ্ধ হইয়াছিলেন। তৎপ্রণীত শিশু-শিক্ষা তিন থানি অতিশয় প্রশংসনীয়। তৃতীয় ভাগেরশেষে 'পাখি দব করে রব রাতি পোহাইল' ইত্যাদি প্ৰভাত বৰ্ণন বিষয়ক যে কয়েকটা কবিতা আছে তাহার তুল্য প্রসাদগুণ সমলক্ষত কবিতা বঙ্গভাগায় অতি বিরল। ফলতঃ তর্কালঙ্কারের অসামান্য রচনা শক্তি ছিল একথা সকলেই মুক্ত-কণ্ঠে স্বীকার করেন। সংস্কৃত কবিদিগের মধ্যে জয়দেব যে রূপ আশ্চর্য্য রচনা নৈপুণ্য প্রদর্শন করিয়াছেন বঙ্গভাষার মদনমোহন স্থলে স্থলে প্রায় তদ্রপ ক্ষমতা দেখাইয়া গিয়াছেন। আকে-পের বিষয় এই ষে, যেরূপ কবিত্বশক্তি লইয়া তিনি জন্ম গ্রহণ করিয়াছিলেন তদমুরূপ কিছুই লিখিয়া যান নাই।

নিম্নে বাসবদত্তা ছইতে কতিপন্ন অংশ উদ্ধৃত করা গোল।

## विकुमसिशीत्म धीर्थमा ।

ওছে নারায়ণ তব চরণ যুগলে। কোটি কোটি শত কোটি মতি কুতৃহলে। (रा श्रेष कमल (मरा करत्रन कमला। তাহার মহিমা এহে কার লাগ্য বলা । যাহাতে উদ্ধা গলা ত্রিলোক তারিণী। ত্রিপুরারি তিলোচন শিব বিহারিণী॥ (य श्रेष शहक तकः कर्ग मांज (शहर । भाषान मानदी इह, भार्भ मुक इरह ॥ थोकक मकल जाक, (करल हत्रा)। মরি কভ গুণ কেবা পারে নির্ব্বাচনে ॥ প্রছে কি কছিব তব লামের মহিমা। कां कि कां कि कल्ला वरल माहि इस मीमा ॥ এক বার হরি নামে এত পাপ হরে। পাপী লোকে তত পাপ করিতে না পারে॥ অভিন্তা তোমার গুণ এছে চিন্তা মণি। বলিতে সকল বুঝি না পারেন ফণি॥ তবে এই দীন জন কি বলিতে পারে। বামন হইয়া হাত দিবে নিশাকরে ৪ পতিত তারণ কর্ম যদি ছে তোমার। এদীন ভারিতে ভবে কেন হয় ভার॥ তমি না তারিবে যদি পতিত পাবন। আমার কি হবে প্রভু, ভোষারি গপ্তন ॥ मीननाथ क्रशांबत चाटक यमि नाम। না করিয়া রূপা ভবে কেন হবে বাম ॥ আমি না ছাড়িব গুড়ু ভোষার চরণ। मनन कहिए हेर्य जां ए थान भन।

## वकुरखन मृष्टे छ ।

সক্ষনের প্রীতি প্রতিদিন প্রতি বেলা।
সিতপক্ষ শশিসম বাড়ে প্রতি কলা ॥
পাবাণের রেখা সম, সম চিরদিন।
নিধন ছইলে তবু নাহি ভাবে ভিন ॥
ইহার দৃষ্টান্ত নীর ক্ষীর পূর্বাপর।
পর এই নাম মাত্র প্রীতি পরস্পর॥
কাল দিরা চুক্ষেরে বিনাশ যবে করে।
কীরের প্রীতিতে নীর ক্ষাণে ভাগে মরে॥
ভলের দেখিরা মৃত্যু চুগ্ধ ভার স্লেছে।
উথলিরা উঠে, ক্রাণ দিতে সেই দাছে॥
এই মত সক্ষনেরা মরণ অবসরে।
যথা সাধা অপরের উপকার করে॥

#### থলের চরিত।

ধলের চরিত্র কিছু এমনি বিচিত্র।
কে জানিতে পারে তার কেবা শক্ত মিত্র॥
দেখা হৈলে মুর হৈতে কররে সম্ভাষ।
কাছে আসি বসি কহে মৃতু মৃতু ভাব ॥
কিন্তু কুটিলতা তার প্রতি পার পার।
অনত্ত থলের অন্ত কেবা অন্ত পার॥
পরদোব দরশনে সহজ্র নরন।
শুনিতে পরের নিন্দা অমুত প্রবণ॥
রচিতে পরের নিন্দা সহস্র রসনা।
শত মুখ হর হেন কররে বাসনা॥
দেখিতে অদোব আর সজ্জনের গুণ।
অন্ত হর সে চুর্মতি এমনি বিশ্বণা।

#### विकाशिति वर्गन ।

श्वतांक हत्ल. आत्था विद्याहित्ल. करत कृदत मत्रमेन ! (प्रत्थ श्रेलिक, इत्र महिक, आंगरम अकृत मन ॥ उच्चाल अथल, कतिवादि थल, कतिद्व बार्फल्ट्याथ। দেখিতে প্রথর, সহস্র শিখর; ধরেছিল করি ক্রোধ। ए थि पूर्वगर्ता, श्रेत्रभाष गर्व, मक्टल मञ्चला करते। পড়িয়া मक्टि, काशला निकटि, निवास कदत शहत ॥ कतिया विद्रतान, इस व्यर्था द्रांच, कतियांक विद्याधित । मना ज्यासकात. माहि क्लान कात, अकि निवा विकारती ॥ मেर्दित हुर्गछ, मिर्थ मीख गठि, व्यवसा उपात गान। गिति (भारत क्षक, यकु कात क्षक, मिक कात क्षक भारत ॥ मृति इत्न वत्न, शांक इंश वत्न, कूकुब्रान शान कता। বিদ্ধা শুদ্ধমতি, গুৰু অনুমতি ভদবধি প্ৰতিপালে। प्रिथल अमृति, कार्य कार्य मृति, प्रिमम्ति यम खुला। भाशा भाशामुग, वाम श्रा मृग, जुतरा छेत्रग हत्न ॥ करत बीला धति, कछ विकाधिति, कतिरह मधूत शांन। হৈল হাষ্ট্ৰচিত, মণিতে পচিত, নির্থিয়া নানা স্থান। कीतक शायत. (महत्क शाद्यत, निषदतर कारण कारण। कड़िया निवार, कछ नहीं नह, शर्फ अञ्च निच्च छोटा । চাকিয়া অম্বরে, গাহরের সম্বরে, শতেক শাম্বর কুল । হরি করে করি, শৃত শভ করি, মারি করিতেছে তুল। वानद जल्ल, शश्चात छल्ल, कारह कड शाल शाल। গোমুখ গ্ৰহ, সৰে সম্বন্ধ, মুক্তমতা ভাৰ পালে। ব্যান্তাদি শাপদ, দেখিলে আপদ, আপাতত উপভয়। मनुवाणि शाल. छेवू छेवू शाल, माहिक क्रांम प्रश्मेश ॥ ममुक कुअल, करत सामा इल, खान काना कलामा छ। উন্ত লোক্ত্ৰর, তাক্সি বালি এর, জমে মিজ বিজমেতে।

যবের সোমর, হাতে ধরু:খর, যতেক শবরগণ। দেপি মৃগকুল, ভয়েতে বাকুল, ব্যগ্র অগ্রে ছাড়ে বন ॥ দেখিয়া শবরে, কেছ বা বিবরে, ভরে করে পলারন। কেছ করি আয়, লইছে আআয়, কুচ্ছায়ে গছন বন ॥ অঙ্গে বারে বারে, কত রক্ত বারে, যেন বোরো বারে তার। কেছ মূর্চ্ছাগত, কার শ্বাসগত, কাছারো জীবন যায়। प्रिथिश मकल, महांकनकल, निकल कन्मर्भरकछ। উঠে কত দুর, হিয়ে চুর চুর, কাঁপরে ভয়ের হেত॥ নামিয়া কুহরে, শরীর সিহরে, হেরে অন্ধ্রমর। श्वाहिश मिकु, टेश्ल वर्ड मिकु, मिक ठिंक नाहि श्र ॥ পেয়ে বহু কন্ট, বাহির প্রকোর্ছ, অকন্ট বন্ধের ন্যায়। ভামতে ভামতে, পডিয়া ভামেতে, ক্রমেতে বাহির যায় ম উভয়ে সত্তরে, অভয়ে উত্তরে, উত্তরিল পরে আসি। হয়ে নিঃশরণা, দেখে বিদ্ধারণা, বনা পশু রাশি রাশি ॥ ভার চারি ভীত, হেরে হৈল ভীত, কালী কালীকান্ত শ্বরে। कहिएइ ममन, जुलाइ वमन, अक्स्प छात्र कि कात ॥

## গঙ্গা স্থতি।

সুর শৈবলিনী নাম, হইয়া গো মোক্ষণাম,
ত্রিগুণের গুণ তৃমি, একাধারে ধরেন্ত ।
ছিলে ব্রহ্ম কমগুলে, দ্রবম্মী গঙ্গা হলে,
কে পার তোমার অন্ত, অনস্তরে তেরেন্ত ॥
পাতিত পাবনী তৃমি, পবিত্র করিয়া ভূমি,
সগরের ধ্বংস বংশ, আসি উদ্ধারিয়েন্ত ।
অধ্য করিতে ত্রাণ, ক্ষিভিডলে অধিষ্ঠাম,
অপরপা আনন্দে, অনকানন্দা হয়েন্ত ॥
গলদেশে দিয়ে বাস, যে করে যে অভিলাব,
তৃমি তারে দেই আশা, হেলার পুরারেত্ত ।

ও মহিমাকি জানিব. আমি দীন কি কছিব. যে কিছু জানেন শিব, তাঁরে জ্ঞান দিয়েছ ॥ देस हस बाहि बड, मृत छव श्रामिक, विशिद्ध विविध याज, क्लाम मान कद्रक । ত্রমতি তব মহিমা, কে করিতে পারে সীমা, একেবারে যম শকা. ডকা দিয়ে হরেছ। তপ জপ যোগ বল. সকলি তোমার জল. মরি কি অসংখ্য কল, জীবেরে বিতরেছ গ কি ভাবে সপত্নী ভয়ে, কিম্বা কুত্ৰিনী হয়ে, শিব শির আরোহিয়ে, শরীর সম্বরেছ। প্রাে সুরধুনি ধন্যে, ভক্তবর্দল জন্যে. তুমি মাগো ভহু কনো, এই নাম লয়েছ। উদ্ধারিতে দথাকায়া. ত্ৰগীৰথে দিয়ে ছায়া. শতমুখী হরে দরা. প্রকাশিরা রয়েছ। ভার মৃত্যপ্রার জারা, মহেশদোহিনী মায়া, ছাষ গোদাবরী গয়া, অবনিতে এসেছ। अत्या निव (श्रमणाजी, श्रीत्वत देकवलामाजी, মদনের মুক্তি কর্ত্রী, হয়ে মাগো বসেছ।

হিরণানগর ও হরিছর দর্শন।

যথা ছথী দেখে দ্ৰবিণ প্ৰবীণচিত হয়।
যথা হর্ষত তৃষিত সুশীত পেয়ে পয় ॥
যথা চাতকিনী কুতুকিনী ঘল দরশনে ।
যথা কুমুদিনী প্ৰমুদিনী হিমাংশু মিলনে ॥
যথা কুমুদিনী মিলনী যামিনীযোগে থেকে।
শোষে দিৰসে বিকাশে, আকাশে ভাস্করে দেখে॥
হল তেৰ্ভি সুষ্তি নরপতি মহাশয়ু।
পারে পেয়ে দেই পুরি পরিতৃষ্ট অভিশয়॥

বলে, বধু হে বাঁচিতে বুঝি বিধি দিল ঠাই। हल পরিশেষে পরি পরিসরে দোঁতে যাই॥ यात सार्व स्वति এই बलाविल कति चित्र। भीद्र भीद्र भीद्र, विधिद्र विभाग हुई थीत ॥ अरम श्रारतिक मिर्वरण (गर्व चुर्वरण कुक्म ) (प्रत्थ, এक এक. (थर (थर मकल महन। हता. हाइट हाइट हाति पिक, हम हिंछ। যথা পরিপাটা রাজবাটা হয় উপনীত॥ করে মহারাজ ধীরাজ বিরাজ যেই ঘরে। তথা বাদর বাদরী সলে স্থাথে ক্রীড়া করে॥ যাহে ভূমিনাথ মন্ত্রী সাথ বদিতেন ধীর। তথা ফেৰুপাল ফিরে ফিরে ফুকারে গভীর। **एमार्ट प्राथ अहे टेमवजूरथ कृथिक क**नश् । যবে যায় জলাশায় যথা আছে তলাশয়।। (मृट्य मूहांक मरतामिख-(माखिख-मरतांवत ! সদা শোভিছে সোপান সারি, সর থরেথর ।। করে কমলকলিতে অলিকুল কল কল। बट्ट शीरत शीरत ममीत, रम मीत हेल हेल ।। ভেবে মনোগত ভাবে, না করিয়া পরকাশ। न् अ कर्या शक्यम करत वैधुत मका मा। (मर्थ वैधु (इ, कि खनक्रं ने महत्वेवत निष्टि । বুনি মানসে মানসে রাখি হুভিয়াছে বিধি।। be, (तला वरह शांत्र, आंत्र देम थिए गकरल। वल, जल हल मञ्जन कतिल कुड़रल ॥ সারি তাড়াডাড়ি স্থান পূজা, কছে অতঃপর। চল ভরা করি গিয়া ছেরি মধা ছরিহর ।। हेका कति श्वित, छुटे शीत महताबत जीहत। চলে ছরিছরে ছেরিতে ছরিবে খীরে ধীরে।।

দেখে চারি পাশ কুমুম নিবাস সুশোভিত। তার মবের সাজে অপুর্ব্ব মন্দির বিরাজিত।। তার ভিতর কি মনোহর হরিহর মূর্ত্তি। হেরে হয় যে হৃদয় শতদল দল ক্ষু র্ডি॥ মরি কিব। মুরহর পুরহর এক দেহে। যেন নীলমণি ক্ষটিকে মিলিত হয়ে রহে।। কিবা চঞ্চল চিকুরে শোভে ময়ুরের পুচ্ছ। আধা কণিতে বিনান বেণী সাজে জটাগুল্ছ॥ আধা ক**পাল ফলকে শোভে** অলকার পাঁতি। আধা ধকুধকু জ্বলিছে জ্বলন দিবা রাতি॥ আধা তিলক আলোকে তিনলোকে করে আলা। আধা বিভৃতি বিভৃতি ভূষা ভোলা বাদে ত লা॥ কিবা নলিন মলিনকারি নয়ন তরল। আধা ভাঙ্গেতে রাজাল আঁথি যেন রক্তোৎপল। আধা গরল গিলিয়া গলা ছইয়াছে নীল। ইথে বৈকুঠের কঠে কঠে ভাল আছে মিল। আধা বনমালা গলায় ভুলায় যোগী মন। আধারক অক্ষমালা, আলা করে ত্রিভূবন। আখাকুরুম কল্পরি হরিচন্দ্দ চর্চিত্ত, আধা কলেবর ভূষাকর ভ্রম্ম বিভূষিত॥ কিবা কর কিসলয়যুগে শোভে শঙা চক্র। আগা অমর ডমক করে আগা শিক্ষা বক্র ॥ আধা কালিয়ার কটিতটে আঁটো পীতধড়া। আধা বাঘ ছালা ভোলার ভুজগমালা বেড়া। আধা চরণ কমলে শোভে কাঞ্চনে মঞ্জীর। আধা ফণিমালা ফোঁশ ফোঁশ গরভে গভীর। দেখে এই রূপে অপরূপ রূপ হরিহর।। রাজা পূজা বিধি যথাবিধি করে ততঃপর।

## প্রভাকর ঈশ্বরচন্দ্র গুপ্ত।

কলিকাতার ১৪ ক্রোশ উত্তরে ভাগীরথী তীরে কাঁচভাপাভা নামে একটা আম আছে; তথায় ১২১৬ সালে কবিবর ঈশ্বরচন্দ্র গুপ্ত জন্ম পরিগ্রহ করেন। তিনি কখন কোন বিখ্যাত বিদ্যালয়ে অধ্যয়ন করেন নাই, কিন্তু অতি শৈশবকালে হইতেই কবিতারচনা বিষয়ে প্রগাচ অন্তরাগ প্রদর্শন করেন এবং যৌবনদশায় উত্তীর্ণ হইবার প্রাক্তিই তাঁহার মানস সরোবরে সেই কমনীয় কবিতা কম**ল বিকসিত হয় যাহার সুধা**ময় সুমধুর সোরতে দিগন্ত পর্যান্ত অদ্যাপি আমোদিত রহি-য়াছে। ১২৩৭ দালের ১৬ই মাঘ হইতে ঈশ্বরচক্র গুপ্ত মৃত মহাত্ম। ধোগী ক্রমোহন ঠাকুরের উৎসাচে ও সাত্রকল্যে সুপ্রসিদ্ধ সংবাদ প্রভাকর পত্র প্রচার করিতে আরম্ভ করেন। এই প্রভাকর পত্তের সহিত তাঁহার নাম এরপ সুসম্বদ্ধ হইয়া রহিয়াছে যে ইহার নামোচ্চারণ মাত্রেই তাঁহার নাম এবং তাঁহার নামোচ্চারণ মাত্রেই ইহার নাম সমূথিপথে আরু হয়। যেরপ মুকুন্দরাম চক্রবর্তী নামের পরিবর্দ্ধে কবিকঙ্কন নামটা সতত ব্যবহৃত হইয়া থাকে, ঈশ্রচন্দ্র গুপ্ত নামের পরিবর্দ্ধেও অনেকে সেই রূপ প্রভাকর আখ্যাটা ব্যবহার করিয়া থাকেন। ফলতঃ ঈশ্বর গুপ্ত প্রভাকর এই হুই নামেই তিনি সমান প্রানিদ্ধ হইয়াছেন, অতএব ভাঁহাকে 'প্রভাকর ঈশ্রচন্দ্র গুপ্ত'' বলিয়া নির্দ্দেশ করিলে বোধ হয় নিতান্ত অসঙ্গত হয় না।

প্রভাকরের কলেবর সংবাদ ও বিজ্ঞাপন দ্বারাই পরিপূর্ণ হইয়া যাইত। সুতরাৎ সম্পাদয়িতার কবিত্বশক্তির পরিচয় দিবার সেরূপ স্থবিধা হইত না। এই নিমিত্ত তিনি এক খানি মাদিক প্রভা-কর প্রচারণে প্রব্নত হন। এতদ্ব্যতীত সাধুরঞ্জন ও পাষণ্ড পীড়ন নামে হুই খানি সাপ্তাহিক পত্ৰও তৎ-কর্ত্তক সম্পাদিত হইত। সাধুরঞ্জন সাধুদিগের চিত্ত রঞ্জনোপযোগী বিবিধ জ্ঞানগর্ভ বিষয়ে বিভ্যিত থাকিত এবং পাষগুণীড়ণে পাষগুণণের অ**ঙ্কুশ** স্বরূপ নীতিবিষয়ক প্রবন্ধাদি প্রকাশিত হইত। ভাস্কর সম্পাদক গৌরীশঙ্কর (গুড়গুড়ে) ভট্টাচার্য্য মহাশয় কর্ত্তৃক সম্পাদিত 'রসরাজ' নামক পত্তের দহিত পাষও পীড়নের কিয়ৎকাল বিষম বিসংবাদ চলিয়া ছিল। এমন কি সম্পাদকেরা প্রকাশ্য রূপে

পরস্পারের কুৎসা করিতে প্রারম্ভ হন এবং যারপার নাই অশ্লাল বিষয় লিথিয়া স্বস্ব পত্ত দূষিত করেন। কবিবর ঈশরচন্দ্র গুপ্ত প্রবোধ প্রভাকর, হিত-প্রভাকর, বোধেন্দুবিকাশ এবং ভারতচন্দ্রের জীবন চরিত এই কয়খানি গ্রন্থত প্রণয়ন করিয়া গিয়াছেন। তিনি অনেক অনুসন্ধানের পর ভারত-চলু রামপ্রসাদ, নিধুবারু, হরুঠাকুর, রামবস্তু, নিতাইদাস প্রভৃতি কবিগণের জীবন চরিত সংগ্রহ করিয়া প্রভাকর পত্তে ক্রমে ক্রমে তৎসমুদায় প্রকাশ করেন। পরে ভারতচন্দ্রের জীবন রতান্তটী স্বতন্ত্র পুস্তকারে মুদ্রিত করিয়াছিলেন। প্রবোধ প্রভাকর ও হিতপ্রভাকর এই উভয় গ্রন্থই গল্য পদ্যময় চম্পু, কাব্য। প্রবোধ প্রভাকর আত্মতত্ত্ব বিষয়ক কথায় পরিপূর্ণ ও হিতপ্রভাকর বিষ্ণুশৰ্মাক্কত সংস্কৃত হিতোপদেশর আভাস লইয়া বিরচিত। হিতপ্রভাকরের ইতির্ভটী অতিশয় কৌতুহল জনর্ক; যে মহাত্মা হুস্তর দাগর পার হইতে এতদ্দেশে আদিয়া হিন্দুমহিলাদিগের চুরবস্থা সন্দর্শনে সন্তপ্ত হইয়া তাহাদিগের চুঃখ বিমোচনে ও উন্নতি সাধনে ক্লতসঙ্কম্প হইয়া-ছিলেন ও তহদেশে অশেষ ক্লেশ স্বীকার ও

বিবিধ বিদ্ধ বিপত্তি অতিক্রম করিয়া অবশেষে যাহাতে তাহাদের অবিদ্যারপতিমিরাক্ষর মানসা-কাশে বিদ্যার বিমলজ্যোতি বিকীণ হয় তাহার সত্রশায় বিধান করিয়াছিলেন, এবং এই মহানগরীস্থ হেহুয়া দীৰ্ঘিকার বায়ুকোণস্থিত বালিকা বিদ্যালয়ের পরম রষণায় অট্রালিকাটী ঘাঁহার কীর্ত্তিন্ত স্বরূপে অদ্যাপি বিরাজিত রহিয়াছে, সেই বন্ধীয় অবলাকুল হিতৈষী বেপুন সাহেব মহোদয়ের অমুরোধে এই কাব্যথানি প্রণীত হয়। ইহার রচনা সরল ও প্রাঞ্জল। বোধেন্দু বিকাশ সংস্কৃত প্রবোধ চল্ফোদয় নাটকের মর্মা লইয়া রচিত, ইছার অধিকাংশই **হাস্তরসে পরিপূর্ণ। হা**স্যরস বর্ণনায় গুপ্ত মহাশয় অতিশয় নিপুণ ছিলেন ফলতঃ এ বিষয়ে তিনি যেরপ আশ্চর্য্য ক্ষমতা প্রদর্শন করিয়া গিয়াছেন দেরপ আর কোথাও লক্ষিত হয় না ৷

১২**৬৫ সালের ১০ই মাঘে তিনি প**রলোক গমন করেন।

নিম্নে হিতপ্রভাকর হইতে কয়েকটা অংশ উদ্ধৃত করা হইল। যেমন আপন প্রাণ, প্রিয় আপনার।
সেরপ সবার প্রাণ, প্রিয় সবাকার॥
আপন শরীরে যথা, আপনার স্থেছ।
সেইরপ সবে দেপে, নিজ নিজ দেছ॥
অতএব উপদেশ, লছ জীবগণ।
আত্মবৎ কর সবে, দরা-বিতরণ॥
নিজ-সুথে সুথি যারা, চুথি নিজ চুথে।
ভ্রমেও তাদের নাম, এনোনাকো মুথে ॥
আপনি আপন ভাবে, করি প্রণিধান।
প্রেমভরে দেথ ভবে, সকল সমান॥

বুদ্ধিদোবে, যে পুক্ষ, ছেষের অধীন।
মানায় সতত যার, মানস-মলিন॥
কিছুতেই নহে তৃষ্টা, ক্ষা প্রভিক্ষণ।
সুথের অস্থাদ নাহি পায় তার মন॥
নিয়ত কোধের বশে, থাকে যেইজন।
বোধের সহিত তার, না হয় মিলন॥
মিছে মিছি ভয় পেরে, যে, হয়, আকুল।
পাত্র সহিত তার, সদা সমতুল॥
পারভাগ্য-উপজীবী, যেইজন হয়।
চিরদুধী বলি তারে, সুধী সেই নয়॥

লোভেতে কোপের জন্ম, কোধে বোধ যায়।
বোধহীন হোলে নর, কি রছিল তায়।
লোভ হোতে হয় সদা, কানের সঞ্চার।
এই কাম, নানারূপ, দোষের আগার॥
লোভেতে জন্মায় মোহ, নাহি থাকে শিব।
পাড়িয়া মারার ঘোরে, মারা যায় জীব।

পদেপদে, পরিভাপে, দিবানিশি শোক। লোভের অধীন হোরে, মরে কত লোক ॥ এই লোভ সমুদয়, পাপের আধার। লোভের অধীন জীব, হোরোনাকো আর

আগোভাগে, কোনো কর্ম্মে, দিওনাকো হাত भटमभटम, घटडे जांग, विषय वार्षां ॥ ছোটো, বড়, সকলের, অভিমত লও। ভাল, মন্দ, যুক্তি করি, অগ্রসর ছও।। কার্য্যাদ সিদ্ধ হয়. কত উপকার। সমভাগে কলভোগ, হয় সভাকার॥ বিডম্বনা হোলে পরে, কত তায় কতি। সব দোষ পড়ে এসে. প্রধানের প্রতি॥ সবে করে অপমান, অশেষ প্রকার। পুরস্কার কোথা তার, তিরস্কার সার ম অতএব শুন শুন, যুবক-সমাজ। আগে করি বিবেচনা, পরে কর কাজ ॥ **मर्ग-मिरल युक्ति क**ति, कतिव रय काछ। সে काज अगिष्क शाला, किছू नाई लाज ॥ देखिशम्मन इह, मन्निदम्ब नथा। যেপথে করিলে গতি, পুরে মনোরথ॥ इक्तिरात व्यमामन, यूश्य-त्वा नग्र। সেপথে করিলে গতি, অধোগতি হয় ॥ हुई शथ दर्खमान, त्रसाह श्रकाम। সেই পথে গতি কর, যাহে অভিলাব।

মিত্র সহ একতা, যে গৃছে সহবাস।
পবিত্র ভাষার সব, ধমা ভার বাস ॥
উভরত পরস্পার, সুথের সম্ভাষ।
মা বহে কাছারো মনে, চুথের বাভাসর
সাধু ভাবে সদাচার সদা সদালাপ।
একেবারে দুর হয়, সকল বিলাপ॥
পরস্পার ভেদ্দে যায়, উভয়ের ভেদ।
কারো মনে কিছু মাত্র মাছি থাকে থেদ॥
উভয়ের এক ভাব স্বভাবে সয়ল।
এরপ প্রণয়-ভাবে, কাল কাটে যায়া।
সাধু সাধু, ধরাভলে, পুণ্যবান ভারা॥

দিনকর যদি হয় পশ্চিমে উদয়।
আমার নিশিতে যদি শশী দৃশ্য হয়॥
রক্ষের যন্তাপি হয় যৌবন সঞ্চার।
মৃত প্রাণী প্রাণ যদি পায় পুনর্বার॥
শিখরের শিরে যদি ফুটে শতদল।
ক্থনই থল তবু হবে না সরল॥

হরিদ্রোর চাক রূপ যদি হয কালো।
জোনাকি যদাপি ধরে চন্দ্রিকার আলো।
লোহার যদাপি হর ফুলের সেরিভ।
কুপুত্রে যদাপি হর কুলের গোরব।
স্থাবৎ যদি হর সাপের গরল।
কথনই থল ভবু হবে না সরল।

আধিষ ভক্ণ-বেশ্গ যদি ছাড়ে বক।
দাকণ ঠৰাকি-বেশগ যদি ছাড়ে ঠক।
ভাট যদি আছে বাড়ী তাঠ নাহি পাড়ে।
আন্লায় মাম্লায় ঘুষ যদি ছাড়ে।
হাকিম যদাপি ছাড়ে বিচাবের ছল।
কথনই থল তবু হবে না সরল।

লোভেতে ক্রেধের জন্ম, ক্রেধি বেধি হয়।
বোধহীন হলে নর, কি রহিল তায়॥
লোভ হতে হয় সদা কামের সঞ্চার।
এই কাম নানা রূপ দোষের আবার ॥
লোভেতে জন্মায় মোহ নাহি থাকে শিব।
পাড়িয়া মায়ার ঘোরে মারা যায় জীব॥
পাদে পাদে পারিভাপ দিবানিশি শোক।
লোভের অধীন হয়ে মরে যত লোক॥
এই লোভ সমুদায় পাপের আধার।
লোভের অধীন জীব ছুয়োনাকে। আরে॥

হিং প্রকের সহ-বাস, না হয় উচিত।
ত ক্ষকের প্রেম কোথা, ভক্ষের সহিত ।
থলের প্রণয়ে সার কবে হয় হিত।
হিত ভেবে প্রীতি কোরে, ঘটে বিপরীত।
প্রেমভাবে থাকে কোথা, করী আর হরি ?।
প্রেমভাবে থাকে কোথা, হরি আর হরি ?।
বাঘ বল, কোনুকালে, মেষপালে পালে ?।
কোনুকালে প্রেম হয়, ইঁচুর বিড়ালে ?।
কোনুকালে প্রেম হয়, পুণা আর পাপে
কোনুকালে প্রেম হয়, পুণা আর পাপে
কোনুকালে প্রেম হয়, বেভী আর সাপে।

কোনকালে প্রেম হয়, আলো আর যোরে। কোনকালে প্রেম হয়, সাধু আর চোরে?॥ কোন্কালে কাঁচ সহ, তুল্য হয় ছেম। হীন-সহ, সবলের কবে হয় প্রেম?॥ অমৃত গরল সহ, কথনো কি রয়?। চুধের সহিত কোথা, ঘোলের প্রণয় ? ॥ এক ঠাঁই কোথা থাকে, সত্য আর ছল?। সবলের প্রেমে প্রেমী, কবে হয় থলা ?॥ ব্যাধের নিকটে কোথা, প্রেম পায় পাথি। কঠারের কাছে কোথা, প্রেম পায় শাথি ? ॥ কোনকালে মিল হয়, অগ্নি আর জলে?। কোনুকালে মিল হয়, শূনা আর ছলে? ॥ সরল স্বভাবে হোলে, উভয় সমান। পরস্পর প্রেম করা, বিহিত বিধান ॥ কুল, শীল, স্বভাবের, নিয়ে পরিচয়। সবি শেষ জ্ঞাত হবে, ভাব সমুদয়॥ অকস্মাৎ আগস্তুকে, করিয়া বিশ্বাস। কানোমতে বিধি নয়, তার সহ বাস ॥ স্বভাবে জানিব যারে সুশীল সুজন। মিত্রভাবে লব গিয়া, তাহার শরণ॥ ভার সহ সদালাপে, দুর হবে দুখ। স্থির প্রেমে চিরকাল, পাব কত স্থুখ।

কোনরূপ অভিলাবে শক্ত যদি কাছে আবে, স্মধুর প্রিয়ভাবে কর তার তোষণা। প্রেমভাবে মনে ধরি পূর্কভাব পরিছরি, দ্বেষভাব দূর করি স্বভাবেরে দোসনা॥ বাছিরের শক্ত যার। কি করিতে পারে ডারা, ভিতরের শক্তগণে একেবারে রোষনা। ভেদ নাই আত্ম পরে থাকে নিজ ভাবভরে, অনুরাগ রবিকরে "ভাস্তিনদী,, শোষনা॥ আপনার কলেবরে মানসের সরোবরে, মোহন-মরাল চরে সেই পাথি পোষনা। নিজবোধ ক্ষে ছবে নিজভাব ভাব সবে, এই ভবে বিধিরতে রবে তবে যোঘণা॥

অতিশয় নীচ লোক, বাদে যদি আদে। প্রিয়ভাষে সাধু ভারে, তথনি সম্ভাবে। সমাদর, সাধুভাব, সুজনের কাছে। স্থল, জল, আসনের অভাব কি আছে ॥ মছতের মহিমার, কি কহিব ভেদ। তার কাছে, ছোট, বড়, কিছু নাহি ভেদ॥ কিছতেই নাছি ভাবে, মান অপমান। শক্র আর মিত্র তার, উভয় সমান॥ দেখ দেখ, নিশাপতি, কিবা গুণ ধরে। ইতর বিশেষ, কিছু, ভেদ নাছি করে। (माथावा, हलाल मीह, (कांशा विश्ववत I সমভাবে সকলের, ঘরে দেন কর॥ কুঠারে ভকর মূল, ছেদন, যে. করে। ছায়াদানে তক ভবু, তাপ তার হরে॥ স্বকরে আংথের মূল, যে, করে ছেদন। अधूत आश्वाम ভারে, করে বিভরণ ॥

সেজন, সুজন অতি, সাধুর প্রধান। যে, করে, আ্রিড জনে, আ্রায় প্রদান।।

ত (রেই, সুজন, বলে সকল সুজনে। যে করে অভয় দান ভয়শীল জনে।। यानी ताल (महे कत्न. मकत्नहे याता। যেজন মানির মান রাথে নিজ মানে।। প্রিয় বোলে বাঁধি তারে, প্রণরের জালে। (यजन महाश इस दिशामत काला। ধনের সার্থক করি সেই পায় স্তুধ। যাচকে যাহার কাছে না হয় বিমুখ। অতি সাধু ধর্মনীল, গুৰু বলি তারে। সুনীতি শিখায় যেই সাধু ব্যবহারে॥ ধনা তার অধ্যয়ন পণ্ডিত সেজন। উপদেশে করে যেই সংশয়-ছেদন।। তাহারে স্বভাবদাতা বলে সর্বজনে। অনাথ দেখিলে যার দয়। হয় মনে।। কেৰা আত্ম কেবা পর কে বুরিতে পারে। যে হয় বাথার বাথী আত্ম বলি তাঁরে।। (प्रत्मात कुमलकाती छेख्य (म खन। যে জন নিয়ত করে বিদ্যা বিতরণ।॥ তলনা না হয় তার কাহারো সহিত। কথনো না করে যেই পরের আহিত।। यूगील यूथीत (महे शूक्रावत मात। আপনার নিন্দা শুনে ক্রোধ নাই যার।।

বিশেষ কারণে সাধু যদি করে ক্রোধ।
তরু তার মন হোতে নাছি যায় বোধ।।
সে রাগ স্থরাগ তায় নাছি কিছু ভয়।
বোধের উদয় থাকে ক্রোধের সময়।)

হিতকর ক্রোধ সেই স্বভাবে সঞ্চার।
কদাচ কা হয় তায় মনের বিকার॥
যদাপি জ্বলিয়া উঠে তৃণের জনল।
তাহাতে কি তপ্ত হয় জলধির জল।।
অতএব থাকো সদা সাধু-সন্নিধান।
রাগ আর তৃষ্টি যার উভয় সমান।।
স্কনের প্রেমে কড়ু নাহি অপকার।
রোধে ভোষে উপদেশে কড উপকার।।

ফুলের স্তবক হয় যেরূপ প্রকার।
আবিকল সেরূপ সভের ব্যবহার।।
হয় গিয়া চড়ে ফুল মাথার উপর।
নতুবা বিলয় হয় বনের ভিতর।।
হয় হয় নরপ্রোষ্ঠ মহৎ যে হয়।
নতুবা বিজন বনে দেহ করে লয়॥

সংসার রসের তক সহজে সরল।
তাহাতে ফলেছে তুই সুরসাল ফল।।
এক ফল "কাবা সুধারস-আসাদন"।
আর ফল "সুজনের-সহিত মিলন"।
হবেনা বিফল কভু হবেনা বিফল।
যাহে যার অভিকচি লহ সেই ফল॥
প্রথম ফলের স্থাদে স্প্র হয় মন।
দ্বিতীয় ফলের স্থাদে স্কল জীবন।।

## রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়।

ভূগলী জেলার অন্তঃপাতী শিবপুর আমে রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের বাসস্থান। ইনি একণকার একজন সম্ভ্রান্ত ডেপুটী মাজিফ্রেট। ইনি স্বপ্র-ণীত 'পদ্মিনী উপাখ্যান' নামক কাব্যের ভূমিকায় লিখিয়াছেন 'কিশোরকালাবধি কাব্যামোদে আমার প্রগাত আদক্তি সুতরাং নানা ভাষার কবিতাকলাপ অধ্যয়ন বা প্রবণ করত অনেককাল সমূরণ করিয়া থাকি। আমি সর্বাপেক। ইংল্ডীয় কবিতার সমধিক প্র্যালোচনা করিয়াছি এবং দেই বিশুদ্ধ প্রণালীতে কবিতা রচনা করা আমার বহুদিনের অভ্যাস। বাঙ্গালা সমাচার পত্র পুঞ্জে আমি চতুদ্দশ বা পঞ্চদশ বর্ষ বয়দে উক্ত প্রকার পদ্য প্রকাশিত করিতে আরম্ভ করি'। নায়ক নায়িকার প্রেম সজ্ঞাইনাদি 'আদিরসান্ত্রিত কাব্য প্রবাহে ভারতবর্ষীয় যুবকদিগের চিত্তক্ষেত্র পারিত করা কর্ত্তব্য নহে' এই বিবেচনায় রঙ্গলাল কর্ণেল টড় বিরচিত রাজস্থান প্রদেশের বিবরণ পুস্তক হইতে ক্ষত্রিয় রমণীকুলশিরোমণি পতিপরায়ণা পদ্মিনীর বিবরণ অবলয়ন পূর্ব্বক 'পদ্মিনী উপাখ্যান' নামক প্রাসিদ্ধ কাব্য রচনা করিয়া বঙ্গভাগায় কবিতা রচনা বিষয়ে এক ভুতন প্রণালী প্রদর্শন করিয়াছেন। এতদ্বাতীত তিনি 'কর্মদেবী' ও 'শুরসুন্দরী' নামে অপর হুই খানি কাব্য প্রাণয়ন করিয়াছেন। আশাদের বিবেচনায় তাঁহার কাব্য-ত্রয়ের মধ্যে পাল্লনী উপাখ্যানই সর্ব্বোৎকৃষ্ট। এই কাব্য গুলির মধ্যে স্থলে স্থলে প্রক্লুত কবিত্বের বিলক্ষণ পরিচয় পাওয়া যায়। ফলতঃ রঙ্গলালের কবিত্ব শক্তি নিতান্ত সামান্য নহে: তাঁহার রচনা প্রণালী ও ছন্দোবন্ধও মন্দ নয় এবং তৎপ্রণীত কাব্য সকল স্থানে স্থানে প্রগাঢ় ভাব সমূহে পারপূর্ণ। বন্ধীয় **সাহিত্য সমাজে তিনি যে** কবি ও সুপথপ্রদর্শক বলিয়া চিরকাল সমাদৃত হইবেন তদ্বিধয়ে অণুমাত্র **সন্দেহ** নাই।

বন্দ্যোপাধ্যায় মহাশয় যুকুন্দরাম ক্বত বিখ্যাত চণ্ডীকাব্যের এক স্থুতন সংস্করণ প্রচার করেন। স্প্রচারিত গ্রন্থের প্রারম্ভে তিনি কবিক্ষণের কবিত্বাদি সংক্রান্ত যে সমালোচনাটী সল্লিবেশিত করিয়া দেন তাহা অতি চমৎকার এবং তদ্বারা তাঁহার বিদ্যাবন্তা, বুদ্ধিমন্তা ও সছ্বদয়তার সবিশেষ পরিচয় পাওয়া যায়। সুপ্রসিদ্ধ এভুকেশন গেজেটের ইনি কিছুদিন সহকারী সম্পাদক ছিলেন।

পদ্মিনী উপাধ্যান হইতে উদ্ধৃত।

সর্ব সুলক্ষণবতী, ধরাধানে যে যুবতী, লোকে বলে পদ্মিনী ভাষারে। সেই নাম নাম যার, সেরূপ প্রকৃতি ভার, কভ গুণ কে কৃষ্টিত পারে?

পৃতিব্ৰতা পৃতিবৃতা, অবিবৃত্ত সুশীলতা, আবিভূতি। হৃদ পদ্মাননে।

কি কব লজ্জার কথা, লভা লজ্জাবভী যথা, মৃত-প্রায় পর পরশনে।।

যেমন পাল্লিনী সভী, মিলিল ভেমতি পাতি, রাজকুল চক্রবর্তী ভীম।

ধর্ম্মে পর্ম্মপুত্র সম, রূপে সছদেবোপম, বীর্যো পার্থ, বিক্রমেতে ভীম।।

যোগ্য পাত্রে মিলে যোগ্য, সুধা স্কুরগণ ভোগ্য, অস্কুরের পরিশ্রম সার।

বিকশিত তামরদে, আলি আদি উড়ে বংস, ভেক ভাগো কেবল চীৎকার।।

ক্ষতিয়দিগের প্রতি রাজার উৎসাহ কাবা।
"বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে,
কে বাঁচিতে চায়।
দাসত্ব শৃশ্বল আজি কে পরিবে পায় হে,
কে পরিবে পায়॥

কোটি কম্পে দাস থাকা মরকের প্রায় ছে,
নরকের প্রায় !

দিনেকের স্বাধীনতা, স্বর্গ-স্থপ তায় ছে, স্বর্গ-স্থুপ তায়!

এ কথা যথন হয় মানসে উদয় ছে, মানসে উদয়।

পাঠানের দাস হবে ক্ষত্রিয় তনর হে, ক্ষত্রিয়–তনয়।।

তথনি জ্বলিয়ে উঠে হাদর-নিলয় ছে, হাদয-নিলয়।

নিবাইতে সে অনল বিলম্ব কি সয় হে, বিলম্ব কি সয় ?

আই শুন! আই শুন! ভেরীর আপ্রয়াজ হে, ভেরীর আপ্রয়াজ।

সাজ সাজ বলে সাজ সাজ সাজ হে, সাজ সাজ সাজ।

চল চল চল সবে সমর সমাজ (হ, সমর সমাজ।

রাথছ তৈপভূক পর্মা, ক্ষত্তিয়ের কায হে, ক্ষতিয়ের কায়।।

আনাদের মাতৃভূমি রাজপুতনার ছে, রাজপুতনার।

সকল শরীরে ছুটে ক্ষধিরের ধার ছে, ক্ষধিরের ধার।।

সার্থক জীবন আর বাস্ত্-বল ভার ছে, বাস্ত্-বল ভার।

আংত্মনাংশে যেই করে দেশের উদ্ধার ছে, দেশের উদ্ধার।। কৃতান্ত-কোমল-কোলে আমাদের স্থান হে, আমাদের স্থান।

এসো তায় সুথে সবে হইব শয়ান ছে, ছইব শয়ান।।

কে বলে শম্ম সভা ভায়ের মিধান ছে, ভাষের নিধান ?

ফত্রিয়ের জ্ঞাতি যম, বেদের বিধান হে, বেদের বিধান।।

শ্বরহ ইফুাকু-ৰংশে কত বীরগণ হে, কত বীরগণ।

পরহিতে, দেশহিতে, তাজিল জীবন হে, তাজিল জীবন।।

प्यत्र ठाँपात मत कीर्खि-विवत्न। (क्र. कीर्खि-विवत्न।

বীরত্ব-বিমুখ কোন্ ক্ষত্রিয়-নন্দন হে, ক্ষত্রিয–নন্দন ?

অতএব রণভূমে চল ত্বরা যাই ছে.

চল ত্বরা যাই।

দেশহিতে মরে যেই তুলা তার নাই হে, তুলা তার নাই।।

যদিও যবনে মারি চিতোর না পাই ছে, চিতোর না পাই।

ষ্বৰ্গপ্ৰথে স্থুখী হব, এসো সব ভাই হে, এসো সব ভাই ॥"

যবনদিগের ছারা চিন্তার অধিকার।

নিহত নিকর শূর, পড়িল চিতোর পুর, ছিন্দু-কুর্য্য অস্ত্রগিরি-গত। मामञ् हुर्जत (क्रम, त्राष्ट-स्रात मभारवन, তাপ তমস্মিনী পরিণত।। यथन यवन चामि, जमत-उत्रक्ष जामि, পুথুরাজে পরাভূত করে। হিন্দুর প্রতাপ লেশ, যাহা কিছু অবশেব, ছিল মাত্র চিতের নগরে।। यथा (घांत अमानिना, उमः- श्र्न मन मिना, আকাশে জলদ আডম্বর। (मश्रीन अकरमान, विमल उज्ज्वल (वर्ग. দীপ্তি দেয় তারক স্থানর।। অথবা তরঙ্গ রঙ্গ, জলধির অস সঙ্গ, স্রোতে হয় তুণ তিন থান। ত্ৰোময় সমুদয়, কিছু নাহি দৃষ্ট হয়, পরিক্রান্ত পোতপতি প্রাণ।। বিপদ-বারণ-ছেত্, শৈলোপরি যেন কেত্, প্রদীপ্ত আলোকে শোভা পায়। সেরপ ভারত-দেশে, স্বাধীনতা-সুথ শেষে, ছিল মাত্র রাজপুতনায়।। কি হইল হায় হায়! সে নক্ষত্ৰ লুপ্তকায়, নিবিল সে আলোক উজ্জল। যবনের অহম্বার, চুর্ন ছয়ে কভ বার, এই বার হইল সফল।।

কি হইল হায় হায়! কোথা সব মহাকায়, ভেজঃপুত রাজপুতগণ? শুভাতে উঠিয়ে তারা, যুঝিয়ে দিবস সারা, শুদোবেতে মুদিল নরন।।

কে ভাঙ্গিবে সেই যুম? ঘোর কালানল ধূম, ঘেরিয়াছে পলকের দ্বার। मुनिशांटक कानशत्र, तीत्र मध्त मत्र, নাছি তাহে খাসের সঞ্চার ॥ ধরাতলে লোটাইয়ে, নাসারস্থাসারিয়ে, ত্রঙ্গ পতিত শত শত। বিস্ফারিত তবু তায়, স্বাস নাহি আসে যায়, চিবুকেতে রসনা নির্গত।। ধনিত কার্পাদ প্রায়, ফেন লালে শোভা পায়, नवीन नागमल पूर्वापल। মরকত বিজটায়, কিবা শোভে প্রতিভায়, ওচ্ছ ওচ্ছ কুদ্র মুক্তাফল॥ অদুরে আরোহী তার, প্রদোষের পদ্মাকার, আধ বিমুদিত নেত্রে পড়ি। যে তনুকাঞ্চন সম, ছিল প্রিয়া প্রিয়তম, ধূলায় যেতেছে গড়াগড়ি।। (य अपन सूत्राकत, (य नयन हेन्दीवत, ছিল প্রেয়সীর প্রিয়ধন। দেই অধরেতে আসি, বায়সী স্কুণেতে ভাসি, চক্ষে চঞ্চ করিছে ঘাতন! ছত হিন্দু নৃপমণি, উঠে জয় জয় ধুনি, যবনের শিবির ভিতর। আনন্দ-জলধি পর, ভাসিলেক দিল্লীশ্বর, बाख इर्ग ध्यरवर्ग नगत।

### कर्पापनी इहेट उद्भुछ।

#### রাজপুত সাধুর বিবরণ।

যশন্মীর-অন্তঃপাতি, দেশেছিল ভট্টিকাতি. অধিপ অনকদেব তার। পুগল দেশের নাম, জার পুত্র গুণধাম, সাধুনাৰা, বিক্রম-আধার॥ মহা পরাক্রান্ত বীর, কতু নহে নত শির, প্রভাগেতে প্রথর-তপন। সঙ্গে সৰ সহচর, পুরবীর পরিকর, প্রভুর সেবায় প্রাণপণ 🛚 इर्ज-धर्म्म इर्ग अंजि इर्ज इर्ज मनागांज, সদাগতি পরাতৃত তার। দত বত দত বত্ অশ্বচালনায় দত, ছোট বড জাৰা নাহি যায়। एत यत्व बत्यातथः, शीठ मिन्दातत श्वः, পাঁচ দত্তে উপনীত হয়। ধনিক বণিকগণ, ভীত-চিত অকুক্ষণ. কখন আসিরে লুটে লয়। वाल ब्रह्म विनिष्ठाद्य. अमा द्याद्य अमार्गाद्य. यथा जमां महत् बका कहत । কিন্ধ মিলে সম্যোগ্য. সমর রসের ভোগ্য, একেবারে ভীমবেশ ধরে। বিশেষ যবন প্রতি. সরোৰ আক্রোশ অতি, ভলিতাক হয়ে একেবারে। লাফদিয়ে চড়ে যাড়ে, ভূষিতলে টেনে পাড়ে, শত খণ্ড করে তরবারে ।

পুর্বাদিগে বিফু পদী, পশ্চিমেতে সিন্ধুনদী, সাধুর শুরত্ব-অধিকার। विन्तान महाहेवी, यथा थत त्रवि- इवि, মরীচিকা করে আবিচ্চার॥ ব্যাপিয়া রহৎ দেশ, নাছি বারি-বিন্দু-লেশ, নাহি ছায়া, নাহি তক লতা। দরে থেকে দফ্ট হয়, অপরূপ জলাশয়, তাহে চাক ভটিনী সঙ্গতা॥ তটে প্রস্প উপবন, শোভা পায় সুশোতন, ब्रक्त-वल्ली छात्रा करत मान। শ্রান্ত-পান্ত-চিত্তহর নয়নের তপ্তিকর, ভাল বটে, ভানুর এ ভাগ॥ সাধ এই বিনশনে, সহচরগণ সনে. অনায়াসে করিত ভ্রমণ। মরীচিকা তচ্ছ করি, ভয়ানক বেশ ধরি, করেছিল গ্রহন শাসন। পাঁচ হাতিয়ার ধরা, আপদ মস্তক পারা, অয়সূরচিত পরিচ্ছদ। স্থােভিত সরহন, শব্দ হয় ঝনু ঝনু, ঝকু মকু ঝলক বিশদ। শীতল কঠোর ধর্ম্ম, অসিচর্ম্ম আর বর্ম্ম, माख भारत उरहाडे मकल। চালেতে রাথিয়ে শির, নিদ্রা যেত যত বীর. किছू मांज मा रहा विकल ॥ সেই চালে পিত জল, সেই চালে থেত ফল, সেই চাল, ভোজন-ভাজন। क्रिंडिट हे हे स्वार्ग, हे स्वार्ग निवर्गन, তাহে সিদ্ধ নানা প্রয়োজন।

দিবা নিশি এক সাজ, অভিপ্ৰেড এক কাজ, অস্ত্র শস্ত্র তিলেক না ছাডে। ৰীর-রসে বিচক্ষণ, তাই মাত্র আলাপন. উগ্ৰভা-অনুল হাডে হাডে॥ কাকপ্ৰতি ক্ষমা নাই, হউক আপন ভাই, সমূচিত শিক্ষা দিবে তারে। অনাায় না সহা হয়, মিথাবাদ নাহি সয়. সতোর পরীক্ষা ভরবারে॥ হায় কোথা সেই দিন, ভেবে হয় তকু কীণ. এ যে কাল পডেছে বিষম। সত্যের আদর নাই. সভাহীন সব সাই. মিথার প্রভুত্ব পরাক্রম॥ সব পুৰুষাৰ্থ শুনা, কিবা পাপ কিবা পুণা, ভেদ ভঃগল হইয়াছে গত। বীর কার্যোরত বেই, গোঁয়ার ছইবে সেই। গীব, যিনি ভীকতায় রত॥ माहि সরলতা-লেশ, দেবেতে ভরিল দেশ, কিবা এর শেষ নাহি জানি। कीन (प्रक. कीन मन, कीन श्रान, कीन शन, ক্ষীণ প্রে ঘোর অভিমানী॥ कांग्र करत हुश्य ार्ति, अमना विलग्न भारत, कुर्किं्वक सुमिन श्राप्तन । करव श्रेम बीट तरम, जगर जतिरव गर्म, ভাত্ত ভাস্কর হবে পুন।

# মাইকেল মধুস্থদন দত।

''ইনি আমুমানিক ১২৩৫ সালে জেলা যশো-হরের অন্তর্গত কবতক নদীতীরবর্তী সাগরদাঁডী আমে ৺রাজনারায়ণ দত্তের ঔরসে জাহুবীদাসীর গর্ভে জন্মগ্রহণ করেন। ইহার পিত। কলিকাতা সদরদেওয়ানি আদালতের এক জন প্রধান উকীল ছিলেন। ইহাঁর মাতা যশোহরের অন্তর্গত কাটি-পাড়ার জমিদার গৌরীচরণ ঘোষের কন্যা। ইহাঁরা তিন সহোদর ছিলেন। ইনি সর্ব্ব জ্যেষ্ঠ, আর হুই জন শৈশবাবস্থাতেই কালগ্রাদে পতিত হয়েন। ইনি হিন্দুকালেজে ইংরাজী ও পারদ্য ভাষা অভ্যাদ করেন। ১১।১৭ বংসর বয়দে ইনি পুষ্টধর্মাবলম্বন করেন। তত্রাচ একমাত্র পুত্র বলিয়া ইহাঁর পিতা ইহাঁকে একেবারে পরিত্যাগনা করিয়া চারি বৎসর কাল বিষপাস-কালেজে অধ্যয়নাদি করান। ঐ চারি বৎসরের পর এ অঞ্চল পরিত্যাগ করিয়া ইনি মান্দ্রাক্তে যাইয়া ইংরাজী ভাষায় গদ্য পদ্য রচনার দ্বারা ত্তরায় সুখ্যাতি লাভ পূর্বক

তত্ত্ত্য বিশ্ব-বিদ্যালয়ের শিক্ষকের পদে নিযুক্ত হন। ১৮৫৬ সালে ইনি সন্ত্রীক বাঙ্গালা প্রদেশে প্রত্যাগত হইয়াছেন। এখানে হুই তিন বৎসর কাল অপব্যয় করিয়াছিলেন। পরে ১৮৫৮ সালে পাইকপাড়ার রাজাদিগের আদেশে রত্নাবলী নাটকের ইংরাজী অন্ত্রাদ করেন। তদনন্তর উপর্যুপেরি এত গুলি পুশুক লিখিয়াছেন;—

১ম, শর্ষ্মিষ্ঠা নাটক। ২য়, পদ্মাবতী নাটক।
৩য়, তিলোভমাসন্তব কাব্য। ৪র্থ, একেই কি বলে
সভ্যতা। ৫ম, বুড় শালিকের ঘাড়ে রোঁয়া। ৬ষ্ঠ,
মেঘনাদবধ কাব্য। ৭ম, ব্রজাঙ্গনা। ৮ম, কুষ্ণকুমারী
নাটক। ৯ম, বীরাঙ্গনা। ১০ম, চতুর্দ্দশপদী
কবিতাবলী।

ইনি আইন অভ্যাস করিবার জন্য ইংলওে গমন করিয়াছিলেন সম্প্রতি জন্মভূমিতে প্রভ্যাগত হইয়াছেন।''

অমিত্রাক্ষর ছন্দে কবিতা রচনার প্রথা ইনিই বাঙ্গলা ভাষায় প্রথম প্রবর্ত্তিত করিয়াছেন। তিলোত্তমা মেঘনাদ ও বীরাঙ্গনা এই তিন খানি অমিত্রাক্ষর ছন্দে লিখিত। ইঁহার রচনা প্রণালী কি ছন্দোবন্ধের বিস্তারিত রূপে দোষ গুণ বিচারের এ উপযুক্ত ছল নহে। যাহা হউক ইনি যে ইদানীন্তন বন্ধীয় কবিদিগের মধ্যে সর্ব্ব প্রধান ইছা সকলেই স্থীকার করিবেন।

#### বীরবাক্তর পতনে রাবনের থেদ।

" নিশার স্থপনসম তোর এ বারতা, ति पूर्छ ! अमतद्वनम् योत जुक्कव**ला** কাতর, সে ধনুর্ধরে রাঘব ভিগারী विधल मसुथ द्रापे ? फूलपल पिहा কাটিলা কি বিধাতা শালুমলী ভক্করে?— হা পুত্ৰ, হা বীরবাত্ত, নীর চূড়ামণি ! কি পাপে হারাত্র আমি তোমা হেন ধনে? কি পাপ দেখিয়া মোর, রে দাকণ বিধি, হরিলি এ ধন তুই? হায়রে, কেমনে সহি এ যাতনা আমি ? কে আর রাথিবে এ বিপুল কুল-মান এ কাল সমরে ! বনের মাঝারে যথা শাখাদলে আগে একে একে কাটুরিয়া কাটি, অবশেষে নাশে রক্ষে, হে বিধাতঃ, এ চুরন্ত রিপু ভেমতি চুর্বল, দেখ, করিছে আমারে নিরন্তর! হব আমি নিক্ষল সমূলে এর শরে ! তা না ছলে মরিত কি কভু भूली भञ्जुमम जोहे कञ्जकर्न मम, অকালে আমার দোবে ? আর যোগ যত ---त्रोक्तमा कूल - त्रक्रव ? -------- हात हेण्हा करत ,

ছাড়িয়া কনকলঙ্কা, নিবিড় কাননে পশি, এ মনের জ্বালা জুড়াই বিরলে ! কুমুমদাম-সজ্জিত, দীপাবলী-তেজে উজ্জ্বলিত নাট্যশালাসম রে আছিল এ মোর সুন্দরী পুরী! কিন্তু একে একে শুথাইছে ফুল এবে, নিবিছে দেউটা; मीतव तताव, वीशा, मूतक, मूतली ; ভবে কেন আর আমি থাকি রে এথানে ? কার রে বাসনা বাস করিতে আঁধারে ?" এতেক কহিয়া রাজা, দূতপানে চাহি, আদেশিলা,—" कह, मू उ, क्यान পড़िल সমরে অমরত্রাস বীরবাত বলী" প্রণমি রাজেন্দ্র পদে, করযুগ যুড়ি, আরিব্রিলা ভগ্নদূত ;—" হায়, লকাপতি, কেমনে বর্ণিব বীরবান্তর বীরতা ?— ममकल कड़ी यथा शटन मलवटन, পশিলা বীরকুঞ্জর অরিদল মাঝে ধকুর্বর। এখনও কাঁপে হিয়ামন থরথরি, শারিলে সে ভৈরব হুক্ষার! শুনেছি, রাক্ষসপতি, মেঘের গর্জন। সিংহনাদ ; জলধির কল্লোল ; দেখেছি ক্ষত ইরম্মদে, দেব, ছুটিতে পবন-পথে ; কিন্তু কভু নাহি শুনি ত্রিভুবনে, এ ছেন ঘোর ঘর্মর কোদগু টকার ! কভুনাহি দেখি শর হেন ভয়হর !— " পশিना वीद्यस्यक्रम वीववाङ् मह রণে, মৃথনাথ সহ গক্তযুথ যথা। ষন ঘনাকারে ধুলা উঠিল আকাশে,—

মেঘদল আসি যেন আবরিলা কবি গগন ; বিচ্যাত্রালা সম চকম্কি উডিল কলম্বকুল অম্বর প্রদেশে শনশনে !--ধন্যশিক্ষা বীর বীরবাত ! কত যে মরিল অরি. কে পারে গণিতে ? " এই রূপে শক্রমাঝে যুঝিলা স্বদলে পুত্র তব, হে রাজন্! কতক্ষণ পরে, প্রবেশিলা যুদ্ধে আসি নরেব্রু রাঘব। কনক মুকট শিরে, করে ভীমধনু:, বাসবের চাপ যথা বিবিধ রভনে খচিত"— ... ... এতেক কহিয়া স্তব্ধ হইল রাক্ষস মনস্তাপে। লঙ্কাপতি হর্ষে বিষাদে কহিলা; "সাবাসি, দৃত! তোর কথা শুনি, কোন বীরহিয়া নাহি চাহেরে পশিতে সংগ্রামে? ডমকগ্রনি শুনি কালফণী. কভু কি অলসভাবে নিবাসে বিরবে ? धना लडा, वीतश्रुवधावी ? हल, मरव-চল যাই, দেখি, ওছে সভাসদূ জন, কেমনে পড়েছে রণে বীর চ্ড়ামণি বীরবান্ত; চল, দেখি জুড়াই নয়ন" উঠিলা রাক্ষসপতি প্রাসাদ-শিধরে, কনক উদয়াচলে দিনমণি যেন অংশুমালী। চারিদিকে শোভিল কাঞ্চন-সেধ-কিরীটিনী লঙ্কা-মনোহরা পুরী! হেমহর্দ্ধ্য সারিসারি পুস্পাবন মাঝে; কমল-আলয় সরঃ ; উৎস রজঃ ছটা ; তৰুরাজী; ফুলকুল-চক্ষুবিনোদন;

... ... ছীরাচ্ডালির: प्तिवशृष्ट : माना ब्रांट्स ब्रक्किक विश्राम, বিবিধ রভন পূর্ব ; এ ছগত যেন कांनिता विविध धन, शृंकांत विधारन, রেখেছে, রে চাক্লমা, ভোর পদতলে, জগতবাসনা ভুই, সুধের সদন। দেখিলা রাক্ষদেশর উন্নত প্রচীর-অটল অচল যথা : ভাছার উপরে. वीत्रमाम मञ्ज, रक्टत अञ्जीमन, यथा শুক্ষধরোপরি সিংছ। চারি সিংছদ্বার (क्क ७८व ) रहतिला देवरमहीहत ; उथा चारग तथ, तथी, गज, खन, भमाजिक অগাণা। দেখিলা বাজা নগৰ বাছিবে. বিপুরন্দ বালিরন্দ সিদ্ধতীরে যথা, নক্তমগুল কিয়া আকাশ মগুলে। থানা দিয়া পূর্বজারে, চুর্ব্বার সংগ্রাবে विज्ञाद्य वीत नील ; मिक्न प्रशादत अन्नम, कत्रज्ञम बददल दली; উত্তৰ চুয়ারে রাজা স্থগ্রীৰ আপনি বীরসীংহ। দাশরখি পশ্চিম দুরারে— হায়রে বিষয় এবে জানকী বিহুদে, क्रियमी विहास यथा क्रमुभत्रक्षन শশাস্ক! লক্ষণ সঙ্গে, বায়ুপুত্ৰ হতু, মিত্রবর বিভীষণ। শত প্রসরণে, विष्कृतारक देवित्रमल वर्ग लकाशूबी. शहन कामत्न यथा वार्ष मल मिलि. व्यटक काटल मांबधारम दम्मतीकामिनी। ..... অদুরে হেরিলা রক্ষ:পডি

इनक्किछ । निर्वाकुल, गृधिनी, नकूनी, कुक् ब, शिशां हमल करंब कोलां हरल। क्ट डेट्ड: क्ट बटम: क्ट वा विवादम: शांकभाषि माति (कह थिमाहेरह मृत সমলোভী জীব : (कर, গরজি উল্লাদে, নাশে কুগা-অগ্নি: কেই শোষে রক্তব্রোত: পড়েছে কুঞ্জরপুঞ্জ ভীয়ণ-আকৃতি: **অড্গতি ঘোড়া, হায়, গতিহীন এবে!** চূর্বরথ অগণ্য, নিষাদী সাদী, শূলী, রথী, পদাতিক পড়ি যায় গড়াগড়ী একরে! শোভিছে বর্মা, চর্মা, অসি, ধরু:, ভিন্দিপাল, ত্ণ, শর, মুদার, পরশু, श्वारम श्वारम ; मिन्यत कितीह, नीर्यक, আর বীর আভরণ, মহাতেজন্মর। হৈমধুজনও হাতে, যম দণ্ডাঘাতে, পড়িয়াছে ধুজবৃহ। হায়রে, যেমতি স্বৰ্চুড় শস্য ক্ষত ক্ষীবলবলে, পড়ে ক্ষেত্রে, পড়িয়াছে রাক্ষসনিকর, রবিকুলরবি শূর রাঘবের শরে ! পড়িয়াছে বীরবাত —বীর চূড়ামণি। মহালোকে শোকাকুল কহিলা রাবণ;--" যে শ্যাার আজি তুমি শুরেছ, কুমার প্রিয়তম, বীরকুলসাদ এ শয়নে अमा ! विश्रमलवत्ल मलिशा अभरत्न, অবাভূমি রক্ষাহেতু কে ডরে মরিতে ? যে ডরে, ভীক দে মৃঢ় ; শভধিক্ ভারে ! खतु, तद्म, (य क्षत्र, मुक्ष (माक्मरण কোমল সে ফুল সম। এ বক্ত-আঘাতে

কত যে কাতর সে, তা জানেন সে জন. অনুৰ্যামী যিনি: আমি কছিতে অক্ষম। হে বিধি, এ ভব-ভূমি তব লীলাস্থলী ;--পারের যাতনা কিন্তু দেখি কিছে তমি হও সুথী ? পিতা সদা পুত্রতু:থে তুথী— তুমি হে জগতপিতা, এ কি রীতি তব? হা পুত্ৰ! হা বীরবাক্ত! বীরেন্দ্র কেশরী! কেমনে ধরিব প্রাণ তোমার বিহুদে ?" এই রূপে আক্ষেপিয়া রাক্ষস-ঈশ্বর রাবণ, ফিরায়ে আঁখি, দেখিলেন দুরে সাগর-মকরালয়। মেঘশ্রেণী যেন অচল, ভাসিছে জলে শিলাকুল, বাঁধা দৃঢ় বাঁধে। তুই পাশে তরঙ্গনিচয়, উথলিছে নিরস্তর গভীর নির্ঘোষে। অপূর্ববন্ধন সেতু! রাজপথসম প্রশস্ত : বহিছে জনস্তোত: কলরবে, স্রোতঃপথে জল যথা বরিষার কালে। অভিমানে মহামানী বীরকুলর্যভ রাবণ, কহিলা বলী সিন্ধু পানে চাহি ;— "কি সুন্দরমালা আজি পরিয়াছ গলে, প্রচেত: ! হা ধিক, ওছে জনদলপতি ! এই কি সাজে তোমারে, অলঙ্যা, অজের ত্মি ? হায়, এই কি হে তোমার ভূষণ, রত্ত্রকর ? কোনু গুণে, কহ, দেব, শুনি, कान छा भागत्रिय किरमण्ड जामारत ? প্রভঞ্জন বৈরী তুমি; প্রভঞ্জন সম ভীমপরাক্রম! কছ, এ নিগড় ভবে পর তুমি কোন্ পাপে ? অধম ভালুকে

न्यालिका राष्ट्रकत, त्थला छात्र लहा ; কেশবীর রাজপদ কার সাধ্য বাঁধে वीजश्त ? अरे त्य लका, देशमवकी श्रेती, শোভে তব বক্ষঃস্থলে, হে নীলাম্বসামি, কেন্তিত রতন যথা মাধবের বুকে, কেন ছে নির্দায় এবে তমি এর প্রতি ? উঠ, विल ! वीत्रवटल এ चांड ल छाडि. দুর কর অপবাদ ; জুডাও এ জ্বালা, ডুবায়ে অতল ভলে ৪ প্রবল রিপু। Caरथा मा त्गा खर खाल अ कलक-caथा, হে বারীজ্র, তব পদে এ মম মিনতি।" এতেক কছিয়া রাজরাজেন্দ্র রাবণ, আ'সিয়া বসিলা পুনঃ কনক-আসনে সভাতলে: শোকে মগ্র বসিলা মীরবে মহামতি: পাত্রমিত্র, সভাসদ আদি विभाग कि मिटक, आहा, नौत्रव विवाहम ! হেন কালে চারিদিকে সহসা ভাসিল রোদন নিশাদ মৃতু; তা সহ মিশিয়া ভাসিল ভূপুরশ্বনি, কিকিনীর রোল (घात (तर्राता। (हमान्त्री मिन्नीमल मार्थ. প্রবেশিলা সভাতলে দেবী চিত্রাঙ্গদা আলুথালু হায়, এবে ক্ররীবন্ধন ! আত্রণহীন দেহ, হিমানীতে যথা কুমুমারতন হীন বনমুশোভিনী লতা! অশ্রেষ আঁখি. নিশার শিশির-পূৰ্ব পদ্মপৰ্ব যেন! ৰীরবান্ত শোকে विदना त्रांखमहियी, विहक्तिमी यथा, যৰে আদে কালফণী কুলাৱে পশিয়া

শাবক! শোকের রাড বহিল সভাতে! স্থর-সুন্দরীর মূপে শোভিল চেদিকে वांबाकूल ; युक्तरकम (मघमाला ; घन নিশাস প্রবল বার ; অশ্রেবারি ধারা আসার; জীমৃতসক্র হাহাকার রব ! চমকিলা লক্ষাপতি কনক-আসনে। কেলিল চামর দুরে ভিভি নেত্রমীরে কিষ্করী; কাঁদিল ফেলি ছত্র ছত্রধর; কোতে, রোবে দেবারিক নিছোবিলা অসি ভीयत्रभी ; भाज. मिज, मखामम यज, অধীর, কাঁদিলা সবে ঘোর কোলাহলে। কতক্ষণে মৃতুস্বরে কহিলা মহিষী চিত্রাক্সদা, চাহি সভী রাবনের পানে :-"একটা রতন মোরে দিয়াছিল বিধি কুপাময়; দীন আমি পুয়েছিত্র ভারে রক্ষাহেত তব কাছে, রক্ষঃকুলমণি, ভক্তর কোটরে শাবক যেমনি পাধী। কছ. কোথা তুমি রেথেছ তাছারে, লহানাথ? কোথা মম অনুলরতন? দরিত্রগদরক্ষণ রাজধর্মা, তুমি রাজকুলেশ্বর; কছ, কেমনে রেথেছ, কান্ধালিনী আমি রাজ;, আমার সে ধন।" डेबर करिला जर्र मनानम रली:-" এ রখা গঞ্জনা, প্রিয়ে, কেন দেছ মোরে? अश्रमाय मारी अस्य क निरम, यूम्बि হায়, বিধিৰশে, দেবি, সৃহি এ যাতনা আমি! বীরপুত্রধাত্রী এ কদকপুরী **दम्भ वीत्रभूमा अत्व ; निमार्य स्वम्छि** 

कूलभूना वनश्रली, जलभूना नही ! বাৰুইর বরজে সজাক পশি যথা ছিন্নভিন্ন করে তারে, দশরথাত্মজ মজাইছে লকা মোর! আপনি জলধি পরেন শৃঙ্খল পায়ে তার অনুরোধে! এক পুত্রশোকে তুমি আকুলা ললনে ( শত পুত্রশোকে বুক আমার ফাটিছে দিব!নিশি! হায়, দেবি, যথা বনে বায়ু धारत, भीमृलिभित्री कृष्ठे। इतल रतन, উড়ি যায় ত্লারাশি, এ বিপুল কুল-শেথর রাক্ষম যত পডিছে তেমতি এ কাল সমরে। বিপি প্রসারিছে বাহু বিনাশিতে লক্ষা মম, কহিনু তোমারে !" নীরবিলা রক্ষোনাথ; শোকে অধোমুথে विध्यथी हिजाका। शक्क विनिन्नी. কাঁদিলা.—বিহ্বলা, আহা, স্মৃত্তি পুত্রবরে। কছিতে লাগিলা পুন: দাশর্থি-অরি.-"এ বিলাপ কভু, দেবি, সাজে কি ভোমারে? দেশবৈরী নাশি রণে পুত্রবর ভব গেছে চলি স্বৰ্গপুরে ; বীরমাতা তুমি ; বীরকর্ম্মে হত পুত্র হেতু কি উচিত ক্রেন্ন? এ বংশ মম উজ্জ্বল হে আজি তৰ পুত্ৰপরাক্রমে; ভবে কেন তুমি काँम, इन्स्निजानान, जिज अध्यनीतः ?"

উত্তর করিলা তবে চাঞ্চনেত্রা দেবী চিত্রাঙ্গদা ;—"দেশবৈরী নাশে যে সমরে, শুভক্ষণে জন্ম ভার ; ধন্য বলে মানি হেন বীরঞ্জন্তনের প্রস্থ ভাগ্যবভী। কিন্ধ ভেবে দেখ. নাথ, কোথা লকা তব; কোথা দে অযোধ্যাপুরী ? কিসের কারণে, কোন লোভে, কছ. রাজা এসেছে এ দেশে तांचव ? এ व्हर्नलक्षा (परवक्त वांक्षिक, অতুল ভবমগুলে ; ইছার চৌদিকে রজত প্রাচীর সম শোভেন জলধি। শুনেছি সরয্তীরে বসতি তাহার— ক্ষুদ্র নর। তব হৈমসিংহাসন-আশে যুঝিছে কি দাশরথি ? বামণ হইয়া क हाट्स श्रति है गिर ? ज्द मात्रिश् কেন ভারে বল, বলি ? কাকোদর সদা নত্রশির: ; কিন্তু তারে প্রহারয়ে যদি (कह, छक्किंकना कनी मः म अहांत्रक। কে, কহ, এ কাল-অগ্নি জ্বালিয়াছে আজি লকাপুরে ? হায়, নাথ, নিজকর্মফলে, মজালে রাক্সকুল, মজিলা আপনি !''

সীতা ও সরমার কথোপকথন।

একাকিনী শোকাকুলা, অশোক কাননে কাঁদেন রাঘববাঞ্জা আঁধার কুটারে নীরব ! তুরস্ত চেড়ী, সভীরে ছাড়িয়া, ফেরে দূরে মস্ত সবে উৎসবকো তুকে— হানপ্রাণা হরিণীরে রাখিয়া বাখিনী নির্ভয় ক্ষদের যথা কেরে দূরবনে ! মলিনবদনা দেবী, হায়রে, যেমতি থনির তিমিরগর্ডে (না পারে পশিতে সৌরকররাশি যথা) স্থ্যকান্ত মণি; কিয়া বিশ্বাধরা রমা অশ্বুরাশিতলে!

স্বনিছে পাৰন, দুরে রহিয়া রহিয়া
উচ্ছ্বাসে বিলাপী যথা! লড়িছে বিযাদে
মর্দ্মরিয়া পাতাকুল! বসেছে অরবে
লাথে পাথী! রাশি রাশি কুসুম পড়েছে
ভক্ষ্লে, যেন তক, তাপি মনজ্ঞাপে,
ফেলিয়াছে খুলি সাজ! দুরে প্রবাহিনী,
উচ্চ বীচিরবে কাঁদি, চলিছে সাগরে,
কহিতে বারীশে যেন এ ভূঃথ বারতা!
না পশে সুধাংশু অংশু সে যোর বিপিনে।
ফোটে কি কমল কভু সমল সলিলে?
তরু ও উচ্ছ্লেল বন ও অপূর্বরূপে!

একাকিনী বসি দেবী, প্রভা আভানয়ী তদোময় ধামে যেন! ছেনকালে তথা সরমা স্থন্দরী আসি বসিলা কাঁদিয়া সতীর চরণতলে, সরমাস্থন্দরী— রক্ষঃকুল রাজলক্ষ্মী রক্ষোবধূবেশে

কতক্ষণে চক্ষুজল মুচি স্থলোচনা কহিলা মধুরস্বরে, "প্ররস্ত চেড়ীরা, তোমারে ছাড়িয়া, দেবি, কিরিছে নগরে, মহোৎসবে রত সবে আজি নিশাকালে; এই কথা শুনি আমি আইসু পুজিতে পা তথানি। আমিয়াছি কোটায় ভরিয়া সিন্দৃর; করিলে আজা, স্থদ্দর ললাটে দিব ফোঁটা। এয়ো তুমি, তোমার কি সাজে এ বেশ? নিঠুর হায়, প্রস্তু লঙ্কাপতি! কে ছেঁড়ে পদ্মের পর্ন ? কেমনে হরিল ও বরাল-জলভার বুমিতে না পারি?" কেটি। খুলি রক্ষোবধু যড়ে দিলা কোঁটা সীমন্তে; সিন্দুর-বিন্দু শোভিল ললাটে, গোধূলিললাটে, আছা ডারারত্ব যথা! দিয়া কোঁটা, পদধূলি লইলা সরমা। "কম, লক্ষী, ছুঁইরু ও দেব–আকাভিকত তরু, কিন্তু চিরদাসী দাসী ও চরণে!"

এতেক কহিয়া পুন: বসিলা যুবতী পদতলে; আহা মরি, স্থবর্ণ দেউটি তুলসীর মূলে যেন জ্বলিল, উচ্চলি দশদিশ! মৃতুস্বরে কহিলা মৈথিলী;—

"রথা গঞ্জ দশাননে তুমি, বিধুমুথি!
আপনি খুলিয়া আমি ফেলাইনু দুরে
আভরণ, যবে পাপী আমারে ধরিল
বনাশ্রমে। ছড়াইনু পথে সে সকলে,
চিহুহেতু। সেই সেতু আনিয়াছে হেথা—
এ কনক লঙ্কাপুরে—ধীর রঘুনাথে!
মণি, মুক্তা, রতন, কি আছে লো জগতে,
যাহে নাহি অবহেলি লভিতে সে ধনে?"

কহিলা সরমা : "দেবি, শুনিরাছে দাসী
তব স্থান্থ ;
কেন বা আইলা বনে রঘুকুলমণি।
কহ এবে দয়া করি, কেমনে হরিল
তোমা রক্ষোরাজ, সতি ? এই ভিক্ষা করি,—
দাসীর এ ভ্ষা ভোষ স্থাবরিষণে!
দুরে তুই চেড়ীদল, এই অবসরে
কহ মোরে বিবরিয়া, শুনি সে কাছিনী।
কি ছলে ছলিলা রামে, ঠাকুর লক্ষ্মণে
এ চোর ? কি মায়াবলে রাঘবের ঘরে
প্রবিশি, করিল চুরি এ ছেন রভনে ?"

যথা গোমুখীর মুখ ছইতে পুস্থনে
বারে পুত বারিধারা, কছিলা জানকী,
মধুরভাষিণী সতী, আদরে সম্ভাবি
সরমারে,—ছিতিভিষণী সীভার প্রমা
তুমি, সখি? পূর্বকথা শুনিবারে যদি
ইচ্ছা তব, কহি আমি, শুন মন দিয়া।—

"ছিকু মোরা, স্থলোচনে, গোদাবরীতীরে, কপোত কপোতী যথা উচ্চরক্ষচুড়ে বাঁধি নীড় থাকে সুথে; ছিত্র ঘোর বনে, নাম পঞ্চবটী, মর্ক্তো সুরবন সম। সদা করিতেন সেবা লক্ষ্মণ স্থমতি। দণ্ডক ভাগ্ডার যার, ভাবি দেখ মনে, কি অভাব ভার? যোগাতেন আনি নিত্য ফলমূল বীর সে মিত্রি; মৃগয়া করিতেন কভু প্রভু ; কিন্তু ভীব নাশে সতত বিরত, সথি, রাঘবেন্দ্র বলী,— দয়ার সাগর নাথ, বিদিত জগতে; "তুলিরু পুর্বের সুখ। রাজার নন্দিনী, রঘুকুলবধু আমি : কিন্তু এ কাননে, পাইকু, সরমা সই, পরম পীরিতি! কুটীরের চারিদিকে কত যে ফুটিত फूलकूल निजा निजा, कहित (क्यान? পঞ্চবটীবনচর মধু নিরবধি ! জাগাত প্রভাতে মোরে কুহরি সুস্বরে পিকরাজ! কোন রাণী, কহ, শশিম্থি, হেন চিত্রবিনোদন বৈতালিক গীতে (थारल अं। थि? मिशीमर, मिथिनी सूथिनी নাচিত ছুয়ারে মোর! নর্ডক নর্তকী,

এ দোঁহার সম, রামা, আছে কি জগতে ? অতিথি আসিত নিতা করন্ত, করতী, मुग्रामिख, विरुक्तम, वर्ग-अक (कर. কেছ শুভ্ৰ, কেছ কাল, কেছ বা চিত্ৰিত, যথা ৰাসবের ধকুঃ ঘনবরশিরে ; অভিংসক জীব যত। সেবিতাম সবে মহাদরে: পালিতাম প্রম্যত্নে, মৰভূমে স্বোভন্দতী ভূষাভুৱে যথা, আপনি সুজলবতী বারিদপ্রসাদে।— সরসী আরসী মোর ! তুলি কুবলয়ে, (অমূলরতনসম) পরিতাম কেশে; সাজিতাম ফুল সাজে; হাসিতেন প্রভু, বনদেৰী বলি মোরে সম্ভাষি কেভিকে! হায়, সথি, আর কি লো পাব প্রাণনাথে ? আর কি এ পোড়া আঁথি এ ছার জনমে দেখিবে সে পা চুথানি—আশার সরসে ताकीव ; महममनि ? (इ मांकन विधि, কি পালে পাপী এ দাসী তোমার সমীপে?"

এতেক কছিয়া দেবী কাঁদিলা নীরবে। কাঁদিলা সরমা সভী ভিতি অঞ্নীরে।

কতক্ষণে চক্ষুজল মুছি রক্ষোবধু সরমা, কহিলা সভী সীতার চরণে ;— ''শ্মরিলে পূর্বের কথা বাথা মনে যদি পাণ্ড, দেবি, থাক্ ভবে, কি কাজ শ্মরিয়া?— হেরি ভব অঞ্চবারি ইচ্ছি মরিবারে!"

উত্তরিলা প্রিয়ম্বদা; (কাদম্বা যেমতি মধুস্বরা!) "এ অভাগিী, হায়, লো স্থৃভগে, যদি না কাঁদিবে তবে কে আর কাঁদিবে এ জগতে ? কহি, শুন পূর্ব্বের কাহিনী।
বরিষার কালে, সথি, প্লাবনপীড়নে
কাতর প্রবাহ, ঢালে, তীর অতিক্রমি,
বারিরাশি ছুই পাশে; তেমতি যে মনঃ
ছঃথিত,-ছু:থের কথা কছে সে অপর।
তেঁই আমি কহি, তুমি শুন, লো সরমে।
কে আছে সীতার আর এ অরকপুরে?

"পঞ্চবটী বলে মোরা গোদাবরী তটে ছিত্র স্থথে। হায়, সথে, কেমনে বর্ণিব দে কাস্তারকান্তি আমি ? সতত স্বপনে শুনিভাম বনবীণা বনদেবীকরে; সরসীর তীরে বসি, দেথিতাম কভ সেরিকররাশি বেশে সুরবালাকেলি পদাবনে: কভু সাধী ঋষিবংশবধূ সুহাসিনী, আসিতেন দাসীর কুটীরে, সুধাংশুর অংশু যেন অন্ধকার ধামে ! অজিন (রঞ্জিত, আহা, কত শত রঙে!) পাতি বসিতাম কভু দীর্ঘ তরুমূলে, স্থিভাবে সম্ভাষিয়া ছায়ায় ; কভুৰা কুরজিনী সঙ্গে রজে নাচিকাম বনে, গাইতাম গীত শুনি কোকিলের ধনি ! কভু বা প্রভুর সহ ভ্রমিতাম সুথে নদীতটে: দেখিতাম তরল সলিলে মূতন গগনে ষেন, নব তারাবলী, নৰ নিশাকান্তকান্তি! কভু বা উঠিয়া পর্বত-উপরে, সতি, বসিতাম আমি নাথের চরণতলে, ব্রততী যেমতি বিশালরসাল-মূলে! কত যে আদরে

তুষিতেন প্রভু মোরে, বরষি বচন-सूधा, हांब, कव कार्त ? कव वा (कमरन ? श्रमिक देवनामश्रुत देवनामवामिनी ব্যোষকেশ, স্বর্ণাসলে বসি গোরীসনে, আগম, পুরাণ, বেদ, পঞ্চতন্ত্র কথা পঞ্চমুগে পঞ্চমুথে কছেন উমারে; শুনিতাম দেইরূপে আমিও, রূপসি, नाना कथा এथन ड, अ विक्रम वरम. ভাবি আমি শুনি যেন সে মধুর বাণী !--मांक कि मांभीत शक्त, दर मिर्छ, द विधि, সে সঙ্গীত ?" নীরবিলা আয়তলোচনা विशाम । कहिला ७ देव महमा चुन्पती :-'শুনিলে তোমার কথা, রাঘ্র- রম্মণি, যুণা জম্মে রাজভোগে ! ইচ্ছাকরে, তাজি त्राकान्यूथ, याहे हिन दहन बनवाटन ! কিন্তু ভেবে দেখি যদি, ভয় হয় মনে। त्रविकत यात, प्राचि, शाला वनश्राल ত্যোময়, निकश्र व बाटना करत वरन त्म कित्र : मिलि याद्र यात्र कान (मटन) মলিন বদন সবে ভার সমাগমে। यथा श्रमार्थन ज्ञा कत्र, मधुमेजि, কেন না হইবে সুখী সর্বাজন তথা, জগত-আনশ তৃমি ভুবনমোহিনী! कहा प्रति. कि क्लिमाल हतिल ভোমাবে तकः পতি ? अनिशाष्ट्र वीशासनि मांगी, সরস মধুরমানে; কিন্তু নাছি শুনি ছেন মধুমাথা কথা কভু এ জগতে!

## লক্ষাণের পতনে রামের থেদ।

" রাজ্য ত্যজি, বনবাসে নিবাসিকু যবে, লক্ষণ, কুটীর দ্বারে, আইলে যামিনী, ধনুঃ করে, হে সুধন্ধি, জাগিতে সভত রক্ষিতে আমায় তুমি; আজি রক্ষঃ-পুরে---আজি এই রক্ষঃ-পুরে অরি মাঝে আমি, বিপদ্ সলিলে মগ্ন ; তবুও ভুলিয়া আমায়, বে মহা বাহু, লভিছ ভুতলে বিরাম ? রাখিবে আজি কে, কছ, আমারে? উঠ, বলি ! কবে তুমি বিরত পালিতে ভাত-আজা? তবে যদি মম ভাগ্যদোষে— চিরভাগাহীন আমি—ত্যজিলা আমারে, প্রাণাধিক, কছ, শুনি, কোন অপরাধে অপরাধী তব কাছে অভাগী জানকী? দেবর লক্ষাণে স্মরি রক্ষঃকারাগারে काँपिए तम पिरामिश ! क्यान जुलिल-**(र ভাই, किम्पान जुमि जुनितन हर जा**जि মাতৃসম নিত্য যারে সেবিতে আদরে! হে রাঘবকুলচুড়া, তব কুলবধু, রাথে বাঁধি পৌলত্তেয় ? না শান্তি সং গ্রামে। হেন চুফীমতি চোরে, উচিত কি তব এ শয়ন-বীরবীর্ঘ্যে সর্বভুক্সম চুৰ্বার সংগ্রামে তুমি ? উঠ, ভীমবাহু, রঘুকুলজয়কেতু! অসহায় আমি তোমা বিনা, যথা রথী শূন্যচক্র রথে ! তেশমার শয়নে হতু বলছীন, বলি, खनहीन धकुः यथा ; विलार्भ विवारम

অঙ্গদ ; বিষণ্ণ মিতা সুগ্রীব সুমতি, অধীর কর্মবোজম বিভীষণ রথী, ব্যাকুল এ বলীদল ! উঠ, ত্বরা করি, জুড়াও নয়ন, ভাই, নয়ন উদ্মিলি !

'' কিন্তু ক্লান্ত যদি তৃমি এচুরন্ত রণে, धन्द्रक्तत, हल किति यां है वनवारम । নাছি কাজ, প্রিয়তম, সীতায় উদ্ধারি.— অভাগিনী! নাহি কাজ বিনাশি রাক্ষ্যে। তনয়-বৎসলা যথা সুমিতা জননী কাঁদেন সর্যভীরে, কেমনে দেখাব এমুখ, লক্ষ্মণ, আমি, তুমি না ফিরিলে সঙ্গে মোর ? কি কহিব, সুধিবেন যবে মাতা, " কোথা, রামভন্ত, নয়নের মণি আমার, অনুজ তোর্? " কি বলে বুঝাব উর্দ্দিলা বধুরে আমি, পুরবাসী জনে ? উঠ, বৎস! আ'জি কেন বিমুখ ছে তুমি সে ভ্রাতার অনুরোধে, যার প্রেমবশে, রাজ্যভোগ তাজি তুমি পশিলা কাননে। সমতঃথে সদা তৃমি কাঁদিতে ছেরিলে অশ্রেময় এ নয়ন ; মুছিতে যতনে অশ্রহারা: ভিতি এবে নয়নের জলে আমি, তবু নাহি তুমি চাহ মোর পানে, প্রাণাধিক ? হে রজনি, দয়াময়ী তমি ; শিশির-আসারে নিতা সরস কুসুমে, निमाचार्क ; প्रानमान दम् । अन्ता সুধানিধি তৃমি, দেব সুধাংশু; বিভর कीवनमाशिनी सुधा, वाँ हाड लक्काल-বাঁচাও, কৰুণাময়, ভিথারী রাঘবে।"

## দ্বারকানাথ রাম্ন প্রণীত কবিতাপাঠ হইতে উদ্ধৃত।

ওরে মানস বিছঙ্গ ২। বিষম বিষয়-বলে কর কত রঙ্গ। তায় ফলে রে কেবল ৩। विषम्य विषम् ই स्मिश-सूथ कल ।। তার করিলে প্রয়াম ?। আপাতত সুথ কিন্তু শেষে সর্বনাশ।। তবে কি ফল সে ফলে ২। যে ফল ভোজনে প্রাণ যায় রে বিফলে।। সে যে দেখিতে সরল ৪। কিন্তু মন জেনো তার অন্তর গরল।। তারে ভাবিছ স্বহিত ২। কিন্তু তার শত্রু ভাব ভোমার সহিত।। তারে কর সুধা জ্ঞান ২। কিল্ড শেষে সেই হবে বিষের সমান।। কেন সে রসে বিভোর ২। "যার লাগি চুরি কর সেই বলে চোর ।।" তাই বলি ওরে মন ২। রাথ রাথ অধীনের এই নিবেদন।। তাজি বিষয়ের বন ১। জ্ঞানারণ্যে আসি বাস কর অনুক্ষণ।। (कन्'(त तमना, जूतरम तम ना, वितम वामना. কেন রে কর। অমল কমল, জিনিয়ে কোমল, অতি নিরমল, শরীর ধর ॥

ছইয়ে কোমল, ছইলে সমল, ছদে হলাছল, বেংগছ বেন। ছইয়ে ললিত, অমত সঞ্জিত, সুৰুসে বঞ্জিত

ছইয়ে ললিড, অমৃত সঞ্চিত, সুরসে বঞ্চিড ছঙ রে কেন ॥

হইরে সরল, উগার গরল, একি অন্তঃখল ভাব ভোষার।

অস্থিহীন কায়, ধরি হার হার, অশনির প্রায়, কর প্রহার।।

কিবা শোভা পায় মনি, রমনীর গলে।
কিবা শোভা পায় ধনী, পারিষদ-দলে॥
কিবা শোভা পায় খনী, গগণ-মণ্ডলে।
কিবা শোভা পায় অসি, বীর-করতলে॥
কিবা শোভা পায় ভৃত্ব, অমল কমলে।
কিবা শোভা পায় শৃত্ব, গিরিময় স্থলে॥
কিবা শোভা পায় শিশু, জননীর কোলে।
কিবা শোভা পায় ইষু, সমর-হিল্লোলে॥
কিবা শোভা পায় কেশ, সুন্দরীর শিরে।
কিবা শোভা পায় কেশ, সুন্দরীর শিরে।
কিবা শোভা পায় বেশ, স্ক্রের শরিরে।
কিবা শোভা পায় লাস্য, শিশুর অধরে।
কিবা শোভা পায় লাস্য, সভার ভিতরে॥
কিন্তু পর-ছু:থে যার, আঁথি ভাসে জলে।
ভার সম শোভা আর,

ছও রে চেতল মোর মানস বিষোর রে। মনোপুরে প্রবেশিবে নছে ছয় চোর রে॥ নব-দ্বার মুক্ত তার, প্রবেশিতে কিবা ভার, ভথাপি না ছয় বোধ কি কুমতি ভোর রে। হৃদয় সর্বস্থ তব, হরিবে না রাখি লব, তবু আছ বিষয়-সম্বেশে হয়ে ভোর রে ॥ তাই বলি মন তোরে, ধরিতে সে ছয় চোরে, বিজ্ঞান প্রহরী রাখ আর জ্ঞান ডোর রে ॥

দেখ জ্ঞান-সুধাংশুর কি শোভা সুন্দর রে।
অন্তর আকাশে থাকে এই সুধাকর রে॥
বিরলে বসিয়ে বিধি, রচিলেন এই নিধি,
লয়ে সংসারের যত শোভা মনোছর রে।
দেখ রে কলঙ্কী শশী, জন্ব-আসনে বসি,
নয়ন জুড়ায় শুধু ধরি সিত কর রে॥
এত অকলক চাঁদ, মনোম্গ-ধরা ফাঁদ,
জুড়ায় ভগত্-জন নয়ন অন্তর রে।
সিত-পক্ষে সুধাকর, শুধু হয় সুধাকর,
নিরন্তর সুধাকর এই শশধর রে॥

দেশ রে আমার মন ভাবিয়ে অন্তরে রে।
মানসের অন্ধকার কেবা দুর করে রে॥
দিবাকর নিশাকর, মণিগণ মনোছর,
আার দীপ-শিখা-করে বিশ্ব আলো করে রে।
অন্তরের অন্ধকার, ছরিবারে সাধ্য কার,
অন্তরের অন্ধকার তারা শুধু হরে রে॥
ধর্ম পন বিনে তবে, বল কার সাধ্য হরে,
ছরিতে মনের তম এই চরাচরে রে॥
তাই বলি ওরে মন, মহারত্ব ধর্ম ধন,
কর রে সাধ্য সদা মহারাগ ভরে রে॥

ওরে মন একেমন চরিত তোমার। আমার হৃৎয়ে তুমি হলে না আমার॥ মোর গৃছে বাস কর, মোর অমে প্রাণ ধর,
মোর ক্রেশে তব ক্রেশ হয় অনিবার।
মোর যদি হয় রোগ, তুমি তাহা কর তোগ,
মোর মরণেতে মর কি কহিব আর ॥
তবু তব একি রীতি, মোর প্রতি নাহি প্রীতি,
শুধু অধর্মেতে প্রীতি একি চমৎকার।
আমার হইয়ে মন, হইলে পরের ধন,
অসতী নারীর মত তোমার আচার॥
যদি তুমি মোর হও, সদা ধর্মপথে রও,
ধর্ম বিনে কেহ আর নাই আপনার।
অধর্মেরে একেবারে কর পরিহার॥

## ক্ষণ্টন্দ্র মন্ত্র্মদার প্রণীত সন্তাবশতক হইতে উদ্ধৃতা

হে ভূপ! গর্ম পরিছর;
শ্মর শ্মর পূর্ব্ব ভূপগণ কাহিনী।
তব তুলা নরেশ কত,
শাসিত সাগরাম্বর ধরা;
সম্পদ মদ মন্ততায়,
ভাবিত ভূণতুল্য এই বিশ্বপুর;
সে সব ভূত কোথায়?
কই বা সে পদ-মদ-মন্ততা?
সে ক্রোধ রাগ-রঞ্জিত
লোচন, যাহা বর্ধিত অগ্লিকণা,
দীন অধীন জন প্রতি;

সে আর্দ্ধনাদ আবন বিগর

শ্রুডি; সে কর্কণ ভাষিণীকোমল রসনা; পর পীড়নোদ্যত

সে কর্যুগল কোথা ছে?
মৃত্তিকার ইদানীং পরিণত!

এই যে মম পদরেণু,
ছিল ভূপতি মস্তক অংশ এক দিম।

এ অনিত্য ভবমগুলে,
কিছু নিতা নহে কিছু নিতা নহে!

অন্য করতল পরিহরি,
তব-করতল আগত, এ রাজ্য; পুন:
কিছুকাল পরে, নিশ্চর,

হবে অন্যদীয় হস্তগামী।

নয়ন রপ্তান মনোছর,
এই যে কাঞ্চন নির্মিত পপ্তার,
দেখিতে স্থাধান বটে,
শানন ভবনোপম মম নিকটে!
রজত কনক পাত্র স্থিত,
এই যে নানাবিগ বনফল ললিত;
অমৃত পূরিত বলে পরে,
তীব্রগরল নোধ মম অন্তরে!
ধনা স্বাধীন দ্বিজ।
কি স্থামধুপূর্ণ তব চিত্তসরসিজ!
স্থাময় তব তককোটর!
স্থাময় তব তিক্তা ফলনিকর!
হায়! সে দিন কি পাব?
সদা আননদে উড়িয়া বেড়াব!

সুখে তক্তিটপে ৰসিব !
পঞ্চম তানে ললিত গাইব !
হা মঞ্জু ক্প কানন !
তব সুখম্যীমূরতি করি দরশন,
কবে নয়ন জুড়াইবে !
ফবে পঞ্জর যাতনা স্থৃচিবে !

তো নভোমগুল! বল স্বরূপ. কে দিল ভোমারে এরপ রূপ ? অসংখ্য তারকাজালে, মণ্ডিভ, বিবিধ রিচিত্র বর্ণে চিত্রিত ! যথন বিশ্বের যে দিকে চাই। সে দিকে ভোমারে দেখিতে পাই ॥ পেয়েছ এমন অনন্ত দেহ। অন্ত নারে তব বলিতে কেছ। যে দিল ভোমারে এরপ কাষ। বারেক দেখাতে পার কি তায়॥ শ্বেত, নীল, পীত, লোহিত রঙ্গে। যে করিল চিত্র ভোমার অঙ্গে॥ বারেক ছেব্রিভে সে চিক্রকরে। বাসনা আমাৰ মানস কৰে। বল হে আকাশ। বল আমায়। কোথা গেলে আমি পাইব তায়॥

যত দিন ভবে, না হবে না হবে, তোমার অবস্থা, আমার মত। শুনে না শুনিবে, বুঝে না বুঝিবে, জান।ইব আমি, যাতনা যত॥ চির সুথী জন, আমে কি কখন, ব্যথিজ-বেদনা, বুঝিতে পারে?। কি যাতনা বিষে, বুঝিবে সে কিসে, কভু বিষধর, দংশে নি যারে॥

কত ভূমিপ আসন যোগা জন।
উটজে করিছে দিন যাপন রে॥
কত নির্দিয়চিত্ত অবোধজনে।
অবমানিত, উচ্চ বিচার পদ॥
কত রত্ন বিলুগিত পাদতলে।
কত কাচ শিরের বিভূষণ রে॥

গতদিন যেই, প্রিয়জন ফুল্ল বদন সরোজ—সুললিতবাণী-মধুময়—হেরি, লভিল বিশুদ্ধ সুথ, মম চিত্ত-মধুকর ; অদা নির্থি বিশুষ্ক, বিগলিভ ভাহা, কি বিষম শোক দহন দহে রে ! অহ! অহ! যেই নয়ন-সুচাক-কমল পলাশে, মধুকর কৈলে, দশন নিবেশ, বিধিত মনেতে মম, চুথশেল, খরতর ; সেই প্রিয়তম-নেত্রে, বলিভুক চঞ্চ, নির্থি নিবিষ্ট, কত ধরি ইর্থা ! মরি মরি যার, বিরছ তিলেক, कङ महिवाद्य, सम सन नाद्य, অহ! অহ! তার, বিরহ্মঅনন্ত, থরতর তাপ, সহিব কিরূপে?

কেছ ভবে ছাস্যমুখে সুখভোগ করে, ছথের অনল কার বুকের ভিডরে! কেছ জ্ঞানে আরোছণ করি করী হয়, বহিরা পরের বোঝা কেছ ক্ষীণ হয়! কার পাতে দধিছ্যা অপমান পায়, কেছ ধরে পারপদে পেটেজ্বালায়! কেছ করে সুকোমল শয়নে শয়ন, কেছ করে ভক্তলে যামিনী যাপন! দীনের দাক্যগুপু কেছ দূর করে, বলে ছলে কেছ সদা পরধন হরে! দর্মপথে কেছ সদা চরণ চালায়, পাপের বিপিনে কেছ জ্মিয়া বেড়ায়! কেছ ইফ্টদেবে মনে শ্বের নিরন্তর, ভূলিয়ে রয়েছে কেছ আপন অন্তর!

কি কারণ দীন তব মলিন বদন ?
যতন করহ লাভ হইবে রতন।
কেন পান্হ! ক্ষাস্ত হও হেরে দীর্ঘপথ ?
উদ্যম বিহনে কার পুরে মনোরথ ?
কাঁটা হেরি ক্ষাস্ত কেন কমলতুলিতে ?
তুঃথ বিনা সুথলাভ হয় কি মহীতে ?

মধুস্থদন বাচস্পতি ক্কত ছন্দোমাল। **হইতে** উদ্ধৃত।

পর গুণ কথনে শত মুথ হইবে নিজ গুণ কথনে কভু রত নাহিবে। নিজ গুণ কছিলে য়ণিতই ছইবে
গুণিগণ, গুণ সে বিগুণই গণিবে ॥
প্রভুকে ও চাটু বাক্য কথন না কছিবে ।
শক্তকেও কটু বাক্য কড় নাছি বলিবে ॥
গণেপতেও মিখ্যা কথা মুখে নাছি আনিবে ॥
পরনিন্দা পরছেষ কড়ু নাছি করিবে ॥
তেজস্বীর তেজসের, তত তুথ হয় না ।
তার তেজে যার তেজ, তার তেজ সয় না ॥
প্রথর রবির কর দেখ শিরে সয় ছে ।
তার তেজে বালি তাতে পদে সহ্য নয় হে ॥

যদি কোন ছোট লোকে বড় কথা কয় হে বড কথা কয়। বহতের ক্রোধ করা কভু ভাল নয় হে কভু ভাল নয়॥ শিশুপাল পাণ্ডবের সভা মাঝে ছিল হে সভা মাঝে ছিল। ক্রোধভরে বাস্থদেবে কত গালি দিল ছে কত গালি দিল ॥ অপরে সে কটু কথা সহিতে না পারে হে সহিতে না পারে। নীচ বে'থে মধুরিপু ক্ষমিলেন তারে হে ক্ষালেন তারে॥ মৃগেন্দ্র মেঘের মাদে প্রতিনাদ করে ছে প্রতিনাদ করে। লক্ষ নাছি করে যদি কেৰু ডেকে মরে ছে কেক ডেকে মরে ॥

কোকিল বিষম কাল, কিবা তার মাছে ভাল,
প্রকৃতি ও দেব তার বিষম অতি।
যে জন নিকটে যায়, সোজা চথে নাহি চায়,
তার প্রতি রাজ্য আঁথি ছয় কুমতি॥
পর শিশু বধ করে, ক্ষ-প্রত না রাথে ঘরে,
পালন না করে তারে রাথে বিদুরে।
স্থাকর স্থাকরে, তান্ শীতল করে,
কর্বায় রবের-ছলে ডাকে কুছরে॥
তবু সেই তুরাচার, প্রিয়তম সবাকার,
স্থার ঢাকিছে তার দোষ সকল।
তাই বলি শিশু সবে, কটু ভাষী নাহি হবে,
মধুর বচনে কলে বড় সুকল॥

রাজকৃষ্ণ মুখোপাধ্যায় কৃত মিত্রবিলাপ হইতে উদ্ধৃত।

মৃত মিতের পত্নীদর্শনে থেদ।
বিকট রাহুর করাল কবলে
বথা শশীকলা কালের কোশলে;
বিনা ঋতুপতি, যথা বসুমতি;
কিয়া ছিন্নরন্ত কুসম যেমতি;
আথবা মলিন দিবা যেমন
কুজ্মটিকা জালে যেরে যথন,
কিয়া মেব পালে, আক্রমে যেকালে,
দিনরতন;

দেথিলাম আজি বন্ধুর বনিতা, বিষময় শোকে বাাকুলা ললিতা। নয়নের জল, ঝারে অবিরল, উঠিতে বদিতে অঙ্গে নাছি বল। কি চুরন্ত কীট মাঝে পশিয়া কুসুম-সুষমা নিল হরিয়া; মোন্দার্যা কোথার, দেখি তুঃখে হায়,

স্থাংশু বিছনে যেমন যামিনী।
তমোবাদে তনু ঢাকি বিরহিণী
নীহারশ্রুড জল, বর্ষে অনর্গল,
দীর্ষশাস মাথে ছাড়িয়া কেবল;
মিত্রপত্নী, দশা সেরূপ তব;
অন্ধরার তুমি দেথিছ তব;
বিরহ বিকারে, আছ এ সংসারে

না কুটিতে ফুল, না ধরিতে ফল, ললিতা লতিকা লুটাও ভূতল। প্রাথম বস্তুনে, যে তক রতনে, আশ্রয় আশায়ে বাঁধিলে যতনে; কাল ঝড় কোথা হতে আসিয়া ফেলিল তুরা সে তক তুলিয়া; সে সেক্র্যা নাই, রয়েছ সদাই,

কেন অশ্রু জলে ভাসিছ নলিনী ? যে রবিরে ভাবি যাপিছ যামিনী, চির অন্ধকারে, চাকিয়াছে ভাঁরে। বিকট কালের অস্তাচলাগারে। সে ভিমির ভেদি কি সাধা উার দর্শন ভোমায় দিতে আবার। কেবল হৃদয়ে, সে রবি উদয়ে, এথন আর।

কেন রখা আর কাঁদ এজবালা
সহিতে না পারি বিরহের জালা ?
যে ক্রের অক্রের, নির্দ্দির কর্ম্বর,
লয়ে শ্যামগনে গেছে মধুপুর;
ভেবনা করিয়া যমুনা পার
আনিয়া সে ধনে দিবে আবার।
না পারে করিতে, ক্রন্দন সে চিতে,
দ্যা সঞ্চার।

এই নাকি সেই স্থেষে প্রতিমা?
এই স্নানমুখী সে চাক পূর্ণিমা,
যার মৃত্ হাসি, চন্দ্রিকার রাশি,
রপ্তিত নিয়ত নিকটনিবাসী;
যাহার আনন সুধার ধারে
সাজিত সংসার আনন্দ হারে;
শ্রী যার সহিত, সতত থাকিত,
সখী আকারে।

অরে কাল তোর নাহি কিছু মায়া;
সন্তাপহারিণী ছিল যেই ছায়া,
একি ব্যবহার, এরে তুরাচার ।
তাহারে হেরিলে জ্বল অনিবার
সুশীতল মনে যন্ত্রগানল ?
কেমন স্বভাব তোর রে খলা.

সুধা ছিল যথা, চালি কেন তথা, मिलि भत्तन।

কেন বন্ধু ভূমি হইলে এমন যে ছিল তোমার হৃদয়রতন অনায়াদে ভারে. অকল পাথারে. ফেলি চলি গেলে কোথাকারে? প্রেমের পুতলি ভাসিছে জলে ডোবে ডোবে শোক সাগর তলে: (कामला मतला, अवला विकला,

বিরহ বলে।

পলকে প্রলয় যাছার বিছনে দেখিতে সতত জাগি কি স্থপনে; হেলায় তাহারে, ভুলি একেবারে. একা রাখি গেলে মর্ভ্য কারাগারে। ধুলায় লোটায় সোণার কায় কে করে এথন সান্ত্রা ভায়? नश्रात्र काल, नमन मछाल. স্রোভ বহায়।

मृ जिर्जात कननी मर्मात थिन। কে মলিনী পাগলিনী পডিয়া ভূতলে, যেন ভিন্নবক্ষা শুক্তি ভূমে অচেতন क्षप्र मुक्छ। काल कतिरल इत्र ? কে ডুবিছে ওই শোক-সাগরের ভলে (यमन कमल-लंडा महमी कमरल মথন কমল কেছ তুলি লয় বলে ?

এই দীনা হীনা নাকি বন্ধুর জননী ?
ধূলি ধূবরিত কেশ, বলিন বসন,
নিরস্তর নীরধারা বর্ধিছে নয়ন।
কাঁদিছে কি তমোবাস পরিয়া ধরণী ?
গ্রাসিয়াছে তব রবি কালরূপ কণী।
আসিয়াছে ভরকর শোকের রজনী।

কেঁদ না কেঁদ না মাগো সম্বর রোদন।
অশ্রুদ জলে বাড়িবে কি সে ডক আবার,
কালের কুঠারে মূল কাটিরাছে যার?
দিন দিন করি ক্ষীণ আপান জীবন
ভারে কি জীবন দিডে করেছ মনন?
দীর্ঘশ্বাসে শ্বাস ভারে দিবে কি কথন?

পাদুশালা এসংসার, কেছ নহে কার।
এক দল আসে আর একদল যার;
আজি যার সঙ্গে দেখা কালি সে কোথার?
ইহাকে উহাকে বলি আমার আমার
মিছা রদ্ধি করে লোকে জীবনের ভার।
মারার বিকারে ঘটে এরপ বিচার।

বিচিত্র অঙ্কের কাঁচ থণ্ডের সমান বিবিধ বরণে মারা সাজার সকলি; কুৎসিত যা চলি যার মনোছর বলি। মারা-সহচরী আশা হরি সত্যজ্ঞান। চোদিকে অপূর্ব্ব পুরী কররে নির্মাণ; পলকে ভাহার আর না থাকে সন্ধান।

মনের পিপাসা নাছি মিটে ধরাতলে। মরীচিকা কুজুঝটিকা পারে কি কখন। ২০ শীতলসলিলত্যা করিতে হরণ?
প্রবেশিয়া স্থর্গপুরী ধরমের বলে
না করিলে স্থান মুক্তিসরোবর জলে,
না যায় মনের ভূষা, চুথে দেহ জলে।

মৃহ্ ক্র সুখদ সনে দর্শন এখানে বিজুলি ক্ষণেক খেলি জলদে লুকার; পলকান্তে ইন্দ্রধনু দেখা নাহি যার; উঠিতে উঠিতে রবি পূর্ববিদক্ পানে নীহার মুক্তা উড়ি যায় কোন খানে, কুসুম স্থ্যমা আর রহে না বাগানে।

কেন মা দ্বিগুণ তব বাড়িল রোদন ?
জ্বলিছে আমার মন শোকের অনলে,
ভাসিতেছি আমিও না নয়নের জলে;—
মা তুমি কেঁদ না আর—মুছ মা নয়ন—
কাঁদিয়া কি হবে? কর শোক সম্বরণ—
আমি আর উপদেশ কি দিব এথন?

কেঁদ না কেঁদ না মাগো কেঁদ না গো আর।
অনুক্ষণ মা বলিয়া ডাকিব ডোমায়,
ভিন্ন তুমি না ভাবিতে সখায় আমায়।
ভাব গো মা এক পুত্র গিয়াছে ডোমার;
অন্য পুত্র–ছতে তেটি হবে না সেবার।
কেঁদ না কেঁদ না মাগো কেঁদ না গো আর।

## হরিশ্চন্দ্র মিত্র প্রণীত রামায়ণ হইতে উদ্ধৃত।

ক্ষমা সম গুণ নাই কছে বুধগণ। क्रमानील हित्रस्थी आंगन्य-मप्त ॥ রীতি মত করিলে ক্ষমার ব্যবহার। উপকার বিনা নাছি হয় অপকার ম ধর্ম যথা একমাত শ্রেয়ের সাধন। বিদ্যা যথা একমাত্র ভৃপ্তির কারণ। ৰীৰ্য্য যথা এক মাত্ৰ যশের আধার। ক্ষমা সেই রূপ শান্তি সুখের আগার॥ ক্ষমাবর্দ্মে কলেবর আবরিত যার। সহস্র বিপদাঘাত কি কবিবে তার॥ তৃণ শূন্য স্থানে বহি ইইলে পতিত 1 বিনা যত্ত্বে আপনি হয় প্রশমিত। ক্ষমাশীলে বিপদ করিয়া আক্রমণ। আপনি পালায় নাহি করিতে যতন। ক্ষমার অংশেষ গুণ না যায় বর্ণন। कथन क्रमा नाहि पित विमक्कन ॥ পালিতালাভের তরে বিদ্যা অধায়ন ! শুন বলি পণ্ডিতের বিশেষ লক্ষণ॥ অর্থ লালসায় হয়ে ব্যাকুলিত মন। যেইজন ধর্মধন না ত্যকে কথন। আত্মজ্ঞান তিতিকা যাঁহার অলঙ্কার। তাঁরেই পণ্ডিত বলি পণ্ডিত কে আর ॥ নাল্ডিকের মতে যিনি কথন না যান। সাধুকার্য্য সাধনে যে সদা আছোবান ॥

পাপকার্য্য বিষবৎ পরিত্যজ্য ধাঁর।
তাঁরেই পণ্ডিত বলি পণ্ডিত কে আর ॥
যাঁর কার্য্য আর সাধু মন্ত্রণার ফল।
উদরের আগে নাছি জানে শতদল॥
সদত যে ডোযে করি নত্র ব্যবহার।
তাঁরেই পণ্ডিত বলি পণ্ডিত কে আর॥

নম: নম: নারারণ,
নিরময়, নিরপ্রেন,
সনাতন নিথিল কারণ,
তুমি নাথ অনুরাগে
এ বিশ্ব স্কায়া আগে
পরে তাহা করিছে পালন,
আবার কালেতে হরি,
সকল সংহার কবি

বিশ্ব থেলা করিবে নিংশেষ।
তুনি, রজঃ তমঃ সত্ত্ব,
কে জানে তোমার তত্ত্ব ?
তুনি তত্ত্বাতীত ত্রিলোকেশ।
নিজে তুমি স্পৃংশিনা,
কিন্তু করিতেছ পূর্ণ
অসংখ্যজনের অভিলাব।
তুমি স্কম তুমি স্থূল
পরমপদার্থ মূল,
সর্বাধার অজ অবিনাশ।
সবার ক্রদয়মাঝ
সর্বক্ষণ স্থ্রিরাজ,
অথচ রয়েছ দুর অভি।

তুমি সর্ব্ধ অন্তর্গামী অথিল বেন্ধাণ্ড স্থামী.

অগতির তুমি মাত্র গতি। হয়ে তুমি একমাত্র, না বিচারি পাতাপাত

সর্বতে সকলে বিরাজিত, সঞ্জানিক কণয়গেয়-

সপ্তসিদ্ধ স্থান্যায়-শায়ী, সপ্তসাম গায়

সপ্তস্বরে তব গুণগীত। মুমুক্ষু যোগীন্দ্রগণ বিষয় ছইতে মন

সযতনে করি আকর্ষণ, হৃদে স্থাপি জ্যোতিঃরূপে, ডুবি প্রেমানন্দ কূপে,

ধ্যান করে তব জীচরণ। অসীম মহিমা তব আমরা কি আর কব,

বাণী ভব পরাত্তব মানে, মনোনীত, বাচাতীত তমি নাথ সর্বাতীত,

তে†মার গরিমা কৈবা জানে ?

